বিকীর্ণেঃ কবচৈশ্চিত্রেঃ শিবস্ত্রাণৈন্চ মাবিষ।।
শুশুভে তদ্রণস্থানং শরদীব নভস্তলম্॥>৬॥
বিনির্ভিনাঃ শরৈঃ কেচিদন্ত্রাপীড়প্রকর্ষিণঃ।
অভীতাঃ সমবে শত্রনভ্যধাবন্ত দর্পিতাঃ॥>৭॥
তাত! ভ্রাতঃ! সথে। বন্ধো। বয়স্ত। স্থত! মাতুল!।
মা মাং পবিত্যজেত্যন্তে চুকুশুঃ পতিতা রণে॥>৮॥
অথাভ্যেতি ত্বমাগক্ষ কিং ভীতোহিদি ক যাস্তদি।
স্থিতোহহং সমবে মা ভোরতি চান্তে বিচুক্তুশুঃ॥>:॥

ভারতকোমূদী

নেতি। যোধৈর্যোদ্ধভি:। স্বায়ত ইতি হেতুস্তং বিশেষণম্ ॥১৫॥
বিকীপৈবিতি। বিকীপৈবিশিপৈঃ। শিবস্থাগৈরুফীবৈঃ॥১৬॥
বিনিবিতি। স্বস্থাণি নাডীবিশেষান্ স্বাপীডং ষথা স্থান্তথা প্রকর্ষন্তীতি তে॥১৭॥
তাতেতি। চুক্রুগুঃ স্বার্দ্তর্যবেণোচুঃ॥১৮॥
স্বর্থেতি। বিচুক্রুগুর্থখাসম্ভবম্কৈরচুঃ॥১৯॥

ভরতনন্দন! তৎকালে আপনার পুত্রগণের ও পাগুবগণের ষেকপ যুদ্ধ হইতে লাগিল, একপ যুদ্ধ কখনও দেখি নাই বা শুনিও নাই ॥১৪॥

যুদ্ধে নিপাতিত যোদ্ধগণে এবং পর্বতশৃঙ্গের আর নীলবর্ণ পতিত হস্তিগণে আরত থাকায় সমরাজনে রথ চলিবার পথ ছিল না ॥১৫॥

মাননীয় রাজা! নানান্থানে বিক্ষিপ্ত বিচিত্র কবচে এবং উফীষে দে সমর-ভূমিটা শরংকালের আকাশের স্থায় শোভা পাইতে লাগিল ॥১৬॥

কতকগুলি যোদ্ধা বাণের আঘাতে উদর বিদীর্ণ হওরার দাকণ যাতনার সহিত নাড়ী আকর্ষণ করিতে থাকিযা, সে অবস্থাতেও ভীত না হইরা দর্পদহকারেই সমরাঙ্গনে শত্রুগণের দিকে থাবিত হউতে লাগিল ॥১৭॥

'পিতা। ভাতা! দখা। বন্ধু। বরস্থা পুত্র। মাতৃল। আমাকে পরিত্যাপ করিবেন না বা পরিত্যাপ করিও না' এইভাবে যুদ্ধে নিপতিত দৈক্তেরা কাতর স্বরে বলিতে ধাকিল ॥১৮॥

⁽১৫) গলৈনিপতিতৈ: —পি বা। (১৭) বিনিভিন্নাননাং কেচিল্বস্তাপীডপ্রক্ষিণঃ। : अদীনা: —পি বা। (১৮) মম। মাতৃল। —বানি।

ভীষ (১৯)-১০৮

তত্র ভীষ্মঃ শান্তনবো নিত্যং মণ্ডলকাম্মুকঃ।
মুমোচ বাণান্ দীপ্তাগ্রানহীনাশীবিষানিব ॥২০॥
শবৈবেকাযনীকুর্বন্ দিশঃ সর্বা যতত্রতঃ।
বিব্যাধ পাণ্ডববথানাদিশ্যাদিশ্য ভারত। ॥২১॥
স নৃত্যন্ বৈ বথোপক্ষে দর্শযন্ পাণিলাঘবম্।
অলাতচক্রবদ্রাজন্। তত্র তত্র স্ম দৃগ্যতে ॥২২॥
তমেকং সমবে শূবং পাণ্ডবাঃ স্ফ্রাইর্ড সহ।
অনেকশতসাহত্রং সমপগুল্ত লাঘবাৎ ॥২৩॥
মায়াকুতাত্মানমিব ভীষ্মং তত্র স্ম মেনিবে।
পূর্দ্যস্তাং দিশি তং দৃষ্ট্যা প্রতীচ্যাং দদৃশুর্জনাঃ॥২৪॥

ভারতকোমুদী

তত্তেতি। মণ্ডলং দর্বদাকর্ষণাদ্গোলাকাবং কামু কং যশু সং। অহীন্ সর্পান্ ॥২০॥
শবৈবিতি। একম্মনম্ অবস্থা যাসাং তাঃ কুর্বন্ আবৃগন্নিত্যর্থঃ। পাণ্ডবানাং বথান্
রথাবোহিণঃ, আদিশ্যাদিশ্য বামং হন্মি শ্যামং হন্মীত্যেবমুল্লিখ্যোলিখ্য ॥২১॥

দ ইতি। অলাতচক্রবৎ ঘূর্ণিতাগ্নিদংসক্তকাষ্ঠবৎ নৃত্যন্ ॥২২॥ তমিতি। অনেকশতসাহস্রমিব, লাঘবাৎ সর্বব্ধে ক্রন্তন্ত্রমণাৎ ॥২৩॥ মাষেতি। মাযযা ক্কতা আত্মনো বহুনি শবীবাণি যেন তমিব ॥২৪॥

'আইন, তুমি আইন, কেন ভীত হইগাছ, কোথায় যাইবে ? আমি রহিয়াছি এবং যুদ্ধে ভীত হইও না' এইকপে গ্রন্থ গৈলেরা বলিতে লাগিল ॥১১॥

সেই সময়ে শান্তত্নন্দন ভীগ্ন ধনুথানাকে সর্বাদা মণ্ডলাকার করিয়া তীক্ষ-বিষ দর্পের স্থায় উজ্জলমুথ বাণ সকল নিক্ষেপ করিতে লাগিলেন ॥২০॥

ভরতনন্দন! ভীন্ম বাণ্ডারা সমস্ত দিক্ আর্ভ করতঃ, নাম উল্লেখ করিয়া করিয়া পাণ্ডবপক্ষের র্থীদিগকে বিদ্ধ করিতে ল'গিলেন॥২১॥

রাজা। তথন দেখানে দেখা গেল—ভাগ্ন লঘুহস্ততা দেখাইতে থাকিয়া রবের উপরে, ঘূর্ণিত অগ্নিযুক্ত কাষ্টের ফায় নৃত্য করিতেছেন ॥> ২॥

মহাবীর এক ভীম সমরাঙ্গনে জ্রুত ভ্রমণ করিতেছিলেন বলিয়া পাগুবগণ ও স্ঞায়গণ তাঁহাকে অনেক শভ সহস্রের ক্যায় দেখিতে লাগিলেন ॥:৩॥

সে স্থানের যোদ্ধারা ভীত্মকে পূর্ববিদকে দেখিরা তৎক্ষণাৎ পশ্চিমদিকে দেখিতে থাকিল, স্থতরাং তথন তাহারা ভীত্মকে মারার প্রভাবে বহুদেহধারী বলিয়া মনে করিতে লাগিল ॥>৪॥

⁽২১) জ্বান পাওববগানাদিশ্য ভবতর্বভ। —বা নি। ২২) চবন্ বৈ বথমার্গেমু — পি বা।

উদীচ্যাকৈবমালোক্য দক্ষিণস্থাং পুনঃ প্রভো!।
এবং স সমবে শ্বো গাঙ্গেয়ঃ প্রত্যদৃগ্যত ॥২৫॥
ন চৈবং পাণ্ডবেয়ানাং কন্চিচ্ছক্রোতি বীক্ষিতুম্।
বিশিখানেব পশ্যন্তি ভীম্মচাপচ্যুতান্ বহুন্ ॥২৬॥
কুর্ববাণং সমবে কর্ম্ম সৃদয়ানক্ষ বাহিনীম্।
ব্যাক্রোশন্ত বণে তত্র নবা বহুবিধা বহু।
অমান্তবেগ রূপেণ চবন্তং পিতবং তব ॥২৭॥
শলভা ইব বাজানঃ পতন্তি বিধিচোদিতাঃ।
ভীম্মাগ্রিমভিসংক্রুদ্ধং বিনাশায় সহস্রশঃ ॥২৮॥

ভাৰতকোমুদী

উদীচ্যামিতি। এবং শবান্ ক্ষিপন্তম্। দক্ষিণস্থাং তথৈবালোকষন্নিতি শেষঃ ॥২৫॥
নেতি। বীক্ষিতৃং ভীষ্ম্। বিশিখান্ বাণান্ ॥২৬॥
কুর্ব্বাণমিতি। স্থদবানং মন্দ্যন্তম্। ব্যাক্রোশন্তাভাবন্ত। ষট্পাদোহ্যং শ্লোকঃ ॥২৭॥
শলভা ইতি। শলভাঃ পতলাঃ, পতন্তি স্থা, বিধিচোদিতা দৈবপ্রেবিভাঃ ॥২৮॥

এবং রাজা। তত্ততা লোকেরা ভীত্মকে উদ্রেদিকে দেখিরা আবার দক্ষিণ-দিকে দেখিতে লাগিল; এইভাবে বীর ভীত্মকে সমরাঙ্গনে দেখা যাইডে থাকিল॥২৫॥

পাগুরপক্ষের কোন ব্যক্তিই ভীগ্নের প্রতি দৃষ্টিপাত করিতে সমর্থ হইল না; কিন্তু সকলেই ভীন্নকান্মুকনির্গত বাণই কেবল দেখিতে লাগিল ॥২৬॥ ৾

আপনার জ্যেষ্ঠতাত ভীম অমামুষকপে যুদ্ধে বিচরণ করিতে থাকিয়া দারুণ কার্য্য করিতে থাকিলেন এবং বিপক্ষবাহিনীকে আকুল করিঃ। তুলিলেন। তথন উভয়পক্ষের নানাপ্রকার লোকেরা যুদ্ধবিষয়ে ভীম্মদম্বন্ধে বছবিধ কথা বলিতে লাগিল॥২৭॥

পভঙ্গ-(ফড়িং) সমূহ যেমন দৈবপ্রেরিড হইয়া আপনাদের বিনাশের জক্সই যাইয়া অগ্নির মধ্যে পতিত হয়, সহস্র সহস্র রাজাও তেমন দৈবপ্রেরিড হইয়া আপনাদের বিনাশের জক্সই যাইয়া মহাক্রের ভীমের নিকট উপস্থিত হইডে লাগিলেন ॥২৮॥

⁽২৫) প্রতিবিধ্যন স সমবে-পি বা। (২৭) বীবা বছবিধং বছ-পি বা।

⁽২৮) বাজান: পশ্বস্তি শ্ব প্রমোহিতা:--রা নি।

নহি মোঘঃ শবঃ কশ্চিদাসীন্তীপ্মস্ত নংযুগে।
নবনাগাশ্বকাষেরু বহুত্বাল্লঘুযোধিনঃ ॥২৯॥
ভিনত্ত্যেকেন বাণেন শুমুখেন পতত্ত্রিণা।
গজং কস্কটসন্নদ্ধং বজ্রেণেব শিলোচ্চয়ম্ ॥৩০॥
দ্বৌ ত্রীনপি গজাবোহান্ পিণ্ডিতান্ বর্ণ্মিতানপি।
নাবাচেন শুমুক্তেন নিজ্বান পিতা তব ॥৩১॥
যো যো ভীপ্মং নবব্যান্ত্রমভ্যেতি বুধি কশ্চন।
মুহূর্ত্তদৃষ্টঃ স ময়া পতিতো ভুবি দৃশ্যতে ॥৩২॥
এবং সা ধর্মবাজস্য বধ্যমানা মহাচমূঃ।
ভীপ্মেণাতুলবার্য্যেণ ব্যশীর্য্যত সহস্রধা ॥৩৩॥
প্রাকম্পত মহাদেনা শব্র্ব্বাভিগীড়িতা।
পশ্যতো রাহ্মদেবস্য পার্থস্য চ মহাত্মনঃ ॥৩৪॥

ভারতকোমুদী

নহীতি। মোঘো ব্যর্থ:। বছছাৎ শবাণাম্, লঘুমোধিনো জ্রুতান্ত্রক্ষেপিণ: ॥২৯॥
ভিনত্তীতি। স্থ্যুথেন স্থতীক্ষেণ, পতত্তিণা কল্পক্ষবুজ্জেন। কল্পটনন্ধ্য বর্মাবৃত্যু।'
ছাবিতি। পিণ্ডিতান্ সমস্ত্রন্থিতান্, বশ্বিতান্ বর্মাবৃতান্ ॥৩১॥

য ইতি। ভীম্মস্ত লঘুহন্তমাদব্যর্থশক্ষমাচেতি ভাব: ॥৩২॥
এবমিতি। ধর্মরাজ্স্য যুধিষ্ঠিবস্তা। ব্যশীর্যাত বিচ্ছিরাভব্য ॥৩৩॥

যুদ্ধে ভীর্মের কোন বাণই মানুষ, হস্তী ও অশ্বের দেহে ব্যর্থ হয় নাই। কেন না, তাঁহার বাণও বহু ছিল, তিনিও ফ্রুভ অন্তক্ষেপ করিতে পারিভেন ॥২৯॥

ইন্দ্র যেমন বজ্রদ্বারা পর্বত বিদীর্ণ করেন, সেইন্বপ ভীম্ম এক একটা কঙ্কপত্রযুক্ত স্থতীক্ষ্ণ বাণদ্বারা বর্মান্থত এক একটা হস্তীকে বিদীর্ণ করিছে লাগিলেন ॥৩০॥

আপনার জ্যেষ্ঠতাত ভীম এক একটা স্থনিক্ষিপ্ত নারাচদ্বারা সমস্তে স্থিত বর্মাবৃতদেহ ছই তিন জন গজারোহীকেও বধ করিতে থাকিলেন ॥৩১॥

ষে যে লোক যুদ্ধে নরশ্রেষ্ঠ ভীম্মের নিকট যাইতে লাগিল, সেই সেই লোককেই আমি একটু একটু কালমাত্র দেখিতে পাইলাম, পরক্ষণেই ভূতলে পতিত দেখিতে লাগিলাম ॥৩২॥

ষ্পতুলবীর্য্য ভাষা এইভাবে বধ করিতে লাগিলে যুধিষ্ঠিরের দেই বিশাল দৈয় সহস্রভাগে বিচ্ছিন্ন হইয়া গেল ॥৩৩॥

⁽৩৪) প্রাকল্যত মহাসেনা—পি বা। পার্যস্থাধ শিথণ্ডিনঃ—বা নি।

যতমানাপি তে বীবা দ্রবমাণান্ মহাবথান্।
নাশক্লুবন্ বাবয়িত্বং ভীম্মবাণপ্রপীড়িতান্ ॥৩৫॥
মহেন্দ্রসমবীর্য্যেণ বধ্যমানা মহাচমুঃ।
অভজ্যত মহাবাজ । ন চ দ্বৌ সহ ধাবতঃ ॥৩৬॥
আবিদ্ধনরনাগাঝাং পতিতথ্যজকূববম্।
অনীকং পাণ্ডুপুত্রাণাং হাহাভূতমচেতনম্ ॥৩৭॥
জ্বানাত্র পিতা পুত্রং পুত্রশ্চ পিতবং তথা।
প্রিয়ং স্থায়ঞ্চাক্রন্দে স্থা দৈববলাৎ কৃতঃ ॥৩৮॥
বিমূচ্য কবচান্যন্যে পাণ্ডুপুত্রন্ত দৈনিকাঃ।
বিমূক্তকেশা ধাবন্তঃ প্রত্যদুগত্ত ভারত। ॥৩৯॥

ভারতকোমূদী

প্রেতি। পশ্যতঃ পশ্যন্তমনাদ্ত্যেতি অনাদ্বে ষষ্ঠা ॥৩৪॥

যতেতি। যতমানাপীতি বিসর্গলোপেংপি সন্ধিবর্ষিঃ। ল্রবমাণান্ প্লাষমানান্ ॥৩৫॥

মহেল্রেতি। মহেল্রসমবীর্ষ্যেণ তীম্মেণ। সহ মিলিম্মা ॥৩৬॥

আবিদ্ধেতি। আবিদ্ধা ভীম্মশবৈঃ সম্যুগ্ বিদ্ধা নবা নাগা ইন্তিনঃ অখাশ্চ যস্ত তৎ।

পতিতানি ধ্বদ্ধাঃ ক্রবাণি বথদাক্বিশোষাশ্চ যস্ত তৎ। হাহা তাদৃশশস্ক্রাবি ॥৩৭॥

দ্বানেতি। আক্রন্দে সম্বে, দৈববলাৎ ক্তো ল্রমেণাক্রীক্রতঃ ॥৩৮॥

ভীণ্মের শরবর্ষণে পীড়িডা দেই মহাসেনা মহাত্মা বৃষ্ণ ও অর্জুনের সমক্ষেই কম্পিড হইতে লাগিল ॥৩৪॥

পাগুৰপক্ষের মহারথেরা ভীত্মের বাণে বিশেষ পীডিত হইয়া পলায়ন করিডে লাগিলে অর্জ্নপ্রভৃতি বীরেয়া বিশেষ চেষ্টা করিয়াও তাহাদিগকে বারণ করিতে পারিলেন না॥৩৫॥

মহারাজ। ইন্দ্রের তুল্য শক্তিশালী ভীল বধ করিতে থাকিলে পাণ্ডবগণের বিশাল দেনা বিশ্লিষ্ট হইবা গেল; তুই জনও একদঙ্গে ধাবিত হইল না ॥৩৬॥

ভীথের বাণে মানুষ, হস্তী ও অধ সমাক্ বিদ্ধ হইলে এবং রপের ধ্বঞ্চ ও কুবর পড়িয়া গেলে পাশুবসৈতা কর্ত্ব্যবিমৃত হইষা হাহাকার করিতে লাগিল ॥৩৭॥

সেই যুদ্ধে দৈবের প্রতাবে ভ্রমে পতিত হইয়া পিতা পুত্রকে, পুত্র পিতাকে এবং সধা প্রিয়সখাকে বধ করিতে লাগিল ॥৩৮॥

⁽৩৭) আবিছবংনাগাশ্বন্-পি বা। (৬৮) ব্ৰচাংশ্চান্তে-প্ৰকীৰ্ণকেশা ধাৰম্ভ:-পি, প্ৰকীৰ্যকেশা:-বা।

তদৃগোকুলমিবোদ্প্রান্তমুদ্প্রান্তবথযুথপম্।
দদৃশে পাণ্ডুপুত্রেস্থ দৈন্তমার্তম্ববং তদা ॥৪০॥
প্রভজ্যমানং দৈন্তন্ত দৃষ্ট্বা যাদবনন্দনঃ।
উবাচ পার্থং বীভৎফং নিগৃহ্ বথমুত্তমম্ ॥৪১॥
জ্যাং দ কালঃ সংপ্রাপ্তঃ পার্থ। যঃ কাজ্ফিতন্তব।
প্রহ্বান্মৈ নবব্যান্ত্র। ন চেন্মোহাদ্বিমুহ্নদে ॥৪২॥
যত্ত্বযা কথিতং বীব। পুবা বাজ্ঞাং দমাগমে।
ভীম্মদ্রোণমুখান্ দর্ববান্ ধার্তবাষ্ট্রস্ত দৈনিকান্।
দানুবন্ধান্ হনিয়ামি যে মাং যোৎস্তন্তি দংবুগে ॥৪০॥
ইতি তৎ কুরু কোন্তেয়। দত্যং বাক্যমবিন্দম।।
বীভৎদো। পাণ্ড দৈন্তং স্বং ভজ্যমানং ততন্ততঃ ॥৪৪॥

ভারতকোমুদী

বিমৃচ্যেতি। বিমৃচ্য বিহাষ। কবচত্যাগং পাগুবদৈক্সচিহ্নপবিহাবার্থং ॥৩৯॥ তদিতি। উদ্প্রান্তং প্রমৃচ্য, উদ্প্রান্তাঃ প্রমৃত্য বথযুগপ্য বথিপ্রেষ্ঠা ষশ্য তং ॥৪০॥ প্রেতি। ষাদবনন্দনঃ কৃষ্ণঃ। বীভৎস্থমর্জ্জুন্ম, নিগৃহ্য সংস্থাপ্য ॥৪১॥ অযমিতি। অন্যৈ ভীদ্মাষ। ন চেন্মোহাধিমৃহ্নে গীতোপদেশাৎ পূর্বমিব ॥৪২॥ যদিতি। সমাগমে মেলনে। সাহ্যবন্ধান্ সাহ্যচবান্। যট্পাদোহ্যং শ্লোকঃ ॥৪৩॥

ভরতনন্দন ৷ অপর পাওবগৈম্মেরা বর্ণ্ম পরিত্যাগ করিরা মুক্তকেশ হইরা বেগে পলায়ন করিভেছে দেখিলাম ১৩১॥

তখন আরও দেখিলাম – পাগুবদৈতোরা গোসমূহের তায় কর্ত্তব্যবিমূঢ় হইয়া আর্তস্বরে হাহাকার করিতেছে এবং রখিশ্রেষ্ঠরাও কর্ত্তব্যবিমূঢ হইয়াছেন ॥৪॥

এই সময়ে কৃষ্ণ পাশুবদৈশ্যকে বিচ্ছিন্ন দেখিরা উত্তম রুধ্থানাকে ধামাইরা পৃধানন্দন অর্জ্নকে বলিলেন—॥৪১॥

'অর্জন। তুমি যে দময়ের আকাজফা করিয়া লাদিতেছ, এই দেই সময় উপস্থিত হইয়াছে; অতএব নরশ্রেষ্ঠ। তুমি যদি পূর্বের স্থায় মোহে বিমুগ্ধ না হইয়া ধাক, তবে ভীম্মকে প্রহার কর ॥৪২॥

বীর । তুমি পূর্বের রাজাদের নিকটে যে বলিয়াছিলে—'যাহারা সমরাঙ্গনে আমার সহিত যুদ্ধ করিতে আসিবে, আমি দেই ভীল্প-লোণ গ্রভৃতি অনুচর-বর্গের সহিত ছর্ব্যোধনের সমস্ত সৈন্তকে সংহার করিব'॥৪৩॥

⁽৪০) আর্ত্তম্ববং তথা—পি। (৪২) যভেংভিকাজ্জিত:। প্রহবম্ব—বা নি।

⁽৪৪) ভজ্যমান্**মিতন্তত:**—পি বা।

দ্রুবা হ সমবে ভীশ্মং ব্যাভানন্মিবান্তকম্ ॥৪৫॥
দৃষ্ট্বা হি সমবে ভীশ্মং ব্যাভানন্মিবান্তকম্ ॥৪৫॥
ভয়ার্ত্তাঃ প্রপলাযন্তে সিংহাৎ ক্ষুদ্রম্বগা ইব।
এবমুক্তঃ প্রভ্যুবাচ বাস্থদেবং ধনঞ্জয়ঃ ॥৪৬॥ (য়ুশ্মকম্)
নোদয়াশ্বান্ যতো ভীশ্মো বিগাহে তদ্বলার্ণবম্।
পাতয়িয়ামি দুর্দ্ধর্যং বৃদ্ধং কুরুপিতামহম্ ॥৪৭॥

সঞ্জয় উবাচ।

ততোহশ্বান্ বজতপ্রখ্যান্ নোদয়ামাস মাধবঃ।
যতো ভীন্ববথো বাজন্! ছুপ্তেমেলা বশ্মিবানিব ॥৪৮॥
ততন্তং পুনবার্ত্তং যুধিষ্ঠিববলং মহং।
দৃষ্ট্যা পার্থং মহাবাহুং ভীশ্বাযোগ্যতমাহবে ॥৪৯॥

ভারতকোমুদী

ইতীতি। ততততঃ স্থানাং, ভজামানং বিশ্লিম্ম পলাষ্মানম্ ॥৪৪॥
দ্ববত ইতি। দ্ৰবতঃ পলাম্মানান্। সিংহাৎ সিংহং দৃষ্ট্বা ॥६৫——৪৬॥
নোদ্যেতি। নোদ্য প্রেবয়। বিগাহে আলোড্যিম্মামি ॥৪৭॥
তত ইতি। বজতপ্রখ্যান্ বৌপ্যবং গুলবর্ণান্। বশ্বিবান্ স্থ্যঃ ॥৪৮॥

অরিন্দম! কুস্তীনন্দন! তুমি আজ দেই বাক্য সত্য কর। অর্জুন! দেখ—তোমার নিজের সৈম্ম নানাস্থান হইতে বিভক্ত হইয়া পলায়ন করিতেছে ॥৪৪॥

আরও দেথ—পাণ্ডবদেনার রাজারাও পলায়ন করিতেছেন এবং সিংছ দেখিয়া কুজ মুগেরা যেমন পলায়ন করে, দেইরূপ দৈন্ডেরা সমরাঙ্গনে প্রকটিত বদন যমের স্থায় ভীম্মকে দেখিয়া ভ্যার্ভ হইয়া পলায়ন করিতেছে। বৃষ্ণ এইরূপ বলিলে অর্জুন তাঁহাকে বলিলেন—॥৪৫—৪৬॥

'বেখানে ভীম রহিয়াছেন, দেই দিকে অশ্বগুলিকে চালিত কর, আমি আজ তাঁহার সৈত্যসমূজকে আলোড়ন করিব এবং ছর্ন্নর্থ বৃদ্ধ কুকপিতামহকে নিপাতিত করিব' ॥৪৭॥

সঞ্চয় বলিলেন—"রাজা। তাহার পর স্থা্যের ন্থায় ছদৃ শ্র ভীমের রথ যেথানে ছিল, সেই দিকে কৃষ্ণ রজতের আয় গুলুবর্ণ মধ্যগুলিকে চালাইয়া দিলেন ॥৪৮॥

^(8¢) দৃষ্ট্,1 তু—পি বা। (৪৬) ভযার্ভাঃ দংগ্রণগ্রন্তি দিংহম্—পি বা।

⁽⁸⁹⁾ क्रांक्यायान्-भिवा।

ততো ভীন্নঃ কুরুশ্রেষ্ঠিং সিংহবিদ্দিন্ মৃত্য়।
ধনঞ্জযবথং ভূর্ণং শববর্ধিরবাকিবৎ ॥৫০॥
কণেন স বথস্তত্য সহযঃ সহসাবপিঃ।
শববর্ধেন মহতা সংছনো ন প্রকাশতে ॥৫১॥
বাস্ত্রদেবস্ত্রসংল্রান্তো বৈর্ণ্যমান্তায সদ্ধান্।
চোদয়ামাস তানদান্ বিভিন্নান্ ভীল্লদায়কৈঃ ॥৫২॥
ততং পার্গো ধন্তুর্গ হ্ল দিব্যং জ্লাদনিস্বন্য্।
পাত্যামাস ভীল্লভ্র ধন্তুশ্ছিত্রা ব্রিভিঃ শবৈঃ ॥৫৩॥
স চিহ্লধন্মা কোবব্যঃ পুনব্যান্যহদ্দুরুঃ।
নিমেষান্তব্যাত্রেণ সজ্যং চক্রে পিতা তব ॥৫৪॥

ভারতকোমূদী

তত ইতি। আবৃত্তং বক্ষকলাভাৎ। ভীমান ভীমেন সহ সুহন্তবাদ চেন্ড তত ইতি। অবাকিবৎ আবৃণোৎ, নমুহন্ততাভিবেকাদিত্যাশ্যং ৫০০ ক্লেনেতি। সহয় অধনহিতঃ। সংচর আবৃতো ন প্রবাশতে সংগ্রহ বামিতি। অসংজ্ঞান্তঃ অবিচলিত্চিত্তঃ। মন্তবান্ বলবান্ ৫০ন তত ইতি। গৃহ গৃহীঝা, দিব্যং স্বর্গীয়ন্, হন্দ্দিস্থনং মেহবন্ধস্থীবন্ধনি ৫০৮ দ ইতি। কৌবব্যা ভীমঃ। সহান্ আবোপিতগ্রণম্ ॥৫৪॥

ভাহার পর মহাবাহু অজ্জুনিকে জীলের দহিত যুদ্ধ করিডে উন্নত দেখিয়া যুধিটিরের দেই বিশাল দেনা পুনরায় দমরাহনে প্রত্যাবৃত হইল ॥৪৯॥

তৎপরে কৌরবশ্রেষ্ঠ ভীত্ম মৃত্যুক্তঃ সিংহনাদ করিয়া বাণ্ডুস্টিদারা সহর অর্জুনের রধধানাকে মারত করিয়া ফেলিলেন ॥৫-॥

স্থ চরাং ক্ষণ কালমধ্যেই অর্জুনের দেই রথখানা অশ্ব ও দার্থির দহিত বিশাল শরবৃষ্টিতে আবৃত হইরা দৃষ্টিগোচর হইল না॥৫১॥

কিন্তু তথনও বলবান্ কৃষ্ণ ধৈৰ্য্য অবলম্বনপূৰ্ব্বক অবিচলিত থাকিয়া ভীমের বাণে বিদীর্ণদেহ সেই অশ্বন্তলিকে চালাইডে লাগিলেন ॥৫২॥

তাহার পর অর্জন জলদগন্তীরনাদী স্বর্গীয় গাণ্ডীব্ধনু ধারণ করিয়া তিনটা বাণদারা ভীত্মের ধনুথানাকে ছেদন করিয়া কেলিলেন ॥৫৩॥

ধমু ছিন্ন হইলে আপনার জ্যেষ্ঠতাত কৌরবনন্দন ভীগ পুনরায় অন্য বিশাল ধমু লইয়া তাহাতে নিমেষমধ্যে গুণারোপণ করিলেন ॥৫৪॥

⁽eo) কুরুশ্রেষ্ঠ ।—বা লি।

বিচকর্ষ ততো দোর্ভ্যাং ধনুর্জলদনিম্বনম্ ।
অথাস্থ তদপি ক্রুদ্ধশ্চিচেছদ ধনুরর্জ্নুনঃ ॥৫৫॥
তস্থ তৎ পূজয়ামাস লাঘবং শান্তনোঃ স্বতঃ ।
সাধু পার্থ ! মহাবাহো ! সাধু ভোঃ পাণ্ডুনন্দন ! ॥৫৬॥
অয্যেবৈতদ্যুক্তরূপং মহৎ কর্ম্ম ধনপ্রম় ! !
প্রীতোহ স্মি স্কৃত্রণং পুত্র । কুরু যুদ্ধং ময়া সহ ॥৫৭॥
ইতি পার্থং প্রশাস্থাথ প্রগৃহাস্থানাহদ্দসুঃ ।
মুমোচ সমবে বীবঃ শবান্ পার্থবর্থং প্রতি ॥৫৮॥
অদর্শয়দ্বান্থদেবে। হয়য়ানে প্রং বলম্ ।
মোঘান্ কুর্বন্ শবাংস্কস্থ মণ্ডলান্ ব্যাচরল্লঘু ॥৫৯॥
তথাপি ভীষ্মঃ স্লদৃহং বাস্থদেবধনপ্রয়ো ।
বিব্যাধ নিশিতৈর্বাণিঃ সর্ববগাত্রেরু ভাবত ! ॥৬০॥

ভারতকৌমূদী

বিচকর্ষতি। দোর্জাং বাছভ্যাম্, বিচকর্ষ ভীম্ম আচকর্ষ ॥৫৫॥
তত্তেতি। পূজ্যামান প্রশাশংস, লাঘবং ক্রতান্ত্রক্ষেপনৈপূণ্যম্ ॥১৬॥ .
ত্বনীতি। স্থাম্ অতীবাধিকম্, হে পূজ্ । পূজ্তুল্যম্বেহাস্পদ । ॥৫৭॥
ইতীতি। মুমোচ চিক্ষেপ, বীবো ভীম্মঃ ॥৫৮॥
আদর্শযদিতি। হ্যযানে অশ্বচালনে। মগুলাংশ্চ কুর্বন্, লঘু ক্রতম্ ॥৫৯॥
তথেতি। তথাপি মগুলাকাবেণ ক্রতবিচবণেহপি ॥৬০॥

তৎপরে তিনি বাহুযুগলঘারা জলদগম্ভীরনাদী সেই ধুমুখানাকে আকর্ষণ করিলেন; তথন ক্রুদ্ধ অর্জ্জুন ভীম্মের সে ধুমুখানাকেও ছেদন করিলেন ॥৫৫॥

তথন ভীম অর্জনের দেই লঘুহস্ততার প্রশংসা করিলেন (বলিলেন—) 'পৃধানন্দন! সাধু, মহাবাহু পাণ্ডুনন্দন। সাধু (৫৬॥

ধনপ্রর ! এই গুরুতর কার্ব্য ডোমাতেই সম্ভবপর । পুত্র । আমি ডোমার উপরে অত্যন্ত সম্ভষ্ট হইরাছি, ভূমি আমার সহিত যুদ্ধ কর'॥৫৭॥

এইভাবে অর্জুনের প্রশংসা করিয়। মহাবীর ভীম অন্ত বিশাল ধন্তু ধারণপূর্বক যুদ্ধে অর্জুনের রধের উপরে বহুতর বাণ নিক্ষেপ করিলেন ॥৫৮॥

এই সময়ে কৃষ্ণ অশ্বপরিচালনায় বিশেষ দক্ষতা দেখাইলেন। কেন না, ডিনি ভীম্মের বাণগুলিকে ব্যর্থ করিতে থাকিয়া যগুলাকারে ক্রন্ত বিচরণ করিতে লাগিলেন॥ধ৯॥

⁽৬০) তথা ভীষম্ভ স্থদৃচম্—বা নি। ভীষ (১৯)-১০৯

শুশুভাতে নবব্যান্ত্রো তো ভীম্মশ্ববিক্ষতো ।

গোর্যাবিব সংবন্ধো বিষাণোল্লেখানাক্ষিতো ॥৬১॥
পুনশ্চাপি স্থসংবন্ধঃ শবৈঃ শতসহস্রশঃ ।
কৃষ্ণযোভূশদংকুদো ভীম্ম আবাবযদিশঃ ॥৬২॥
বাফে যঞ্চ শবৈস্তীক্ষৈঃ কম্পাযামাস বোষিতঃ ।
মূহুবভার্দয়ন্ ভীম্মঃ প্রহস্থ স্থনবন্তদা ॥৬৩॥
ততন্ত কৃষ্ণঃ সমবে দৃষ্ট্বা ভীম্মপবাক্রমম্ ।
সংপ্রেক্ষ্য চ মহাবাহুঃ পার্থস্থ মূহুযুদ্ধতাম্ ॥৬৪॥
ভীঃ ক্ষ শবর্বাণি স্থজন্তমনিশং যুধি ।
প্রতপন্তমিবাদিত্যং মধ্যমাসান্ত সেনবাঃ ॥৬৫॥
ববান্ ববান্ বিনিম্নন্তং পাঞ্পুর্ক্ত্রেস্থ সৈনিকান্ ।
যুগান্তমিব কুর্বাণং ভীম্মং যৌধিষ্ঠিবে বলে ॥৬৬॥
অমৃদ্যমাণো ভগবান্ কেশবঃ পববীবহা ।
অচিন্তযদমেয়াত্মা নান্তি যৌধিষ্ঠিবং বলম্ ॥৬৭॥ (কলাপকম্)

ভারতকোমুদা

শুশুভাতে ইতি। গোর্ষাবিব ব্যভশ্রেষ্ঠাবিব। বিষাণং শৃঙ্গম্ ॥৬১॥
পুনবিতি। স্থসংবন্ধ অতীবোৎসাহিতঃ। কৃষ্ণযোঃ কৃষ্ণাৰ্জ্নযোঃ ॥৬২॥
বার্ফের্যমিতি। বার্ফের্যক্ষ কৃষ্ণমিপি। স্থনবৎ সশব্দম্ ॥৬৩॥
তত ইতি। মৃত্ অকিঞ্চিৎকবং যুদ্ধং যশ্ত স তস্ত ভাবস্তাম্। প্রতপত্তং পাণ্ডবসেনাম্।
বলে সৈত্যে। অমুক্তমাণঃ অসহমানঃ। নান্তি সর্ব্বনাশাদিত্যাশ্যঃ ॥৬৪—৬৭॥

ভরতনন্দন! ভথাপি ভীম স্থতীক্ষ বাণসমূহদ্বারা সমস্ত অঙ্গে কৃষ্ণ ও অর্জনকে অত্যন্ত গাঢ়ভাবে বিদ্ধ করিলেন ॥৬০॥

তখন ক্রুদ্ধ ছইটা মহাব্য বেমন পরস্পর শৃঙ্গাঘাতে রক্তাক্তদেহ হইরা শোভা পায়, সেইবাপ দেই নরশ্রেষ্ঠেরা ছই জন ভীখ্মের শরে বিক্ষত হইরা শোভা পাইতে লাগিলেন ॥৬১॥

অত্যন্ত উৎসাহিত ও মহাক্রুদ্ধ ভীম আবারও বহুসংশ্যক বাণদ্বারা কৃষ্ণ ও অর্জুনের সমস্ত দিক্ আবৃত করিলেন॥ ৮২॥

তথ্য ক্রেন্স ভীম বিকট হাস্ত করিয়া তীক্ষবাণদারা মুক্তর্ম্প্তঃ পীড়ন করিতে পাকিয়া কৃষ্ণকেও বিচলিত করিয়া তুলিলেন ॥৬৩॥

ভীম প্রবল পরাক্রম প্রকাশ করিতেছেন, অংচ অর্জ্ন মনোযোগনা দিয়া

⁽৬২) পুনশ্চাপি স সংক্রুদ্ধ:—বা,···কৃষ্ণযোর্যুধি সংবন্ধো ভীষ্ণঃ প্রাচ্ছাদ্যদিশঃ—বা নি l

1-

একাহ্না হি রণে ভীম্মো নাশ্যেদ্বেদানবান্।
কিমু পাণ্ডু স্থতান্ যুদ্ধে দবলান্ দপদানুগান্ ॥৬৮॥
দ্রবতে চ মহাদৈন্যং পাণ্ডবস্থ মহাত্মনঃ।
এতে চ কৌরবাস্তর্গং প্রভগ্নান্ বীক্ষ্য দোমকান্।
আদ্রবন্তি রণে হুক্টা হর্ষয়ন্তঃ পিতামহম্ ॥৬৯॥
দোহহং ভীম্মং নিহন্যান্ত পাণ্ডবার্থায় দংশিতঃ।
ভাবমেতং বিনেয়ামি পাণ্ডবানাং মহাত্মনাম্ ॥৭০॥
অর্জ্জনো হি শবৈস্তীক্ষৈবধ্যমানোহপি সংযুগে।
কর্ত্রব্যং নাভিজানাতি বণে ভীম্মন্ত গৌববাৎ ॥৭১॥

ভারতকোমুদী

অপবং কিমচিন্তযদিত্যাহ চতুর্ভিঃ। একেতি। সপদায়গান্ সায়চবান্ ॥৬৮॥

স্তবত ইতি। ত্রবতে পলাযতে। আরবেন্তি ক্রতমাগচ্ছন্তি। ষট্পাদোহ্যং শ্লোকঃ ॥৬৯॥

স ইতি। দংশিতঃ ক্রতসন্নাহঃ। ভাবং বিপক্ষসেনাপতিভূতভীম্মরপম্ ॥৭০॥

অর্জ্জন ইতি। বধামানোহপি আহত্তমানোহপি। কর্ত্তবাং প্রতিপ্রহাবম্ ॥৭১॥

অল্প অল্প যুদ্ধ করিতেছেন; তা'র পর, ভীম উভর্গৈল্যের মধ্যস্থানে আসিয়া অনবরত শরবর্ষণ করিতেছেন, সুর্য্যের ক্যায় পাশুব্দৈল্যকে সন্তপ্ত করিয়া তুলিয়াছেন, পাশুবগণের প্রধান প্রধান শৈল্য বধ করিতেছেন এবং যুধিষ্ঠিরের সৈল্যের মধ্যে বেন প্রলয় ঘটাইতেছেন—এই সকল ঘটনা দেখিয়া মহাবাছ অলোকিকশক্তিশালী ও বিপক্ষবীরহস্তা ভগবান্ কৃষ্ণ চিন্তা করিলেন—'যুধিষ্ঠিরের বল নষ্ট ইইল ॥৬৪—৬৭॥

কারণ, ভীম যুদ্ধে একদিনেই দেবগণ এবং দানবগণকেও সংহার করিতে পারেন, তাহাতে সৈত্য ও অন্তচরগণের সহিত পাশুবগণকে যে সংহার করিবেন, দে বিষয়ে আর বক্তব্য আছে কি ॥৬৮॥

মহাত্মা যুর্ধিষ্টিরের বিশাল নৈক্ত পলায়ন করিতেছে এবং এই কৌরবেরা নোমকদিগকে পলায়ন করিতে দেখিয়া আনন্দিত হইয়া ভীত্মকেও আনন্দিত করিতে ধাকিয়া ক্রেত যুদ্ধে আগমন করিতেছে ॥৬৯॥

এদিকে আমি যুদ্ধদজ্জায় দজ্জিত আছি; স্থতরাং আমি আজ পাণ্ডবদের জন্ম ভীম্মকে বধ করিব এবং মহাত্মা পাশুবগণের এই ভার অপনীত করিব ॥৭.॥

কারণ, অর্জ্ন ভীত্মের তীক্ষ্ণবাণে আছত হইতে থাকিয়াও তাঁহার প্রতি গৌরবনিবন্ধনই যুদ্ধত কর্ত্তব্য বিষয় ব্ঝিডেছেন না'॥৭১॥

(৬৮) কিরু পাণ্ড্স্তান্—বা নি। (৬৯) প্রাদ্রবন্তি রণে দৃষ্ট্বা—বা নি।

তথা চিন্তায়তন্তত্ত্ব ভূয় এব পিতামহঃ।

প্রেষয়ামাস সংক্রেদ্ধঃ শরান্ পার্থরথং প্রতি ॥৭২॥

তেষাং বহুত্বাৎ অ্বলাং শরাণাং দিশোহথ সর্বা পিহিতা বভূরঃ।
ন চান্তরীক্ষং ন দিশো ভূমির্ন ভাস্করোহদৃশ্যত রশ্মিমালী।

ববুশ্চ বাতান্তমূলাঃ সধুমা দিশশ্চ সর্বাঃ ক্রুভিতা বভূরুঃ॥৭০॥

দ্রোণো বিকর্ণোহথ জয়দ্রথশ্চ ভূবিপ্রবাঃ ক্রুভবর্মা ক্রপশ্চ।

শ্রেতায়ুব্স্বর্চপতিশ্চ বাজা বিন্দান্ত্রবিন্দো চ অ্বদক্ষিণশ্চ॥৭৪॥

প্রাচ্যাশ্চ সোবীবর্গণাশ্চ সর্বের বসাতয়ঃ ক্রুদ্রকমালবাশ্চ।

কিবীটিনং ত্বরমাণাভিসম্রুনিদেশগাঃ শান্তনবন্ত্র রাজ্ঞঃ॥৭৫॥ (যুম্মকম্)

তং বাজি পাদাত রথোঘ-জালৈবনেকসাহম্রশতৈর্দদর্শ।

কিবীটিনং সংপরিবার্যমাণং শিনের্নপ্রা বাবণযুথপৈশ্চ॥৭৬॥

ভারতকোমূদী

তথেতি। তন্মেত্যনাদ্বে ষষ্টা। ভ্যাং পুনং, পিতামহো ভীষ্কঃ ॥৭২॥
তেবামিতি। পিহিতা আর্তাঃ। ক্ষ্ভিতা বিচলিতা ইব। বট্পাদোহ্যং শ্লোকঃ ॥৭০॥
শ্রেণ ইতি। কলিদপতেঃ শ্রুতাবৃং প্রাণেব বিনাশাং অ্যমন্থ্র পতী বাজা শ্রুতাবৃবিত্যুক্তম্। ত্বমাণাভিদক্রবিতি বিদর্গলোহপি সন্ধিবার্বঃ ॥৭৪—৭৫॥
তমিতি। কিরীটিনমর্জ্বন্ম, সংপরিবার্ব্যমাণং পবিবেষ্ট্যমান্ম, শিনের্নপ্তা সাত্যকিঃ ॥৭৬॥

কৃষ্ণ এইবাপ চিম্ভা করিতেছিলেন, এই অবস্থাতেও ক্রুদ্ধ ভীত্ম পুনরার অর্জুনের রবের উপরে বাণক্ষেপ করিতে লাগিলেন ॥৭২॥

ভীঘের বাণগুলি অভান্ত অধিক ছিল বলিয়া সমস্ত দিক্ই আবৃত হইয়া গেল; এমন কি—আকাশ, দিক্, ভূমি বা কিংগেসমূহযুক্ত সূর্য্যকেও দেখা গেল না; আর ধ্মের সহিত ভূমূল বায়্ বহিত হইতে থাকিল এবং সকল দিক্ যেন কাঁপিতে লাগিল॥৭৩॥

ভাহার পর জোণ, বিকর্ণ, জয়জন, ভূরিশ্রবা, কৃতবর্দ্মা, কৃপ, অম্বর্চদেশাধিপতি শ্রুভাব্যু, বিন্দ, অমুবিন্দ ও সুদক্ষিণ এবং পূর্ববেদশীর, দৌবীরদেশীর, বসাভিদেশীর, কুত্রকদেশীর ও মালবদেশীর যোদ্ধারা সকলে ভীত্মের আদেশক্রমে সম্বর অর্জ্বের দিকে ধাবিত হইলেন ॥৭৪—৭৫॥

⁽৭০) তেবাং বছপাভ ভূশম্ · দিনশ্চ—বা নি। (৭৪) সর্বাঃ পিহিতা বভূবুঃ—পি বা। (৭৫) ছবমাণা বিসফ্রঃ—পি বা।



ততস্ত দৃষ্ট্বাৰ্জ্জনবাস্থদেবে পদাতিনাগান্ববিধঃ সমন্তাৎ।
অভিক্রতে শস্ত্রভূতাং ববিষ্ঠে শিনিপ্রবীবোহভিদদাব ভূর্ণম্ ॥৭৭॥
দ তাত্যনীকানি মহাধন্ম্মান্ শিনিপ্রবীবঃ সহসাভিপত্য।
চকাব দাহায্যমথার্জ্জনেস্থ বিষ্ণুর্যথা ব্লুত্রনিসূদনস্থ ॥৭৮॥
বিশীর্ণনাগান্তরথধ্বজোঘং ভীমেন বিত্রাসিত্সর্ববোধম্।
যুধিষ্ঠিরানীকমভিত্রবন্তং প্রোবাচ সংদৃশ্য শিনিপ্রবীরঃ ॥৭৯॥
ক ক্ষত্রিয়া বাস্থাথ নৈষ ধর্মঃ স্তাং পুরস্তাৎ কথিতঃ পূর্বাবিঃ।
মা স্বাং প্রতিজ্ঞাং ত্যজত প্রবীরাঃ। স্বং বীবধর্মং পরিপালয়ধ্বম্ ॥৮০॥

ভারতকোমুদী

তত ইতি। অভিক্রতৌ অভিন্যতৌ। অতিসসাব অভিন্নগাম ॥१৭॥
স ইতি। অনীকানি পাগুবদৈয়ানি। বৃত্তনিস্থদনস্থ বৃত্তহম্ববিদ্রস্থ ॥৭৮॥
বিশীর্ণেতি। অভিদ্রবস্তং পলায়সানম্। শিনিপ্রবীবং সাত্যকিং ॥৭৯॥
কেতি। হে ক্ষত্রিয়াং দৈয়ভূতাং। পুবাধৈং প্রাচীনৈর্ময়াদিভিং ॥৮০॥

ভথন দূর ছইতে সাত্যকি দেখিলেন—কুরুপক্ষের শত শত ও সহস্র সহস্র অশ্বারোহী, পদাতি, রথী ও গজারোহী আসিরা অর্জ্নকে পরিবেষ্টন করিতেছে॥৭৬॥

কৌরবপক্ষের পদাতি, গজারোহী, অশ্বারোহী ও রথীরা সকল দিক্ হইতে যাইয়া অন্ত্রধারিশ্রেষ্ঠ কৃষ্ণ ও অর্জ্নকে আক্রমণ করিতেছে দেখিয়া সাত্যকি সম্বর্ সেই দিকে ধাবিত হইলেন ॥৭৭॥

পূর্বকালে বিষ্ণু বেমন বৃত্তাস্থরযুদ্ধে ইন্দ্রের দাহায্য করিয়াছিলেন, দেইরপ মহাধন্নরি ও শিনিবংশত্রেষ্ঠ দাত্যকি ক্রত দেই দৈক্তগণের নিকটে উপস্থিত হইরা অজ্নের দাহায্য করিতে প্রবৃত্ত হইলেন ॥৭৮॥

ভীমের শরে যুধিষ্ঠিরের বহুতর গজারোহী, অন্নারোহী, রধারোহী দৈশ্য ও ধ্বল বিনষ্ট হইরাছে, জাবিত অবশিষ্ট সকল যোদ্ধাই ভীত হইরা পড়িয়াছে এবং অনেক দৈশ্য পলায়ন করিতেছে ইহা দেখিয়া দাত্যকি বলিলেন—॥৭৯॥

'ক্ষজিশ্বগণ। আপনারা কোধায় যাইবেন ? প্রাচীন শাস্ত্রকারেরা সজ্জনদের নিকটে এই পলায়নটাকে ধর্ম বলিয়া প্রকাশ করেন নাই। আর প্রধান বীরগণ। আপনারা নিজেদের প্রতিজ্ঞা ড্যাগ করিবেন না, স্বকীয় বীরধর্মই পালন ককন'॥৮০॥

⁽৭৮) স তাক্তনীকানি ধন্ন্মতাং ববং –পি বা। (৮০)···কথিতঃ পুবাণং। মাদ্ধ প্রতিজ্ঞাং—পি বা।

তান্ বাসবানন্তবজো নিশাম্য নবেন্দ্রখ্যান্ দ্রবতঃ সমস্তাৎ।
পার্থস্য দৃষ্ট্বা মৃত্যুদ্ধতাঞ্চ ভীম্মঞ্চ সংখ্যে সমৃদীর্গ্যমাণম্ ॥৮১॥
অমৃদ্রমাণস্ত ততো মহাত্মা যশস্বিনং সর্ববদশার্হভর্তা।
উবাচ শৈনেয়মভিপ্রশংসন্ দৃষ্ট্বা কুরুনাপততঃ সমগ্রান্ ॥৮২॥ (যুগ্মকম্)
যে যান্তি তে যান্ত শিনিপ্রবীব। যেহপি স্থিতাঃ সাত্মত। তেহপি যান্ত।
ভীম্মং বথাৎ পশ্য নিপাত্যমানং দ্রোণঞ্চ সংখ্যে সগণং ম্যান্ত ॥৮৩॥
ন সাবথেঃ সাত্মত। কৌববাণাং ক্রুদ্ধন্ত মৃচ্যেত বণেহত্য কশ্চিৎ।
তত্মাদহং গৃহ্য বথাঙ্গমুগ্রং প্রাণং হরিয়ামি মহাব্রতন্ত ॥৮৪॥
নিহত্য ভীম্মং সগণং তথাজো দ্রোণঞ্চ শৈনেয়। রথপ্রবীবৌ।
প্রীতিং কবিয়ামি ধনপ্রয়ন্ত বাজ্ঞণ্চ ভীমন্ত তথান্বিনোশ্চ ॥৮৫॥

ভারতকৌমুদী

তানিতি। বাসবানস্তরজ উপেন্দ্রঃ কৃষ্ণ ইতি যাবৎ, নিশাম্য দৃষ্ট্রা, প্রবতঃ পলাধমানান্। সমুদীর্য্যমাণম্ উৎসাহেন বর্দ্যমানম্। দশাহা বাদবাঃ ॥৮১—৮২॥

य ইতি। হে সাত্মত। সাত্মতবংশীয় ।। সংখ্যে যুদ্ধে, সগণং সাত্মচবম্ ॥৮৩॥
নেতি। সাবথেবর্জ্জনসাবথিভূতশু মম। বথাকং চক্রম্। মহাব্রতশু ভীদ্মশু ॥৮৪॥
নিহত্যেতি। বাজ্ঞো যুধিষ্ঠিবশু, অখিনোবশ্বনীকুমাবপ্রয়োর্নকুলসহদেবযোঃ॥৮৫॥

পাণ্ডৰপক্ষের প্রধান রাজ্ঞার। দকল দিকে প্রভারন করিতেছেন, অর্জুন কোমলভাবে যুদ্ধ করিতেছেন, ভীন্ম উৎসাহে বাড়িয়া উঠিয়াছেন এবং দমগ্র কৌরবদৈয়া অর্জুনের দিকে আদিতেছে—এই দমস্ত দেখিয়া যহপতি মহামা কৃষ্ণ দহা করিতে না পারিয়া যশসী দাত্যকির প্রশংদা করিয়া তাঁহাকে বলিলেন—॥৮১—৮২॥

'শিনিবংশ প্রবীর! দাৰত। দাত্যকি। ষাহারা যাইতেছে, তাহারা যাউক এবং যাহারা বহিয়াছে, তাহারাও যাউক। আমিই আজ যুদ্ধে অনুচরবর্গের দহিত ভীম ও জোণকে রধ হইতে নিপাতিত করিতেছি—দেখ ॥৮৩॥

নাভ্যকি! আজ কৌরবপক্ষের মধ্যে কোন ব্যক্তিই যুদ্ধে জ্রুদ্ধ পার্থনার্নধির নিকট হইডে মুক্তি পাইবে না; অভএব আমিই ভীষণ চক্র ধারণ করিয়া ভীগ্নের প্রাণ হরণ করিব॥ ৭॥

⁽৮১) নিশ্ম্য-পি বা। (৮২ জম্ম্মাণঃ দ ততঃ বা নি, ···আপততঃ দমস্তাৎ-পি বা। (৮৩) বে বান্তি যান্তেব—বা নি। (৮৪ ন মে বলে দাত্বত। ক্রোণং হনিম্যামি মহাব্রতঞ্চ—পি।

নিহত্য সর্বান্ ধ্বতবাষ্ট্রপুত্রাংস্তৎপাক্ষিকা যে চ নবেন্দ্রম্থাঃ। বাজ্যেন বাজানমজাতশক্রং সম্পাদযিয়াম্যহমত হুফঃ ॥৮৬॥ ইতীদমুক্ত্যা স মহামুভাবঃ সম্মার চক্রং নিশিতং পুবাণম্। হুদর্শনং চিন্তিতমাত্রমেব তস্থাগ্রহন্তং স্বয়মারুরোহ ॥৮৭॥ তচ্চক্রপদ্মং প্রগৃহীতমাজ্ঞো রবাজ নাবাযণবাহ্তনালম্। যথাদিপদ্মং তরুণার্কবর্ণং ববাজ নাবাযণনাভিজাতম্ ॥৮৮॥ তৎ কুফ্কোপোদয়সূর্য্যবুদ্ধং ক্ষুরান্ততীক্ষ্ণাগ্রহুজাতপত্রম্। তিস্তৈব দেহোরুসবঃপ্রমুড়ং ববাজ নাবায়ণবাহ্তনালম্ ॥৮৯॥

ভারতকৌমুদী

নিহত্যেতি। তৎপাক্ষিকা শ্বতবাষ্ট্ৰপুত্ৰপক্ষণাতিনঃ। সম্পাদ্বিস্থামি সংযোজ্যিস্থামি ॥৮৬॥ ইতীতি। মহাস্থভাবো মহাপ্ৰভাবঃ ক্লফঃ। অগ্ৰহত্তং হস্তাগ্ৰম্ ॥৮৭॥

তচ্চক্রং বর্ণষতি দ্বাভ্যাং তদিতি। নাবাষণত্ম নাহের্নাভিনালাজ্জাতম্, ভরুণার্কবর্গং নবোদিতস্থাবর্ণম্, আদিপদ্মং যথা ববাজ, তথা নাবাষণত্ম বাহুর্নালমিব ষত্ম তৎ, প্রগৃহীতং কুষ্ণেন ধুতম্, তৎ, চক্রং পদ্মমিব চক্রপদ্মম্, আজৌ যুদ্ধে ববাজ ॥৮৮॥

তদিতি। কৃষ্ণশ্য কোপ এব স্থান্তশ্য উদ্যেন বৃদ্ধ প্রকাশিতম্। বাজদন্তাদিদ্বাৎ স্থাপদশ্য প্রনিপাতঃ। ক্ষ্বশ্য অন্তবং ধাবাবং তীক্ষাগ্রঞ্চ তং স্থলাতানি পত্রাণি অবা এবং দলানি মশ্য তচ্চেতি তং। তশ্য কৃষ্ণশৈষ্ট্রব দেহ এব উক্ সহংস্বো জ্লাশ্যক্তর প্রক্লচমাক্লচং

শিনিনন্দন! আমি আজ অনুচরগণের দহিত রণিশ্রেষ্ঠ ভীম ও জোণকে নিহত করিয়া যুধিষ্ঠির, ভীম, অজ্জ্ন নকুল ও দহদেবের গানন্দ বিধান করিব ॥৮৫॥

আমি আজ ধৃতরাষ্ট্রের সমস্ত পুত্রকে এবং বে সকল প্রধান রাজা তাহাদের রহিরাছেন, তাহাদিগকে সংহার করিয়া আনন্দিত হইয়া রাজা যুধিষ্টিরকে রাজ্যে সংস্থাপিত করিব' ॥৮৬॥

এইভাবে এই সকল কথা বলিষা মহাপ্রভাবশালী কৃষ্ণ পুরাতন দেই সুধার চক্ত স্মরণ করিলেন এবং স্মরণ করামাত্রই সেই সুদর্শন্চক্র আসিয়া নিজেই কৃষ্ণের হস্তাথ্যে আরোহণ করিল ॥৮৭॥

পূর্বকালে জলশারী নারায়ণের নাভিনাল হইতে উৎপন্ন এবং নবোদিড সুর্য্যের স্থায় রক্তবর্ণ আদিপদ্ম যেমন শোভা পাইভ, দেইরূপ কৃফ্ণের বাহুনালধৃত পদ্মকুলা দেই সুদর্শনচক্র যুদ্ধে শোভা পাইতে লাগিল ॥৮৮॥

১৮৬) তৎপক্ষিণোষে—বানি। (৮৭ ইতস্ত্রবঃ শ্লোকাঃ পিবাব বান সন্তি।

ততঃ শ্বনভিং বন্ধদেবপুত্রঃ সূর্য্যপ্রভং বজ্রসইন্ত্রভুল্যম্।
ক্ষুরান্ত্রমুদ্ভ্রাম্য ভুজেন চক্রং বথাদবপ্লুত্য বিস্তন্ধ্য বাহান্ ॥৯০॥
সঙ্কমপ্যন্ গাং চবণৈর্মহাত্মা বেগেন কৃষ্ণঃ প্রস্নসার ভীগ্মম্।
মদান্ধমার্জো সমৃদীর্ণদর্পং সিংহো জিঘাংদন্নিব বাবণেক্রম্ ॥৯১॥ (যুগাকম্)
সোহভিদ্রবন্ ভীগ্রমনীকমধ্যে ক্রুন্ধো মহেক্রাববজ্বঃ প্রমাথী।
ব্যালন্থিপীতান্বরপ্লক্ চকাশে ঘনো যথা থে তড়িতাবনদ্ধঃ ॥৯২॥

ভারতকৌমুদী

জাতঞ্চ, নাবায়ণস্থ বাছবেব নালং যস্ত তচ্চ, তৎ চক্ৰপদ্মং ববাজ। অত সাঙ্গং রূপক-মলস্কাবং ॥৮৯॥

দ্বাভ্যাং যুগাকেন কৃষ্ণশ্র তদানীস্তনীং চেষ্টামাহ—তত ইতি। শোভনো নাভির্যাধিদ্বং যশু তং। উদ্প্রাম্য বিঘৃণ্য। বাহান্ অখান্। গাং ভূমিম্, চরণৈশ্চবণপাতৈঃ। প্রদ্যাব অভিদ্যাব। জিঘাংসন্ হস্তমিচ্ছন্, বাবণেক্রং হস্তিশ্রেষ্ঠম্॥৯০ —৯১॥

স ইতি। অনীক্স কৌববদৈক্তস্ত মধ্যে স্থিতমিতি শেষঃ, মহেক্সাববজ ইন্সান্থজঃ ক্লফঃ, প্রমাথী বিপক্ষালোডনকাবী। ঘনো মেঘঃ, থে আকাশে, অবনদো বেষ্টিতঃ ॥১২॥

এবং কৃষ্ণের ক্রোধকণ-সূর্য্যকর্তৃক প্রকাশিত, ক্লুরের স্থায় তীক্ষণার, অররণ-(ভিতরের তেরচা কাঠগুলিস্বকণ) দলযুক্ত, কৃষ্ণেরই দেহকণ সরোবরজাত ও তাহারই ৰাহুকণ-নালযুক্ত সেই স্থদর্শনচক্রকণ পদ্ম শোভা পাইতে থাকিল॥৮৯॥

তাহার পর বস্থদেবনন্দন মহাত্মা কৃষ্ণ দক্ষিণহস্তবারা স্থলধনাভিযুক্ত, স্থেয়র ছার উজ্জ্বন, দহস্র বজ্জের তুল্য প্রভাবশালী ও ক্ষুরধার দেই চক্রটাকে আঘূর্ণিত করিয়া, অধ্যগুলিকে ছাড়িয়া দিয়া, রথ হইতে লাকাইয়া পড়িয়া, চরণবিস্থাদে ভূতল কম্পিত করিয়া, সিংহ যেমন মদমত্ত দর্পিত মহাহস্তীকে বধ করিবার জক্ত বেগে ধাবিত হয়, দেইবাপ বেগে ভীত্মের প্রতি ধাবিত হইলেন ॥৯০—৯১॥

বিপক্ষবিনাশকারী ও লম্বিছ-পীতবদনধারী কৃষ্ণ জ্রুদ্ধ হইয়া বিপক্ষনৈষ্ট মধ্যস্থিত ভীম্মের প্রতি বেগে যাইডে থাকিয়া আকাশে বিহাৎপরিবেষ্টিত নৃতন মেঘের ফ্রায় শোভা পাইডে লাগিলেন ॥৯২॥

৯০) ক্ষ্বান্তমূত্য্য—বা নি। ৯২। বাল্যম্বিগীতান্তপটশ্চকাশে—পি বা,···ব্থা থেহচিবভাপিনদ্ধ:—পি,···ব্যালম্বিগীতান্ততটশ্চকাশে ঘনো যথা থেহচিবভাতিনবদ্ধ:—বা।

তমাত্তচক্রং প্রণদন্তমুক্তিঃ ক্রুদ্ধং মহেন্দ্রাবরজ্ঞং সমীক্ষ্য।
সর্বাণি ভূতানি ভূশং বিনেত্নঃ ক্ষয়ং কুরূণামিব চিন্তয়িত্বা ॥৯৩॥
স বাস্তদেবঃ প্রগৃহীতচক্রঃ সংবর্তমিয়নিব সর্বলোকম্।
অভ্যুংপতল্লোকগুরুরভাসে ভূতানি ধক্ষ্যমিব ধ্মকেতুঃ ॥৯৪॥
তমাত্রবন্তং প্রগৃহীতচক্রং দৃষ্ট্রা দেবং শান্তনবন্তদানীম্।
অসন্তমং তদ্বিচকর্ব দোর্ভ্যাং মহাধন্মগাণ্ডিবভূল্যঘোষম্ ॥৯৫॥
উবাচ ভীল্মস্তমনন্তপৌরুষং গোবিন্দমাজাববিমূচ্চেতাঃ।
এত্থেহি দেবেশ! জগনিবাস! নমোহস্ত তে মাধব! চক্রপাণে!॥৯৬॥
প্রসহ্ মাং পাত্য লোকনাথ! বথোত্তমাৎ সর্বশরণ্য! সংখ্যে।
হয়া হতস্তাপি মমাত্য কৃষ্ণ! শ্রেয়ঃ পরিমিন্নিহ চৈব লোকে।
সন্তাবিতোহস্মান্ধকর্ফিনাথ! লোকৈন্ত্রিভির্বীর! তবাভিষানাৎ ॥৯৭॥

ভারতকোমূদী

তমিতি। আত্তচক্রং গৃহীতচক্রম্। মহেন্দ্রাববজং রুঞ্ম্। বিনেত্রার্ত্তনাদং চক্রং ॥৯৩॥ স ইতি। সংবর্ত্তবিশুন্ প্রলম্ম প্রাপষিশ্রন্। ধৃমকেতৃবিশ্বিঃ ॥৯৪॥ তমিতি। আত্রবস্তমভিধাবস্তম্। বিচকর্ষ কর্ষণবিবোধিসক্ষোচং চকাব ॥৯৫॥ উবাচেতি। আজৌ যুদ্ধে, অবিমূচচেতাঃ কার্যানিরূপণপটুচিত্তঃ ॥৯৬॥

কৃষ্ণ ক্রুদ্ধ হইয়া চক্র ধারণ করিয়া উচ্চম্বরে বীরনাদ করতঃ আদিতেছেন দেখিয়া তত্তত্য লোকেরা কৌরবগণের বিনাশের চিস্তাই যেন করিয়া অত্যস্ত আর্তনাদ করিতে লাগিল ॥৯৩॥

জগদ্গুক কৃষ্ণ চক্র ধারণ করিয়া সমগ্র জগৎ সংহার করিবেন বলিয়াই যেন ধাবিত হটয়া, বনদহনকারী স্মির স্থায় প্রকাশ পাইতে লাগিলেন ॥৯৪॥

কৃষ্ণ চক্র ধারণ করিয়া বেগে আগমন করিতেছেন দেখিয়া ভীম্ম তথন বাহু-যুগলছারা থৈর্য্যসহকারে গাঙীবের ভূল্য গম্ভীরনাদী স্বকীয় ধন্থথানাকে সঙ্ক্চিড করিলেন ॥৯৫॥

এবং স্থিরচিত্ত ভীম সমরাঙ্গনে থাকিয়া অসীমশক্তিশালী কৃষ্ণকে বলিলেন— 'দেবেম্বর! জগতের আত্রার! আস্থন আস্থন, মাধব! চক্রপাণি! আপনাকে নমস্কার করি ॥৯৬॥

⁽৯৩) ক্ষম কুরণামিতি চিন্তযিত্বা—পি বা। (৯৪) সংবর্ত্তযিশ্বন্নির জীবলোকন্ পি বা। (৯৭) লোকৈপ্রিভিশ্চ প্রথিতপ্রভাব:—পি বা। ইতঃ শ্লোকাৎ পবং কিষন্ত: শ্লোকা মধ্যদেশীযপুত্তকেম্বধিকা দৃশ্বন্তে।

ভীম্ম (১৯)-১১০

বথাদবপ্ল,ত্য ততন্ত্ববাবান্ পার্থোহপ্যন্তুক্তত্য যতুপ্রবীবম্।
জ্ঞাহ পীনোত্তমলম্ববাহুং বাহ্বোর্হবিং ব্যায়তপীনবাহুঃ ॥৯৮॥
নিগৃহ্যমাণশ্চ তদাদিদেবো ভূশং সবোষঃ কিল চাত্মবোগী।
আদায় বেগেন জগাম বিফুর্জিফুং মহাবাত ইবৈকরক্ষম্ ॥৯৯॥
পার্থস্ত বিফত্য বলেন পাদে ভীম্মান্তিকং তূর্ণমতিদ্রবন্তম।
বলান্নিজ্ঞাহ হবিং কিবীটী পদেহথ বাজন্। দশমে কথঞিৎ ॥১০০॥
অবস্থিতঞ্চ প্রণিপত্য কৃষ্ণং প্রীতোহর্জ্জ্নঃ কাঞ্চনচিত্রমালী।
উবাচ কোপং প্রতিসংহবেতি গতির্জ্বান্ কেশব। পাগুবানাম্ ॥১০১॥

ভারতকোমুদী

প্রসন্থেতি । প্রসন্থ বলেন । শ্রেযো মধ্বলম্ । সম্ভাবিতঃ সম্মানিতঃ । ঘট্পাদোহযং শ্লোকঃ ॥৯৭॥

বথাদিতি। অক্সভত্য প*চাদগন্ধা। পীনৌ স্থলো উত্তমো স্থাদবো লগে দীঘোঁ চ বাহু শ্বন্থ তম। ব্যায়তো দীঘোঁ পীনো স্থলো চ বাহু যক্ত সঃ ॥ ৮॥

নিগৃছেতি। নিগৃহমাণশ্চ প্রিযমাণোহপি। জিফুমর্জ্জ্নম্ ॥৯৯॥ পার্থ ইতি। বিষ্টভা ধুরা। নিজগ্রাহ নিবর্ত্তবামাস। পদে পদক্ষেপে ॥১০০॥ অবেতি। কাঞ্চনী সৌবর্ণী চিক্রা চ মালা অস্থান্তীতি সং॥১০১॥

জগদীখর! সর্বশরণ্য! আপনি যুদ্ধে বলপূর্বক আমাকে রধ হইতে নিপাতিত করুন। কৃষ্ণ! আপনি আজ আমাকে বধ করিলেও ইহলোকে এবং পরলোকে আমার মজল হইবে। অন্ধকনাৰ! বৃষ্ণিপতি! বীর! আপনি আমার প্রতি ধাবিত হইয়াছেন বলিয়াই আমি ত্রিভূবনের লোকের নিকট সম্মানিত হইরাছি'॥৯৭॥

তাহার পর দীর্ঘ এবং স্থূলবান্ত অর্জ্বও রণ হইতে লাকাইয়া পড়িয়া দম্বর কুফের অনুদরণ করিয়া তাঁহার স্থূল ও সুন্দর দীর্ঘ বান্ত্যুগল ধারণ করিলেন ॥৯৮॥

অর্জন ধারণ করিলেও তথন মহাবায়ু (ঝড়) বেমন একটা বৃক্ষকে লইরা বেগে গমন করে, সেইবাপ আদিদেব, আত্মযোগী ও অভ্যস্ত ক্রেদ্ধ কৃষ্ণ অর্জ্জনকে লইরাই বেগে কিয়দ্দূর গমন করিলেন ॥৯৯॥

রাজা। কৃষ্ণ বেগে ভীমের দিকে যাইতেছিলেন, দেই অবস্থাতে পৃথানন্দন আজ্ন বলপূর্বক ভাঁহার চরণযুগল ধারণ করিয়া দশম পাদক্ষেপের সময়ে বলপূর্বক কোন প্রকারে ভাঁহাকে নিবর্জিত করিলেন ॥১০০॥

⁽२४) পार्थः भनाञ्च — शि वा। (>>) विशृष्ट्यानस्य — शि, ••• किल नाम त्यां मी — शि वा नि।

ন হাস্ততে কর্ম্ম যথাপ্রতিজ্ঞং পুত্রৈঃ শপে কেশব! সোদবৈশ্চ।
আন্তং কবিয়ামি যথা কুরূণাং স্বরাহমিন্দ্রানুজ ! সংপ্রযুক্তঃ ॥>০২॥
ততঃ প্রতিজ্ঞাং সমযঞ্চ তস্ত জনাদ্ধ নঃ প্রীতমনা নিশম্য।
স্থিতঃ প্রিয়ে কৌববসভ্রমস্ত বথং সচক্রঃ পুনবারুরোহ ॥>০৩॥
স তানভীযূন পুনবাদদানঃ প্রগৃহ্ম শদ্ধং দ্বিষতাং নিহন্তা।
নিনাদয়ামাস দিশো নভশ্চ স পাঞ্চজ্যস্ত রবেণ শৌবিঃ ॥>০৪॥
ব্যাবিদ্ধনিকাঙ্গদকুগুলং তং রজোবিকীর্ণাঞ্চিতপক্ষনেত্রম্।
বিশুদ্ধদংষ্ট্রং প্রগৃহীতশদ্ধং বিচুক্রুশ্তঃ প্রেক্ষ কুরুপ্রবীবাঃ ॥>০৫॥

ভারতকোমুদী

নেতি। হাস্ততে ত্যক্ষ্যতে। অন্তং নাশম্। সম্প্রযুক্তঃ সম্যাৎ, নিযুক্তঃ ॥১০২॥ তত ইতি। সময়ং শপথম্। প্রিযে প্রীতিজনকে কার্য্যে ॥১০৩॥ স ইতি। স প্রসিদ্ধা, অভীযূন্ অশ্ববজ্ঞা। শৌবিঃ কৃষ্ণঃ ॥১০৪॥

ব্যাবিদ্ধেতি। ব্যাবিদ্ধানি আন্দোলিতানি নিঙ্কং হাবঃ অঙ্গদে কেযুবে কুণ্ডলে চ যশ্ম তম্, বজোভির্ধু লিভিবিকীর্ণানি প্রাকৃস্পৃষ্টানি প্রথং অঞ্চিতানি ব্যাপ্তানি পক্ষাণি লোমানি যমোন্তে তাদৃশে নেত্রে যশ্ম তম্। বিশুদ্ধশৃষ্ট্রং নির্মালদৃস্তম্ ॥১০৫॥

কৃষ্ণ দাঁড়াইলে, সুবর্ণময়-বিচিত্র মাল্যধারী অর্জুন সম্ভষ্ট হইয়া প্রণিপাত করিয়া কৃষ্ণকে বলিলেন—'কেলব! তুমিই পাশুবগণের উপায়; স্থতরাং, তুমি ক্রোধের উপসংহার কব॥১০১॥

কৃষ্ণ ! আমি পুত্রগণ ও ভাতৃগণদারা শপথ করিতেছি—আমি যে বিষয়ে প্রতিজ্ঞা করিয়াছিলাম, দে কার্য্য আর ত্যাগ করিব না এবং উপেন্দ্র ! তোমার নিয়োগ অনুসারে কোরবগণকে বিনাশ করিব'॥১০২॥

ভদনন্তর অর্জুনের প্রিয়কার্য্যসম্পাদনতংপর কৃষ্ণ তাহার সেই প্রতিজ্ঞা ও শপধ শ্রবণ করিয়া সন্তুষ্ট হইয়া চক্র লইয়াই পুনরায় রথে আরোহণ করিলেন ॥১০৩॥

তৎপরে শক্রহন্তা কৃষ্ণ পুনরার বামহন্তে অশ্বরজ্ব এবং দক্ষিণ্হন্তে শঙ্খ ধারণ করিরা সেই পাঞ্চলভাশঙ্খের রবে সমস্ত দিক্ ও আকাশ নিনাদিত করিলেন ॥১০৪॥

ডংকালে তাঁহার কঠের হার, ৰাছর কেয়্র ও কর্ণের কুগুল ছলিতে লাগিল এবং পুর্কেই তাঁহার নয়নের লোমগুলি ধূলিতে ব্যাপ্ত হইয়াছিল, আর

⁽১০২) অন্তং গমিয়ামি পি বা। (১-৪) বিনাদ্যামাস—বানি। (১০৫) পদ্মনেত্রম্—রানি।

মৃদঙ্গভেবীপটহপ্রণাদা নেমিশ্বনা জুন্দুভিনিশ্বনাশ্চ।

সিসিংহনাদাশ্চ বভূবুরুগ্রাঃ সর্বেধনীকেয়ু ততঃ কুরণাম্ ॥১০৬॥
গাণ্ডীবঘোষঃ স্তন্যিজু কল্পো জগাম পার্থন্ত নভো দিশশ্চ।
জগ্মুশ্চ বাণা বিমলাঃ প্রসন্নাঃ সর্ববা দিশঃ পাগুবচাপমুক্তাঃ ॥১০৭।
তং কোরবাণামধিপো জবেন ভাম্মেণ ভূবিশ্রবসা চ দার্দ্ম্।
অভ্যুদ্যযাবুত্ততবাণপাণিঃ কক্ষং দিধক্ষন্নিব ধূমকেতুঃ ॥১০৮॥
অথার্জ্জনায প্রজিঘায ভল্লান্ ভূবিশ্রবাঃ সপ্ত স্থবর্ণপুদ্ধান্।
ছর্য্যোধনস্তোমবমুগ্রবেগং শল্যো গদাং শান্তনবন্দ শক্তিম্ ॥১০৯॥
স সপ্তভিঃ সপ্ত শবপ্রবেকান্ সংবার্য্য ভূবিশ্রবসা প্রযুক্তান্।
শিতেন ছুর্য্যোধনবাত্তমুক্তং ক্ষুবেণ তত্তোমবমুন্মমাথ ॥১১০॥

ভারতকোমুদী

মৃদক্ষেতি। নিমিম্বনাং চক্রান্তশকাং। অনীকেষু সৈত্যেয়ু ॥১০৬॥ গাণ্ডীবেতি। অনিষিদ্ধু,কল্পে। মেঘধনিতুল্যং। পাণ্ডবচাপন্তা অর্জ্নধন্তনিংহতাং॥১০৭॥ তমিতি। কৌববাণামধিপো ত্র্যোধনং, জবেন বেগেন। কক্ষং তৃণবাশিম্॥১০৮॥ অথেতি। প্রজিঘায নিচিকেপ। শান্তনবো ভীম্মঃ॥১০৯॥

মূথের ভিতর নির্মাণ দম্ভ ও হত্তে শঙ্খ ছিল; এহেন কৃষ্ণকে দেধিয়া কুরুপক্ষের যোদ্ধারা কোলাহল করিয়া উঠিলেন ॥১•৫॥

তাহার পর সমস্ত কৌরবদৈত্যের মধ্যে মুদঙ্গ, ভেরী, পটহ, র্থচক্রে ও ছুন্মুভির শব্দ এবং ভীষণ সিংহনাদ হইতে লাগিল ॥১০৬॥

জ্ঞানে মেঘগর্জনের স্থায় গম্ভীর এজ্নের গাণ্ডীবধ্বনিও সমস্ত দিকে ও আকাশে প্রস্ত হইতে ধাকিল এবং তাঁহার ধন্তু হইতে নির্গত নির্মাল ও সরল বাব সকল সমস্ত দিকে যাইতে লাগিল॥ ১০০॥

এই সময়ে উত্তোলিত-বামহস্ত কৌরবাধিপতি তুর্ব্যোধন ভীম্ম ও ভূরিশ্রবার সহিত মিলিত হইয়া ভূণরাশিদহনেচ্ছু অগ্নির ক্যায় বেগে অর্জ্নের দিকে ধাবিত হইলেন ॥১০৮॥

তাহার পর ভূরিশ্রবা স্বর্ণপুশ্ব সাতটা ভল্ল, তুর্ব্যোধন ভর্ক্ষয় বগদালী একটা তোমর, শল্য একটা গদা এবং ভীম্ম একটা শক্তি অর্জ্জ্নের প্রতি নিক্ষেপ করিলেন ॥১•৯॥

⁽১০৬) মৃদঙ্গভেবীপণৰপ্ৰণাদাঃ—বা নি। (১১০) ভ্বিশ্ৰবসা প্ৰম্কান্ ···বা, ··ভ্বিশ্ৰবসা বিস্টান্—রা নি।

ততঃ শুভামাপততীং দ শক্তিং বিক্যুৎপ্রভাং শান্তনবেন মুক্তাম্। গদাঞ্চ মদ্রাধিপবাহুমুক্তাং দ্বাভ্যাং শবাভ্যাং নিচকর্ত্ত বীবঃ ॥>>>॥ ততো ভুজাভ্যাং বলবদ্বিকৃষ্য চিত্রং ধনুর্গাণ্ডিবমপ্রমেয়ম্। মাহেন্দ্রমন্ত্রং বিধিবৎ স্থাবোরং প্রাকুশ্চকাবাদ্ভূতমন্তবীক্ষে ॥>>২॥ তেনোত্তমান্ত্রেণ ততো মহাত্মা দর্ব্বাণ্যনীকানি মহাধনুত্বান্। শবোহজালৈবিমলাগ্রিবর্ণৈনিবাব্যামাদ কিবীটমালী ॥>>৩॥

ভারতকৌমুদী

স ইতি। শবপ্রবেকান্ বাণশ্রেষ্ঠান্, "ক্লীবে প্রধানং প্রমুথ প্রবেকান্নন্তমোত্তমাঃ" ইত্যমবঃ। শিতেন শাণপাষাণঘর্ষিতেন, ক্লবেণান্তেণ, উন্মমাথ চিচ্ছেদ ॥১১০॥

তত ইতি। গুভাং প্রযোক্ত্র্যন্ধলন্ধনিকাম্, আপততীমাপতন্তীমাগচ্চন্তীম্ ॥১১১॥ তত ইতি। বলবৎ সাতিশন্ম। অপ্রয়েষম্ অজ্ঞেবপ্রভাবম্ ॥১১২॥ তেনেতি। অনীকানি কৌববদৈয়ানি। কিবীটমানী অর্জ্জ্নঃ ॥১১৩॥

ভারতভাবদীপঃ

প্রতিজ্ঞাতে ইতি ॥১—৩০॥ পিণ্ডিতান্ একস্থান্, বন্মিতান্ কবচিনঃ ॥৩১—৩৮॥ আক্রন্দে যুদ্ধে ॥৩৯—৮২॥ সমৃদীর্ঘ্যাণং বর্দ্ধমানপ্রযক্ষ্ম ॥৮৩—৮৬॥ অশ্বিনোবশ্বিপুত্রবোর্নকুলসহদেবয়োঃ
॥৮৭—১০৯॥ প্রক্রিঘাষ প্রেষ্যামাস ॥১১০॥ শবপ্রবেকান্ বাণশ্রেষ্ঠান্ ॥১১১—১৩৮॥
ইতি শ্রীমহাভাবতে ভীম্মপর্বণি নৈলক্ষীযে ভাবতভাবদীপে উনষ্টিতমোহধ্যাযঃ ॥৫৯॥

তখন অর্জন সাতটা বাণদ্বারা ভূরিশ্রবার সেই সাতটা ভল্লকে নিবারণ করিয়া একটা নিশিভ ক্লুরাজ্বদারা ত্র্যোধননিক্ষিপ্ত সেই ভোমরটাকে ছেদন করিলেন ॥১১০॥

নিক্ষেপকারীর মঙ্গলঙ্গনক ও বিহাতের তার উজ্জ্ব সেই ভীমনিক্ষিপ্ত শক্তি এবং শল্যনিক্ষিপ্ত গদা আদিতে লাগিলে, মহাবীর অর্জ্ন তৃইটা বাণদ্বারা সে হুইটাকে ছেদন করিলেন ॥১১১॥

তাহার পর অর্জুন বাহুযুগলদারা বিচিত্র গাণ্ডীবধমুখানাকে অত্যন্ত আকর্ষণ করিয়া আকাশে যথাবিধানে অজ্ঞেরপ্রভাব, অতিভয়ঙ্কর ও অভ্তুতশক্তি মাহেক্স অস্ত্র আবিষ্কার করিলেন ॥১১২॥

তৎপরে মহাত্মা ও মহাধমুর্দ্ধর অর্জ্বন সেই উত্তমান্ত্রের প্রভাবে আবির্ভূত নির্মান ও অগ্নির স্থায় পিঙ্গলবর্গ খরসমূহদারা বিপক্ষের সমস্ত সৈম্ভকে নিবারণ করিলেন॥১১৩॥

⁽১১**১) আপততীঞ্**শক্তিম্—পি বা ৷

শিলীমুখাঃ পার্থবন্থবিস্টা রথাদ্বজাগ্রাণি ধন্ংষি বাছুন্।
নিকৃত্য দেহান্ বিবিশুঃ পবেষাং নবেন্দ্রনাগেন্দ্রত্বঙ্গমাণাম্ ॥১১৪॥
ততো দিশঃ দোহনুদিশন্চ পার্থঃ শবৈঃ হুধাবৈঃ দমবে বিভত্য।
গাণ্ডীবশব্দেন মনাংসি তেষাং কিবীটমালী ব্যথয়াঞ্চকাব ॥১১৫॥
তিস্মিংস্তথা ঘোবতমান্ত্রযুদ্ধে শন্থাস্থনা তুল্ফুভিনিস্থনান্চ।
অন্তর্হিতা গাণ্ডিবনিস্বঘেন বভূবুরুগ্রাশ্চ রথপ্রণাদাঃ ॥১১৬॥
গাণ্ডীবশব্দং তমথো বিদিন্ধা বিবাটবাজপ্রমুখাঃ প্রবীবাঃ।
পাঞ্চালবাজো ক্রপদশ্চ বীবস্তং দেশমাজগ্মুবদীনসন্তাঃ ॥১১৭॥
সর্বাণি সৈন্থানি তু তাবকানি যতো যতো গাণ্ডিবজঃ প্রণাদঃ।
ততস্ততঃ সম্মতিমেব জগ্মুর্ন তং প্রতীপোহভিস্নাব কন্চিৎ ॥১১৮॥

ভারতকোমুদী

শিলীতি। শিলীম্থা বাণা:। নিক্বত্য ছিম্বা। নাগেন্দ্রা হস্তিশ্রেষ্ঠা:॥১১৪॥
তত ইতি। অহুদিশো বিদিশঃ। বিতত্য ব্যাপ্য। তেষাং পরেষাম্॥১১৫॥
তশ্বিনিতি। অন্তহিতা অভিভূতা ইত্যর্থঃ। বথপ্রণাদা বথচজুশব্যঃ॥১১৬॥
গাণ্ডীবেতি। "কপিধ্বজন্ম গাণ্ডীবং গাণ্ডিবং পুংনপুংসকম্" ইত্যমবোক্তেদীর্ঘহ্রেডিযেকারমধ্য এবায়ং শব্যঃ। বিদিন্ধা আকর্ণ্য। অদীনসন্ধা অকাতবন্ধভাবাঃ॥১১৭॥
সর্বাণীতি। সন্নতিং প্রাজ্যস্থচিকামবনতিম্। প্রতীপঃ প্রতিকৃলঃ সন্॥১১৮॥

তদনন্তর অর্জনের গাণ্ডীবনিক্ষিপ্ত বাণসমূহ যাইয়া বিপক্ষদৈত্যের রথধ্বজ, ধন্তু ও বাহু দকল ছেদন করিয়া দেই পক্ষের পদাতি, হস্তী ও অথগণের দেহেও প্রবেশ করিতে লাগিল ॥১১৪॥

ভাহার পর অর্জ্ন স্থার বাণসমূহদারা সমরাজনের দিক্ ও বিদিক্ ব্যাপ্ত করিয়া গাণ্ডীবশব্দদার। বিপক্ষদৈক্ষের মন্ত বিত্তত করিলেন ॥১১৫॥

সেই অতিভয়ঙ্কর অস্ত্রযুদ্ধে শত্থধনি, ছুন্দুভিধ্বনি ও ভীষণ রুধচক্রের শব্দ গান্ডীবের শব্দে অভিভূত হইল ॥১১৬॥

তাহার পর পাঞ্চালদেশের রাজা বীর ফ্রেপদ এবং বিরাটপ্রভৃতি অকাতর-স্বভাব প্রধান বীরেরা দেই গাণ্ডীবের শব্দ শুনিরা দেই স্থানে আসিলেন ॥১১৭॥

তথন যেদিকে যেদিকে গাণ্ডীবের শব্দ হইতে লাগিল, সেই দিকে সেই দিকেই আপনার সকল সৈত্য অবনত হইতে থাকিল; কিন্তু কোন সৈত্যকেই প্রতিকূল হইয়া সেই শব্দের দিকে গেল না ॥১১৮॥

⁽১১৪) বথান্ ধ্বজাগ্রাণি—ব। ব বা নি। (১১৬) তথা ঘোবতমে প্রবৃত্তে
ভগ্রাশ্বরণপ্রেণাদা:—রা নি। (১১৭) প্রমুখা স্থবীবাঃ—পি বা।

তিন্মন্ স্থাবে নৃপ ! সম্প্রহারে হতাঃ প্রবীবাঃ সবগাপ্যসূতাঃ ।
গজান্চ নাবাচনিপাততপ্তা মহাপতাকাঃ শুভরুব্যকক্ষাঃ ॥>>৯॥
পবীতসন্ত্রাঃ সহসা নিপেতুঃ কিবীটিনা তত্র বিভিন্নকায়াঃ ।
দৃঢ়াহতাঃ পত্রিভিরুগ্রবেকাঃ পার্থেন ভল্লৈবিমলৈঃ শিতাগ্রেঃ ॥>২০॥
নিকুত্তবন্ত্রা নিহতেক্রজালা ধ্বজা নৃপাণাং ধ্বজিনীমুখেরু ।
পদাতিসংঘান্চ বর্থান্চ সংখ্যে হ্যান্চ নাগান্চ ধনঞ্জযেন ॥>২>॥
বাণাহতান্ত্র্নমপেতসন্ত্রা বিশ্রংস্থ শস্ত্রাণ্যথ পেতুরুর্ব্যাম্ ।
ঐক্রেণ তেনাদ্রববেণ বাজন্ ! মহাহবে ভিন্নতন্ত্রকায়াঃ ॥>২২॥

ভারতকোমুদী

তশিন্নিতি। সম্প্রহাবে যুদ্ধে। নারাচনিপাতেন তপ্তা: পীডিতা:, মহত্য: পতাকা যেযু তে, গুড়া মনোহবা র ব্লকক্ষ্যা: খর্ণনিশ্মিতমধ্যবন্ধনবজ্জবো যেষাং তে ॥১১৯॥

. প্ৰীতেতি। প্ৰীতদন্ধা তত্তদাঘাতেন গতবলাঃ। প্ৰিভিঃ ক্স্পেত্ৰযুক্তৈঃ ॥১২०॥

নিক্তত্তেতি। নিক্তত্তানি ছিল্লানি যন্ত্ৰাণি কিঞ্চিণীধাৰকাণি যেবাং তে, নিহতানি ইন্দ্ৰজালানি উন্দ্ৰজালিকন্ত্ৰব্যবং প্ৰতীণমানানি শৃঙ্গাণি যেবাং তে। হতা ইতি শেষ: ১১২১॥

বাণেতি। হে বাজন্। অথ, মহাহবে মহাযুক্তে, তেন ঐক্রেণ অন্তববেণ তংপ্রযোগেণ হেতুনা, বাণৈত্তরিগতৈঃ শবৈবাহতাঃ, অতএব ভিন্না বিদীর্ণাঃ তত্ত্তকায়া বর্মদেহা যেষাং তে তাদৃশাঃ কৌববদৈয়াঃ, অপেতসন্বান্তিবোহিতবলাঃ সন্তঃ, শস্থাণি অবধৃতান্তাযুধানি, বিজ্ঞান্ত অবসাদেন হন্তশৈথিল্যাদেব নিপাত্য উর্ব্ব্যাং ভূতলে পেতুঃ ॥১২২॥

রাজা। সেই ভীষণ যুদ্ধে, রথ, অশ্ব ও দার্থির সহিত প্রধান প্রধান বীরেরা নিহত হইতে লাগিলেন এবং বিশাল পতাকাসম্থিত ও স্থলর স্থারিজ্বজ হন্তী দক্ল অর্জুনের নারাচের আঘাতে পীডিত হইতে থাকিল ॥১১৯॥

কিরীটধারী অর্জ্নের ভয়স্করবেগযুক্ত, ক্ষপত্রদম্ঘিত, নির্মান ও স্থার ভল্লদমূহের আঘাতে বহুতর দৈক্তই বিদীর্ণদেহ, ভীষণ আহত ও হুর্ফাল হইয়া ভংক্ষণাং দেইস্থানে প্রতিত ইইডে কাগিল ॥১২০॥

অর্জুন বিপক্ষদৈষ্টের সমুখবর্তী রাজগণের ধ্বজগুলির কিন্দিণীযন্ত্র ও উল্লেখ্য শৃস্দকল ছেদন করিলেন এবং যুদ্ধে পদাতি, রং, অহা ও হস্তীদকল বিনাশ করিলেন ॥১২১॥

রাজা। জ্ঞামে মহাযুদ্ধে সেই দাবণ এতং শ্রু হইতে বাণদকল নির্গত হইয়া আঘাত করিতে থাকিলে এবং বর্ষ ও দেহ বিদারণ করিতে লাগিলে,

⁽১২০) व्यारक्षात्रवायाः। मृहः व्याः—द। मि। (১२১) निरादक्कीलाः—द। मि। (১২২) दिहेन गांजानि निराद्कक्याम्—द। मि।

ততঃ শর্বোঘিনশিতৈঃ কিবাটিনা নৃদেহশস্ত্রক্ষতলোহিতোদা।
নদী স্থবোবা নরমেদফেনা প্রবর্তিতা তত্র বণাজিরে বৈ ॥১২৩॥
বেগেন সাতীব পৃথপুরবাহা পবেতনাগাশ্বশরীরতীরা।
নবেন্দ্রমজ্জোচ্ছিত্রমাংসপঙ্কা প্রভূতরক্ষোগণভূতসেবিতা ॥১২৪॥
শিবঃকপালাকুলকেশশাদ্বলা শরীবসংঘাতসহস্রবাহিনী।
বিকীর্ণনানাকবচোন্মিদঙ্কুলা নবাশ্বনাগান্থিশবীবশর্করা ॥১২৫॥ (যুগ্মকম্)

ভারতকোমুদী

অথার্জ্বনপ্রবন্তিতাং বক্তনদীং বর্ণযতি। তত ইতি। তৃতঃ কিবীটিনা অর্জ্নেন, নিশিতৈঃ শরৌবৈং, তত্ত্ব বণাজিবে সমবান্ধনে, নুদেহানাং শস্ত্রক্ষতলোহিতানি তচ্ছবৌঘবিদাবণনিবন্ধনানি ক্ষধিবাণ্যেব উদকানি জ্লানি যক্তাঃ সা, নরাণাং মেদা ধাতৃবিশেষা এব ফেনা যক্তাঃ সা চ, স্থবোবা কাচিয়দী প্রবৃত্তিতা ॥১২৩॥

নম্ব তত্যান্তীবাদীনি কানীত্যাকাজ্জাষাং দ্বাভ্যাং যুগ্মকেন তথ্বপতি বেগেনেতি। সানদী, অতীব বেগেন যুক্তেতি শেষঃ, পৃথুর্মহান্ প্রবাহো ষত্যাঃ সা, পবেতানাং মৃতানাং নাগানাং হন্তিনামশ্বানাঞ্চ শবীবাণ্যেব উচ্চন্থান্তীরাণি মত্যাঃ সা, নবেন্দ্রাণাং ভূপতিতানাং রাজ্ঞাং মজ্জানি ধাতুবিশেষা উদ্ধিতানি প্রবাহাদ্দিং গতানি মাংসানি চৈব পক্ষাঃ কর্দ্দমা মত্যাঃ সা, তথা প্রভূতিঃ প্রচূবিঃ বক্ষোগণৈবদৃত্যে বাক্ষসগণৈঃ ভূতৈদেবয়ানিবিশেষেশ্চ সেবিতা। শিবঃকপালানাম আকুলা বিশৃষ্ণলাঃ কেশা এব শাদ্দাভূণপূর্ণদেশা যত্যাঃ সা, শৈবালপুঞ্জরপাণাং শবীবসংদাতানাং সহল্রং বহতীতি সা, বিকীর্ণানি নানা বহুনি কবচান্তেব উর্ম্বন্তবদ্ধান্তঃ সঙ্কলা ব্যাপ্তা, তথা নবাণামশ্বানাং নাগানাং হন্ডিনাঞ্চ অন্থিনারীবাণি শরীবাণামন্থীত্যেব শর্কবাঃ ক্ষুদ্রপ্রত্বেথণ্ডা মত্যাং সা চ। অস্থিশবীবেতি রাজদন্তাদিত্যান্ত্রীর-পদত্য প্রনিপাতঃ ॥১২৪—১২৫॥

কৌরবদৈন্তেরা সম্বরই হর্বল হইয়া আপন আপন অস্ত্র ভ্যাগ করিয়া ভূতলে পতিত হইতে ধাকিল ॥১২২॥

তাহার পর অর্জুন নিশিত বাণ্দমূহদারা সেই দমরাঙ্গনে একটা অতিভীষণ নদী উৎপাদন করিলেন—অন্তক্ষত মানুষের দেহের রক্তই তাহার জল এবং মেদই তাহার ফেন হইল ॥১২৩॥

সেই নদীটার গুরুতর বেগ ও বিশাল প্রবাহ ছিল, মৃত হস্তী ও অশ্বনমূহের শরীরই তাহার তীর হইয়াছিল, ক্ষত্রিয়গণের মজ্জা ও মাংস কর্দ্ধমস্থলপ ছিল এবং অদৃশ্য বহুতর রাক্ষম ও ভূত তাহার মেবা করিতেছিল। আর মস্তক ও কপালের বিশৃঞ্জল কেশগুলি তাহার তৃণচ্ছন্ন দেশ ছিল, সে নদীটা শৈবালপুঞ্জ-

⁽३२৫) ट्रिविमीर्गनांना--वा नि।

গোমার্শালার্কগ্রককৈঃ ক্রব্যাদদং বৈশ্চ তবক্ষু ভিশ্চ।
উপেতকূলাং দদৃশুর্যকুষ্মাঃ ক্র্বাঃ মহাবৈতবণী প্রকাশান্ ॥১২৬॥
প্রবর্ত্তিতামর্জ্বনবাণদং বৈর্মেদোবসাস্থক প্রবহাং স্থভীমান্।
হতপ্রবীবাঞ্চ তথৈব দৃষ্ট্বা সেনাং ক্রেণামথ ফাল্পনেন ॥১২৭॥
তে চেদিপাঞ্চালকর্মমৎস্তাঃ পার্থাশ্চ সর্বের সহিতাঃ প্রণেক্তঃ।
জ্যপ্রমন্তাঃ পুরুষপ্রবীবাঃ সংত্রাস্যন্তঃ ক্রেযোধবীবান্ ॥১২৮॥ (বুগাক্ম্)
হতপ্রবীবাণি বলানি দৃষ্ট্বা কিবীটিনা শক্রভ্বাবহেন।
বিত্রাস্থ্য সেনাং ধ্রজিনীপতীনাং সিংহো মুগাণামিব যুথসংঘান্ ॥১২৯॥
বিনেদভুত্তাবতিহর্ষযুক্তৌ গাণ্ডীবধন্না চ জনার্দ্দনশ্চ।
তত্যে ববিং সংহতবশ্যিজালং দৃষ্ট্বা ভূশং শত্রপবিক্ষতাদ্বাঃ ১৩০॥

ভারতকোমূদী

গোমাঘি, তি। তত্তত্যা মহন্তাঃ, গোমাঘবং শৃগালাঃ, শালাবৃকাঃ কুর্বাঃ, গৃগ্রাঃ বহাশ্চ পক্ষিবিশেষাহৈঃ, ক্রব্যাদসংহৈর্বনবিড়ালাদিভির্মাংসভোজিভিন্চ, তবহুভির্যাদ্রবিশেহৈন্চ, উপেতং মাংসাদিভক্ষণায় প্রাপ্তঃ কৃলং তীবং মন্তান্তাম্, মহাবৈতবণী ব্যদ্ধাবস্থনদীব প্রবাশভ ইতি তাম, ক্রবাং ভীষণাং তাং নদীং দদৃশ্রঃ ॥১২৬॥

প্রবর্ত্তিভামিতি। মেদাংদি বদাশ্চ ধাতৃবিশেষান্ অস্থলি বকানি চ প্রবহতীতি তাম্। হতাঃ প্রবীবা যক্তাতাম্। ফান্তনেনার্জ্নেন। প্রণেত্ঃ সিংহনাদং চক্রুঃ ॥১২৭—১২৮॥

স্বৰূপ শ্রীর্ণমূহ বহন করিতেছিল এবং বহু স্থানে বিক্সিপ্ত বহুতর ক্বচক্প ভর্মে ব্যাপ্ত ছিল; থার মানুষ, হস্তী ও অধের অস্থিলিই ভাহার কাঁকর হইয়াছিল॥১২৪—১২৫॥

তথন তত্ততা লোকেরা দেখিতে লাগিল—শৃগাল, কুকুর, শকুন, হাড়গিলা, বনবিভালপ্রভৃতি মাংসভোঞী জন্ত ও চিতাবাদ মহাবৈতরণী নদীর তূল্য ভীবণ দেই রক্তনদীর তীরে মাসিয়া উপস্থিত হইতে লাগিল ॥১২৬॥

অর্নের বাণসমূহ মেদ, বদা ও রক্তবাহিনী অভি ভর্ম্বর একটা নদী উৎপাদন করিবাছে এবং মর্জুন প্রধান প্রধান বীর্দিগকে বিনাশ করিচাছেন, এহেন কৌরুক্ষেত্র দেখিয়া চেদি, পাঞ্চাল, কর্ম ও মংস্তদেশীর প্রধান বার-পুরুষেরা এবং পাণ্ডবেরা সকলে মিলিভ ও জ্যোক্ত হইরা বুক্পফার বার-যোজ্গণকে ভীত করিতে থাকিয়া দিংহ্নাদ করিতে লাগিংগন ১১৭—১১৮

⁽१२५) ५ मार्याहारुवपृथ्वारेकान्या नि । (१२७) १०४८पद्दान्यानाः

⁽१८०)---मःद्रवरिद्रान्य--द्रानि।

ভীম (১৯৮১১১

তদৈন্দ্ৰমন্ত্ৰং বিততশ্চ যোবমদছদ্বীক্ষ্য যুগান্তকল্পম্ ।
অথাপয়ানং কুববং সভীপ্সাঃ সদ্যোগতুর্য্যোধনবাহিলকাশ্চ ॥>৩>॥
চক্রুনিশাং সদ্ধিগতাং সমীক্ষ্য বিভাবসোর্লোহিতবাগযুক্তাম্ ।
অবাপ্য কীর্ত্তিঞ্চ যশশ্চ লোকে বিজ্ঞিত্য শক্রংশ্চ ধনঞ্জয়োহপি ॥>৩২॥
যযৌ নবেক্তিঃ সহ সোদবৈশ্চ সমাপ্তকর্মা শিবিরং নিশাযাম্ ।
ততঃ প্রজঞ্জে তুমূলঃ কুরূণাং নিশামুখে ঘোবতমঃ প্রণাদঃ ॥>৩৩॥
(কুলকম্)

বণে বথানামযুতং নিহত্য হতা গজাঃ সপ্তশতার্জ্জ্বনেন। প্রাচ্যাশ্চ সৌবীবগণাশ্চ সর্বের নিপাতিতাঃ ক্ষুদ্রকমালবাশ্চ ॥১৩৪॥

ভারতকোমুদী

হতেতি। ধ্বজিনীপতীনাং সেনাপতীনাম্। বিনেদতুং সিংহনাদং চক্রতুঃ। বিততং সমবাদনে বিস্তৃতম্। যুগাস্তুকল্পং প্রলযকালীনাগ্নিতুল্যম্। অপধানং শিবিবে প্রস্থানম্। দিন্ধিতাং স্বদিনযোঃ সংযোগপ্রাপ্তাম্। "শোধ্যাদিপ্রভবা কীর্ত্তিদানাদিপ্রভবং যশঃ" ইতি মহাজনোক্রেঃ কীর্ত্তিযশসোর্ভেদঃ। সোদবৈত্র ভিভিঃ। সমাপ্তং কর্ম শক্রজ্যকার্য্যং যশু সঃ। প্রণাদো বিষাদকোলাহলঃ॥১২৯ — ১৩৩॥

বণ ইতি। সপ্ত শতানি যেষাং তে। বিসর্গলোপেহপি সন্ধিবার্যঃ ॥১৩৪॥

আর শত্রগণের ভীতিজনক অর্জন প্রধান প্রধান বীরদিগকে বধ করিয়াছেন দেখিয়া কৃষ্ণ এবং অর্জন্ত অত্যন্ত আনন্দিত হইয়া সিংহ যেমন মুগসমূহকে বিত্রন্ত করে, সেইরূপ বিপক্ষ সেনাপতিগণের দৈয়াগণকে বিত্রন্ত করিয়া সিংহনাদ করিতে লাগিলেন। ক্রমে পূর্যা আপন কির্ণসমূকে উপসংস্থাত করিয়াছেন, তাঁহার লোহিবর্ণরঞ্জিত সন্ধ্যাকাল উপন্থিত হইয়াছে এবং ভরক্কর এত্রান্ত্রন্ত প্রলয়কালের অগ্নিরান্দির স্থায় বিস্তৃত হইয়া পড়িয়াছে, ইহা দেখিয়া অস্ত্রাঘাতে ক্ষতবিক্ষত-দেহ ভীমা, জোণ, ছর্য্যোধন ও বাহ্লিকপ্রভৃতি কৌরবপক্ষীয় যোদ্ধারা সে দিনের মত যুদ্ধ করিয়া শিবিরে প্রস্থান করিলেন। ওদিকে অর্জন্ত শক্রবিজ্ঞযপূর্বক জগতে কীর্ত্তি ও বশ লাভ এবং সে দিনের মত কার্য্য শেষ করিয়া সেই সন্ধ্যাকালে রাজগণ ও আতৃগণের সহিত মিলিত হইয়া শিবিরে গমন করিলেন। তাহার পর সেই সন্ধ্যাকালে কৌরবগণের মধ্যে তুমূল ও ভরক্কর বিযাদকোলাহল হইতে লাগিল—॥১২৯—১৩৩॥

'অর্ক্র আজ যুদ্ধে দশসহস্র রথি ও সপ্তথত হস্তী সংহার করিয়া পূর্বদেশীয়, দৌবীরদেশীয়, স্ফুকদেশীয় ও মালবদেশীয় সকল সৈক্তকে নিপাতিত করিয়াছেন ॥১৩৪॥ মহৎ কৃতং কর্ম্ম ধনপ্রযেন কর্ত্তুং যথা নাহতি কশ্চিদন্যঃ।
শ্রুতায়ুবস্বষ্ঠপতিশ্চ বাজা তথৈব দুর্ম্মর্যাচিত্রেদেনো ॥১৩৫॥
দ্রোণঃ কৃপঃ সৈন্ধববাহ্লিকো চ ভূবিপ্রবাঃ শল্যশলো চ বাজন্।।
আন্যে চ যোধাঃ শতশঃ সমেতাঃ ক্রুদ্ধেন পার্থেন বণস্থ মধ্যে ॥১৩৬॥
ধ্বাহুবীর্য্যেণ জিতাঃ সভীম্মাঃ কিবটিনা লোকমহারথেন।
ইতি ক্রুবস্তঃ শিবিবাণি জগ্মূঃ সর্ব্বে গণা ভবত! যে ত্বদীযাঃ ॥১৩৭॥
(বিশেষকম্)

উল্কাদহক্রৈশ্চ স্থদংপ্রদীপ্তৈর্বিভ্রাজমানৈশ্চ তথা প্রদীপৈঃ।
কিবীটিবিত্রাসিতদর্ব্বযোধা চক্রে নিবেশং ধ্বজিনী কুরূণাম্॥১৬৮॥
ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈযাসিক্যাং ভীত্মপর্ব্ববি
ভীত্মবধে তৃতীয়দিবসমুদ্ধাবহাবে উনষষ্টিতমোহধ্যাযঃ॥•॥

ভারতকোমুদী

মহদিতি। শ্রুতার্নাম। দৈশ্বনো জযন্ত্রথং। পার্থেন অর্জ্জনেন। গণা যোধসমূহাঃ ॥১৩৫—১৩৭॥
উক্তেতি। কিবীটিনা অর্জ্জনেন বিত্রাসিতাঃ সর্ব্বে যোধা ষস্থাঃ সা, কুরণাং ধ্বজিনী সেনা,
স্থানপ্রেবতীবপ্রজ্জনিতিঃ, উদ্ধাসহস্ত্রৈপ্রিধিদগুলোকৈঃ, তথা বিভ্রাজমানৈবিশেষেণ দীপ্যমানেঃ প্রাদীপৈশ্চ নিবেশেং শিবিবপ্রবেশং চক্রে ॥১৩৮॥
ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভ্র্যণ-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং
মহাভাবতটীকাষাং ভাবতকৌমুদীসমাধ্যায়াং ভীশ্বপর্বণি ভীশ্ববধে উনষ্টিতমোহধ্যায়ঃ ॥০॥

এবং অন্ত কোন লোকই বাহা করিতে পারে না, ভাহা আজ অর্জুন করিয়াছেন। তংপরে অম্বর্গদেশাধিপতি রাজা শ্রুভায়, ফুর্ম্মণ, চিত্রদেন, জোণ, কুপ, জয়জ্ঞণ, বাহ্লিক, ভূরিশ্রবা, শল্যা, শল এবং অন্ত শত শত দায়লিত যোদ্ধাকে ভীম্মের সহিতই আজ জগতে অদ্বিতীয় মহারথ ও কিরীটধারী এক অর্জুন ক্রুজ্ব ইইয়া আপন বাহুবলে সমরাঙ্গনে জয় করিয়াছেন' ভরতনন্দন রাজা। এইবপ বলিতে বলিতে আপনার পক্ষীয় সকল যোদ্ধা শিবিরে গমন করিলেন॥১৩৫—১৩৭॥

অর্জন সকল যোদ্ধাকে বিত্রাসিত করিলে, সমগ্র কৌরবসৈন্ম অতি প্রজ্ঞলিত সহস্র সহস্র মশাল এবং বিশেষ প্রজ্ঞলিত প্রদীপের আলোকে যাইয়া শিবিরে প্রবেশ করিল"॥১৩৮॥

⁽১৩৫) অম্বষ্টপতিক বাজন্। নবা নি। (১৩৭) সর্বের জনাঃ । পি বা।

ষঞ্চিতমোহধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

ব্যুক্টাং নিশাং ভাবত ! ভারতীনামনীকিনীনাং প্রমূপে মহাত্মা।

যয়ে সপত্মান্ প্রতি জাতকোপো রতঃ সমগ্রেণ বলেন ভীগ্নঃ ॥>॥
তং দ্রোণছর্য্যোধনবাহ্লিকাশ্চ তথৈব ছুর্ম্বণচিত্রসের্নো।
জয়দ্রথশ্চাতিবলো বলোবৈনু পাস্তথান্যে প্রয়য়ুঃ সমস্তাৎ ॥২॥
স তৈর্মহন্তিশ্চ মহাবথৈশ্চ তেজম্বিভির্মীর্য্যবন্তিশ্চ বাজন্।।
ববাজ রাজোত্তম । বাজমধ্যে সংধ্যে স্থরাণামিব দেবরাজঃ ॥৩॥
তিস্মিন্ননীকপ্রমুখে বিষক্তা দোধ্যমানাশ্চ মহাপতাকাঃ।
স্থরক্তপীতাসিতাপাণ্ডুরাভা মহাগজস্কদ্ধগতা বিবেজুঃ ॥১॥

ভারতকোঁমূদী

ব্যুষ্টামিতি। ব্যুষ্টাং প্রভাতাং নিশাং প্রাপ্য স্থিতানাম্। ভারতীনাং ভরতবংশ্চনমন্ধিনীনাং কৌববীযাণামিতি যাবৎ, প্রমুধে অগ্রে। সপত্মান্ শত্রন্ ॥১॥

তমিতি। বলৌদেঃ দহ। তং ভীম্ম অগ্রেদবীক্বতা সমস্তাৎ প্রযয়ঃ ॥২॥
দ ইতি। সংখ্যে যুদ্ধে, স্থবাণাং মধ্যে দেববাজ ইব দ ভীম্মো ররাজ ॥৩॥
তন্মিনিতি। বিবক্তাঃ সংলগ্ধাঃ, দোধ্যমানা বায়ুনা ভূশং কম্পমানাঃ ॥৪॥

সঞ্জয় বলিলেন—"ভরতনন্দন! রাত্রি প্রভাত হইলে, ক্রেন্ধ মহাত্মা ভীত্ম কৌরবদৈন্তের সম্মুধে থাকিয়া সমগ্র দৈক্তে বেষ্টিত হইয়া শত্রুপক্ষের দিকে গমন করিতে লাগিলেন॥১॥

তখন জোণ, হুর্যোধন, বাহ্লিক, হুর্ম্মর্বণ, চিত্রদেন, মহাবল মহাজধ ও বহু-নৈঅসম্বিত অক্সান্ত রাজারা তাঁহার দকল দিকে গমন করিতে থাকিলেন ॥২॥

রাজশ্রেষ্ঠ রাজা! দেবগণ্মধ্যে দেবরাজের স্থায় ভীম্ম সেই রাজাদের মধ্যে থাকিয়া মহারথ, ভেন্দনী ও বীর্যাবান্ সেই মহাবীরগণদ্বারা শোভা পাইতে লাগিলেন ॥৩॥

বিণাল-হন্তিগণ-ক্ষন্ধে ন্যাপিত, ব্লক্তবর্ণ, পীতবর্ণ, কুষ্ণবর্ণ ও শুভবর্ণ

⁽১) ভাৰতানাম্—বা ৰ বা নি। (৩) রবাজ বাজা স তু বাজমূহখ্যর্তঃ স দেবৈরিক ৰজপাণিঃ—বা নি।

সা বাহিনী শান্তনবেন গুপ্তা মহাবথৈৰ্বাবণবাজিভিণ্চ।
বভৌ সবিত্যুৎস্তনযিত্ৰ করা জলাগমে গ্রেবিব জাতমেঘা ॥৫॥
ততো বণায়াভিমুখী প্রয়াতা প্রত্যর্জ্জ্বং শান্তনবাভিগুপ্তা।
দেনা মহোগ্রা সহসা কুরণাং বেগো যথা ভীম ইবাপগাযাঃ॥৬॥
তং ব্যালনানাবিধগৃঢ়সাবং গজাগ্রপাদাতরথোঘপক্ষয়।
ব্যহং মহামেঘসমং মহাত্মা দদর্শ দূবাৎ কপিবাজকেভুঃ॥৭॥
বিনির্যযৌ কেভুমতা বথেন নবর্ষভঃ গ্রেভহ্যেন কালে।
জয়ে ধৃতঃ শক্রবর্রথিনীনাং যথা স্থবেক্রোহস্থববাহিনীনায়॥।॥

তায়তকৌমুদী

সেতি। গুপ্তা বক্ষিতা। সবিত্যতে যে স্থনযিত্বলৈ মেঘান্তংকরা ॥৫॥
তত ইতি। আপগাযা নজাঃ, বেগো বথা তথা। ইবশবঃ সম্ভাবনাযাম্ ॥৬॥
তমিতি। মহাত্মা, কপিবাজো বানবশ্রেষ্ঠঃ কেতৌ ধ্বন্ধে যস্তা সং অর্জুনঃ, দ্বাং, ব্যালাঃ
শঠাঃ কৃটযোজাবতৈর্নানাবিধং যথা স্তান্তথা গূঢ়ানি গোপনেন বক্ষিতানি সাবাণি প্রধানাস্ত্রাণি
যন্মিন্ তম, "ব্যালো ছুইগজে সর্পে শঠে খাপদ্সিংহযোঃ" ইতি হেমচক্রঃ। গজা অর্থাঃ
পাদাতং পদাতিসমূহো বথৌঘন্ট পক্ষাঃ সহাযা যস্তা তম্, মহামেঘসমঞ্চ তং ব্যহং দদ্শি॥॥
বিনিবিতি। নবর্ষভঃ অর্জুনঃ। গ্বত আগ্রহবান্ শক্রবর্ষিনীনাং শক্রেদেনানাম্ ॥৮॥

মহাপতাকা দক্ত ৰাযুবেগে অনবরত কম্পিত হইতে থাকিবা দেই দৈক্তের সম্মুখে বিরাজ করিতে থাকিল ॥৪॥

ভীন্মরক্ষিত সেই কোরবসৈক্ত মহারথগণ, হন্তিগণ ও অশ্বগণদ্বারা বর্ধাকালে বিহ্যাৎসমন্বিত মেঘের স্থান কিংবা মেঘনমন্বিত আকালের স্থান শোভা ধারণ ক্রিল॥৫॥

তাহার পর ভীগ্মরক্ষিত অতি ভয়ঙ্কর দেই কৌরবদৈন্ত যুদ্ধ কবিবার জন্ত, ভয়ঙ্কর নদীবেগের ন্থায় অর্জনের অভিমুখে ফ্রত গমন করিতে লাগিল ॥৬॥

কৃটযোদ্ধার। প্রধান প্রধান অস্ত্র সেই ব্যুহের মধ্যে গোপনে নানাবিধভাবে স্থাপন করিয়াছিলেন এবং হস্তী, অশ্ব, পদাভি ও রথিসমূহ ভাহার যথাস্থানে সন্নিবেশিত ছিল, আর সে বৃহে মহামেধের ভাষ প্রকাশ পাইডেছিল; এহেন সেই কৌরববৃহে দূর হইডে মহাত্মা অজুন দর্শন করিলেন ॥ ॥

ভাহার পদ্ম ইন্দ্র বেমন অস্করদেনা জয় করিবার জয় উৎসাহী হইয়া শিবির হইতে নির্গত হইতেন, সেইকপ নরগ্রের্ড অর্জুন শক্রদৈয় জয় করিবার জয়

⁽৫) শান্তনবেন বাজা পি, শান্তনবেন বাজায় –বা। ৫) অভিনুথ। সদাবদেনা সহসা—পি বা। (৮) স নিংযো শ্বেভহদেন বীলঃ। বলহিন।নাং গুনুথে সহাল্যা বলৈর্ভিঃ সর্কাসপত্মননাম্—পি বা।

নাবাযণেনেন্দ্র ইবাভিগুপ্তঃ শশীব সূর্য্যেণ সমেষিবান্ যথা।
তথা মহাত্মা সহ কেশবেন বর্রাথিনীনাং প্রমুথে বরাজ ॥৯॥
সোপস্ববং সোত্তববন্ধুবেষং যত্তং যদূনামূষভেণ সংখ্যে।
কপিধ্বজং প্রেক্ষ্য বথং বিষেত্বঃ সহৈব পুত্রৈস্তব কৌববেষাঃ ॥>০॥
প্রকর্ষতা গুপ্তমুদামুধেন কির্বীটিনা লোকমহারথেন।
তং ব্যূহবাজং দদৃশুস্তদীযাশ্চতুশ্চতুর্ব্যালসহস্রকীর্ণম্ ॥>>॥
যথৈব পূর্ব্বেহহনি ধর্মবাজ্ঞা ব্যূহঃ কৃতঃ কৌরবদন্তমেন।
তথা ন ভূতো ভূবি মানুষেয়ু ন দৃষ্টপূর্বেরা ন চ বিশ্রুতশ্চ ॥>২॥

ভারতকোমুদী

নাবেতি। অভিগ্রপ্তো বক্ষিতঃ, ইবশব্দঃ সম্ভাবনাযাম্, সমেযিবান্ সম্মিলিতঃ ॥৯॥
সোপেতি। উপস্কবৈবস্ত্রাত্যপকবলৈঃ সহেতি সোপস্কবম্, উদ্ভবেণ উপর্য্যাবরণেন বন্ধুবা মনোহবা ঈষা দীর্ঘদণ্ডা যশু তম্, "বন্ধুবং বম্যনশ্রযোঃ" ইতি ত্রিকাণ্ডশেষঃ। যদুনামুষভেণ ক্বফেন, যন্তং যত্নেন চালিতম্। বিষেত্রবিষ্ণা বন্ধুবুঃ ॥১০॥

প্রেতি ৷ স্বদীয়াঃ প্রকর্ষতা তং ব্যহমেবাক্স্য নয়তা, উদাযুধেন উন্তোলিতান্ত্রেণ লোক মহাবণেন কিরীটিনা অর্জনেন, গুপ্তং বক্ষিতম্, চতুভিক্ততুভিব্যালসহলৈবিভিন্নস্থানাং দুইহণ্ডিনাং সহলৈঃ কীর্ণং ব্যাপ্তম্, তং পাগুবপক্ষীয়ং ব্যহবাজং দৃদুভঃ ॥১১॥

যথেতি। ধর্মবাজ্ঞা মুধিষ্ঠিবেণ। তদ্দিবসব্যহোহপি তাদৃশ এবেতি ভাবঃ ॥১২॥

উৎসাহী হইয়া উত্তমধ্বজ্বযুক্ত ও শ্বেতবর্ণ ঘোটকসমন্থিত রূপে আরোহণ করিয়া যথাসময়ে শিবির হইতে নির্গত হইলেন ॥৮॥

তথন নারায়ণরক্ষিত ইচ্দ্রের স্থায় এবং স্থ্যদন্দিলিত চচ্দ্রের তুল্য, কৃঞ্বের সহিত মিলিত মহাত্মা অর্জুন পাগুবদৈন্তের সম্মুখে বিরাজ করিতে লাগিলেন ॥১॥

যাহাতে অন্ত্রপ্রপ্রপ্রভৃতি উপকরণ (আসবাৰ) ছিল, উপরে আবরণ থাকায় যাহার স্তম্ভগুলি সুন্দর দেখাইডেছিল এবং কৃষ্ণ যত্ন সহকারে যাহা চালাইডে-ছিলেন, সেই কপিধ্বজ রব দেখিয়া আপনার পুত্রদের সহিভই কুকপক্ষীয়েরা বিষয় হইল॥১০॥

জগতে অদিতীয় মহারথ অর্জুন অস্ত্রধারণপূর্বক রক্ষা করত: আকর্ষণ করিয়া আনয়ন করিভেছেন এবং বথাস্থানে চারি চারি হাজার করিয়া হুইছন্তী রহিয়াছে, এছেন পাগুবনৈস্তব্যুহ আপনার নৈন্সেরা দর্শন করিস ॥১১॥

⁽৯) অনং শ্লোকঃ পি বাব বা নান্তি। (১০) যন্ত্ৰা যদ্নাম্ — পি বা।

⁽১১) প্রকম্পিত গুপ্তম্—নি। (১২) যথাছি—পি বা।

ততো যথাদেশমূপেত্যু তস্কুঃ পাঞ্চালমুখ্যাঃ সহ চেদিমুখ্যৈঃ।
ততঃ সমাদেশসমাহতানি ভেবীসহস্রাণি বিনেত্রবাজোঁ।
শদ্ধস্বনা তুন্দুভিনিস্বনাশ্চ সর্বেম্বনীকেমু সিসংহানাদাঃ॥>৩॥
ততঃ সবাণানি মহাস্থনানি বিস্ফার্য্যমাণানি ধনুংমি বীবৈঃ।
ক্ষণেন ভেবীপাবপ্রণাদানন্তর্দপ্তঃ শদ্ধমহাস্থনাংশ্চ ॥>৪॥
তচ্ছদ্ধশন্দার্তমন্তবীক্ষমুদ্ভূতভৌমক্রতবেণুজালম্।
মহামুভাবাশ্চ ততঃ প্রকাশমালোক্য বীরাঃ সহসাভিপেতুঃ॥>৫॥
রথী রথেনাভিহতঃ সমূতঃ পপাত সাগ্যঃ সবথঃ সক্তেতঃ।
গজো গজেনাভিহতঃ পপাত পদাতিনা চাভিহতঃ পদাতিঃ॥>৬॥

ভারতকৌমুদী

ভত ইতি। সমাদেশেন নাষকাজ্ঞষা সমাহতানি তাডিতানি। বট্পাদোহয়ং শ্লোকঃ ॥১৩॥ তত ইতি। বিক্ষাধ্যমাণানি আন্ধন্তমাণানি। অন্তৰ্দধৃন্তিবশ্চক্ৰুঃ ॥১৪॥ তদিতি। উদ্ভূতং ভৌমং ভূমিসম্বন্ধি ক্ৰতং ক্ৰতগামি বেণুজালং যত্ৰ তৎ ॥১৫॥ বফতি। অভিহতঃ সংঘৰ্ষাৎ, পপাত সমবান্ধনং জগাম॥১৬॥

কৌরবশ্রেষ্ঠ র্থিষ্টির পূর্ববিশালে যেকাপ বৃহ রচনা করিয়াছিলেন, পৃথিবীতে মান্ধ্যের মধ্যে সেরূপ বৃহ কথনও হয় নাই, আময়া পূর্বেব দেখি নাই, বা ভিনিও নাই। (এদিনেও সেইকাপ বৃহেই হইয়াছিল) ॥১২॥

ভাহার পর পাঞ্চালদেশীয় প্রধান যোদ্ধারা চেদিদেশীয় প্রধান যোদ্ধাদের সহিত আসিরা যথাস্থানে অবস্থান করিতে লাগিলেন। তৎপরে নায়কগণের আদেশক্রমে যুদ্ধে সহস্র সহস্র ভেরী বাজিতে লাগিল এবং সমস্ত দৈত্যের মধ্যেই শহা ও ছুন্দুভিধ্বনি এবং সিংহনাদ হইতে থাকিল ॥১৩॥

তদনস্তর বাদ্ধারী বীরগণের বিশাল ধর্ম্প্রস্কার ভেরী, পণব ও শাঙ্খের ধ্বনিকে তিরোহিত করিল ॥১৪॥

ক্রমে শঙ্গপ্রভৃতির শব্দ যাইয়া আকাশকে ব্যাপ্ত করিল এবং ভূতলের ধূলিরাশি জ্ঞেড উঠিতে লাগিল, তৎপরে মহা প্রভাবশালী বীরেরা স্থ্যালোক দেখিয়া বিপক্ষ-গণের প্রতি বেগে ধাবিত হইতে লাগিলেন ॥১৫॥

সার্থি, অর্থ, রথ ও ধ্বজের সহিত রথীরা অপরাপর রণের সঙ্গে ঠেদাঠেদিভাবে আসিতে থাকিল এবং হস্তী অক্যাক্স হস্তীর সহিত ও পদাতি অপরাপর পদাতির সহিত সংঘৃষ্ট হইয়া আগমন করিতে লাগিল ॥ ৩॥

⁽১৩) ভতো মহাবেগসমাহভানি—পি বা.· · শহাস্থনাকৃর্যববা: প্রণেদ্:—বা নি।

২৫) মহাবিতানাবততপ্রকাশম্—পি বা।

আবর্ত্তমানাসভিবর্ত্তমানৈর্যারীকৃতাসভূতদর্শনানি।
প্রাদৈশ্চ খড়ৈগশ্চ সমাহতানি সদগ্রবৃদ্ধানি সদগ্রদৈশঃ॥>৭॥
স্থবর্ণতারাগণভূষিতানি সূর্য্যপ্রভাভানি শবাবরাণি।
বিদার্য্যমাণানি পরশ্ববৈশ্চ প্রাদেশ্চ খড়ৈগশ্চ নিপেতুরুর্ব্যাম্॥>৮॥
গজৈবিশালৈর্বহবস্ত রুগ্ণাঃ কেচিৎ সমূতা রথিনঃ প্রপেতুঃ।
গজর্বভাশ্চাপি বর্থবভেন প্রপেতিবে বাণবতাঃ পৃথিব্যাম্॥>৯॥
গজৌখবেগোদ্ধতসাদিতানাং শ্রুদ্ধা বিনেত্রবৃত্ত্থা মনুষ্ঠাঃ।
আর্ত্রবরং সাদিপদাতির্যুনাং বিষাণগাত্রাবরতাড়িতানান ॥২০॥

ভারতকোমুদী

আবর্ত্তে। আবর্ত্তমানানি আগমনপ্রবৃত্তানি, ঘোবীক্বতানি অস্ত্রাদিভিঃ ॥১৭॥
স্থবর্ণেতি। স্থ্যপ্রভেব ভা দাথির্বেষাং তানি, শবা আবিষত্তে বৈস্তানি বর্মানি ॥১৮॥
গঠৈরবিতি। কগ্ণা ভগ্গদেহাঃ, সস্থতাঃ সাব্যিসহিতাঃ। বর্থবভেণ ব্যিশ্রেঠেন ॥১৯॥
গঙ্গেতি। মহয়াঃ, গজৌঘবেগেন উদ্ধৃতসাদিতানামতিশ্যমন্দিতানাম্, বিষাণৈর্দিশ্রঃ
গাত্রাব্বৈর্দেহনিয়ভাগৈশ্চ তাডিতানাঞ্চ, সাদিনঃ অস্বাবোহিণঃ পদাত্যশ্চ তে যুবানশ্চেতি
তেষাম্, রহুধা আর্ত্তিশ্বরং শ্রুষা, বিনেতৃঃ হাহেত্যার্ভ্রনাদং চক্তুঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

ব্যুষ্টামিতি। ব্যুষ্টাং প্রভাতাম্ ॥১—৬॥ ব্যালো ব্যুহবিশেষজ্ঞেন নানাবিধং গৃঢদাবঞ্চ ॥৭—৯॥ স্থাস্থবং স্কুচক্রম্, সোত্তববন্ধুবেষম্ উত্তবেণাচ্ছাদনেন বন্ধুবা বম্যা ঈষা তৎসহিতম্ ॥১০॥ চতুশ্চতুবাযুক্তং ব্যালানাং গজানাং সহস্রং কর্ণেমু বিদিগ্ভাগেমু যক্ত তম্ ॥১১—১৭॥ শবাববাণি ক্বচানি ॥১৮—১০॥

ইতি শ্রীমহাভারতে ভীম্মপর্কণি নৈলক্ষ্ঠীয়ে ভারতভারদীপে ষষ্টিভমোহধ্যায়ঃ ॥৬০॥

ক্রমে উত্তম অশ্বারোহী অভিমুখে বাইয়া প্রাস ও তরবারিছার। ভয়ক্ষর মৃত্তি ও অভূত দর্শন বিপক্ষ অধারোহীদিগকে আঘাত করিতে থাকিল ॥১৭॥

তখন স্বৰ্ণতারাভূষিত ও সূর্য্যের স্থায় উচ্চল বর্দ্ম দকল পরশু, প্রাদ ও তর্বারির আঘাতে স্থলিত হইয়া ভূতলে পতিত হইতে লাগিল ॥১৮॥

বহুতর পদাতি এবং সার্থির সহিত কতকগুলি র্থী বিশাল হস্তিগণের দন্তাঘাতে ভাগেহ হইরা পতিত হইল; আবার র্থিশ্রেষ্ঠগণের বাবে আহত হইরা হস্তিশ্রেষ্ঠ-গুলিও ভূতলে পতিত হইতে লাগিল ॥১৯॥

⁽১৭) ঘনীক্তানি-পি বা। (১৯) গজৈবিষাণাপ্ৰগাত্তকগ্ণাঃ সভ্যভেণ-বা নি।

⁽২০) শ্রন্থা বিষেত্ব: অর্তিম্বনম্ —রা নি।

সংজ্রান্তনাগাশ্ববথে মুহুর্ত্তে মহাক্ষয়ে সাদিপদাতিযুনাম্।
মহারথৈঃ সংপবিবার্যমাণো দদর্শ ভীপ্মঃ কপিরাজকেতুম্ ॥২১॥
তং পঞ্চতালোচ্ছ্রিততালকেতুঃ সদশ্ববেগান্তুতবীর্যযানঃ।
মহান্ত্রবাণাশনিদীপ্তিমন্তং কিবীটিনং শান্তনবোহভ্যধাবৎ ॥২২॥
তথৈব শক্রপ্রতিমপ্রভাবমিদ্রাত্মজ্ঞ দ্রোণমুখা বিসম্রুঃ।
কুপশ্চ শল্যশ্চ বিবিংশতিশ্চ হুর্য্যোধনঃ সোমদন্তিশ্চ বাজন্।॥২৩॥
ততো বথানাং প্রমুখান্তপেত্য সর্বান্ত্রবিৎ কাঞ্চনচিত্রবর্মা।
জবেন শ্বোহভিস্সাব সর্বাংস্তানর্জ্জ্বন্স্থাত্মতবোহভিমন্ত্যঃ॥২৪॥

ভারতকোমুদী

সমিতি। সংভ্রাস্তা ব্যস্তা নাগা হস্তিনঃ অথা বথান্চ যত্র তন্মিন্ ॥২১॥

তমিতি। পঞ্চ তালান্ পঞ্চকবতলধ্বনিগমনপর্য্যস্তম্ উচ্ছিত উন্নতঃ তালকেতৃন্তাল-তক্ধজো যস্ত সং, সদখানাং বেগেন অভ্তং বীর্ঘ্যং যস্ত তন্তাদৃশং যানং বথো যস্ত স তাদৃশঃ শাস্তনবো ভীষ্ণঃ, মহাস্ত্রবাণা এবাশনযো বন্ধাতৈদীপ্তিমন্তং কিবীটিনমর্জ্নমভ্যধাবং ॥২২॥

তথেতি। শক্রপ্রতিমপ্রভাবম্ ইক্রতুল্যশক্তিম্, ইক্রাত্মজমর্জ্জন্ম্। বিদক্ষবভিজগাঃ ॥২৩॥ তত ইতি। কাঞ্চনং স্বর্ণময়ং চিত্রঞ্চ বর্ণা যশু সং! জবেন বেগেন ॥২৪॥

হস্তিসমূহের বেগে আহত এবং দস্ত ও দেহনিমভাগদারা তাড়িত অধারোহী ও পদাতিগণের নানাপ্রকার আর্ত্তনাদ শুনিয়া অক্যান্ত মানুষেরাও আর্ত্তনাদ করিতে লাগিল ॥২ ০॥

যে সময়ে হস্তী, অথ ও রণীরা ব্যক্তিব্যস্ত ছিল এবং অখারোহী ও পদাতি-গণের মহাক্ষয় হইতেছিল, দেই সময়ে মহারণগণে পরিবেষ্টিভ ভীম অর্জ্নকে দেখিতে পাইলেন ॥২১॥

তথন ভীম অত্যুক্ত ধ্বজযুক্ত এবং মহাবেগশালী রবে আরোহণ করিয়া, বজ্রুল্য বাব ও অক্সাক্ত দাকণ অস্ত্রের তেকে ডেজীয়ান্ অর্জ্নের দিকে ধাবিড হইলেন ॥২২॥

রাজা। সেইবাপই কুপ, শল্য, বিবিংশতি, ছর্য্যোধন ও ভূরিশ্রবা—ইহারা জোণকে অগ্রবর্ত্তী করিয়া ইন্দ্রের ভূল্য প্রভাবশালী অর্জ্নের প্রতি বেগে গমন করিতে লাগিলেন ॥২৩॥

তাহার পর দর্ববাস্ত্রবিং, স্বর্ণময়বিচিত্রবর্ণমধারী ও মহাবীর অর্জ্জ্নপুত্র

⁽২১) সৎপবিবার্ধ্যমাণম্—বা নি। (২৩) শক্তপ্রতিমানকল্প:—পি বা।

⁽২৪) অৰ্জুনস্থাত্মস্ত:-পি বা।

ভীশ্ব (১৯)-১১২

তেষাং মহান্ত্ৰাণি মহাবথানামসহ্যকর্মা বিনিহত্য কার্ফিঃ।
বভৌ মহামন্ত্ৰহ্বতার্চিমালী সদোগতঃ সন্ ভগবানিবাগ্নিঃ॥২৫॥
ততঃ স ভূর্ণং ক্রধিবোদফেনাং কুত্মা নদীমাশু রণে বিপূণাম্।
জগাম সোভদ্রমতীত্য ভীম্মো মহাবথং পার্থমদীনসত্ত্বঃ॥২৬॥
ততঃ প্রহস্মান্ত্রতবিক্রমেণ গাণ্ডীবমুক্তেন শিলাশিতেন।
বিপাঠজালেন মহান্ত্রজালং বিনাশয়ামাস কিরীটমালী॥২৭॥
তমুত্রমং সর্ববধ্রুর্দ্ধবাণামশক্তকর্মা ক্রিবাজকেতুঃ।
ভীম্মং মহাত্মাভিববর্ষ ভূর্ণং শব্রৈঃ স্থতীক্রৈবিমলৈশ্চ ভক্রৈঃ॥২৮॥
তথৈব ভীম্মাহতমন্তরীক্রে মহান্ত্রজালং কিপবাজকেতাঃ।
বিশীর্যমাণং দদৃশুস্কদীয়া দিবাকবেণের তমোহভিভূতম্॥২৯॥

ভারতকোমূদী

তেবামিতি। কৃষ্ণশ্রার্জ্নস্থাপত্যমিতি কাঞ্চিবভিসন্থা:। সদোগতো হোমসভাস্থ: ॥২৫॥
তত ইতি। কধিবাণ্যেব উদক্ষেনা যশ্রাস্তাম্। অদীনসন্থ: অকাতবস্থভাব: ॥২৬॥
তত ইতি। বিপাঠজালেন বাণবিশেষসমূহেন। কিবীটমালী অর্জ্জ্ন: ॥২৭॥
তমিতি। অত্যৈবশক্তং কর্ম যুদ্ধং যশ্র সঃ, কপিবাজকেতৃবর্জ্জ্ন: ॥২৮॥
তথেতি। ভীমেণ আহতং নাশিতম্। তমঃ অন্ধকাবম্॥২১॥

অভিমন্ত্য র্থিনৈত্যের সম্মুখ হইতে নির্গত হইযা বেগে তাঁহাদের সকলের প্রতি ধাৰিত হইলেন ॥২৪॥

ক্রমে শত্রুবিজয়ী অভিমন্তা দেই মহারধগণের দারুণ অন্ত্র সকল নিবারণ করিয়া মহামন্ত্রহারা আহত হোমস্থানস্থিত মাহাত্ম্যশালী অগ্নির স্থায় শোভা পাইতে লাগিলেন ॥২৫॥

তাহার পর অকাতরম্বভাব ভীম সম্বর সমরাঙ্গনে শক্রগণের রক্তর্রপ জল ও কেনযুক্তা একটা নদা প্রবিত্তিত করিয়া অভিমন্তাকে অভিক্রমপূর্বকি মহারণ জব্দিনের সম্মুখে উপস্থিত হইলেন ॥২৬॥

তদনস্তর অর্জন হাস্ত করিয়া আপন অন্তুত বিক্রমদ্বারা গাঙীবনিশিপ্ত শিলাশাণিত বিপাঠসমূহে ভীম্মের মহাস্ত্রদমূহকে বিনষ্ট করিলেন ॥২৭॥

তৎপরে অন্তের অসাধ্যকর্ম। মহাত্ম। অর্জন সম্বর সর্ববধনুর্দ্ধরশ্রেষ্ঠ ভীম্মের উপরে স্থতীক্ষ বাণ ও নির্মাল ভল্ল সকল বর্ষণ করিতে লাগিলেন ॥২৮॥

⁽२०) महाञ्चानि महावनानाम्-िश वा। (२७) नहीः जाः नम्रत-िश वा।

⁽২৭) ততঃ প্রগৃহাডুতদর্শনেন গাণ্ডীবনির্হাদমহাম্বনেন-পি বা।

⁽২৮) অসক্তকর্মা···শরৌঘন্ধালৈবিমলৈশ্চ ভল্লৈ:—বা নি।

এবংবিধং কন্মু কভীমনাদমদীনবৎ সৎপুরুষোত্তমাত্যাম্।
দদর্শ লোকঃ কুরুস্পঞ্জয়াশ্চ তদ্বৈবথং ভীম্মধনঞ্জযাত্যাম্ ॥৩০॥
ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীম্মপর্ববিশি
ভীম্মবধে চতুর্থদিবসমুদ্ধে ভীম্মার্চ্জুনদ্বৈবথে ষষ্টিতমোহধ্যায়ঃ॥০॥

---:

একষ্টিতমোইধ্যায়ঃ।

--:*:---

সঞ্জয উবাচ।

জৌণিভূ বিশ্রবাঃ শল্যাশ্চিত্রদেনশচ মাবিষ!। পুত্রঃ সাংযমনেশৈচব সৌভদ্রং সমযোধয়ন্ ॥১॥

ভারতকৌমুদী

এবমিতি। অদীনবং অকাতবমিব। তদ্যুদ্ধন্। উভযত্তাপি ষষ্ঠার্থে চতুর্থী ॥৩০॥ ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসদিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতায়াং মহাভাবতটীকাষাং ভাবতকৌমুদীসমাখ্যায়াং ভীশ্বপর্কণি ভীশ্ববধে ষষ্টিতমৌহধ্যায়ঃ ॥০॥

--:*:---

ক্রোণিবিভি। ক্রোণিবশ্বখামা। হে মাবিষ। আর্য্যা। নাংষমনেঃ শল্যস্ত, তথৈব প্রব্রোভিধানাৎ ॥১॥

ভারতভাবদীপঃ

দ্রৌণিবিতি। সাংযমানঃ শল্যস্ত পুত্রঃ ॥১---১০১॥ ইতি শ্রীমহাভাবতে ভীমপর্বানি নৈলকণ্ঠীযে ভাবতভাবদীপে একষ্টিতমোহধ্যায়ঃ ॥৬১॥

তথন সুর্য্য যেমন অন্ধকার বিনষ্ট করেন, সেইরপই ভীম্ম অর্জ্নের মহান্ত্র সকল আকাশে থাকাকালেই বিনষ্ট করিতে লাগিলেন। তৎকালে আপনার পক্ষের লোকেরা দেখিল সে অন্ত সকল ব্যর্থ হইমা যাইতে লাগিল ॥২৯॥

সংপুরুষত্রেষ্ঠ ভীম ও অর্জনের দেই দৈরখযুদ্ধ এইকপে অকাতরভাবে চলিতে সাগিল এবং ছই জনেরই ছইথানা ধন্তর ভরঙ্কর টঙ্কার হইতে থাকিল; এই ঘটনা কৌরবেরা, স্প্রুমেরা ও অক্সান্ত লোকেরা দেখিতে লাগিল" ॥ ৩০॥

সঞ্জয় বলিলেন—"মাননীর মহারাজ। অশ্বত্থামা, ভূরিশ্রবা, শল্য, চিত্রসেন ও শর্ল্যের পুত্র—ইহারা পাঁচ জন অভিমন্থার দহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥১॥

^{(&}gt;) भोवियः ... सोख्यः भर्यावावयम् - वा नि।

সংসক্তমতিতেজোভিস্তমেকং দদৃশুর্জনাঃ।
পঞ্চতিম কুজব্যাছৈর্গ জৈঃ সিংহশিশুং যথা ॥২॥
নাতিলক্ষ্যতয়া কশ্চিম শৌর্য্যে ন পবাক্রমে।
বভূব সদৃশঃ কার্ফে নাস্ত্রে নাপি চ লাঘবে॥৩॥
তথা তমাত্মজং যুদ্ধে বিক্রমন্তমবিন্দমম্।
দৃষ্ট্রা পার্থঃ অসংযতঃ সিংহনাদমথানদং ॥৪॥
পীড়য়ানঞ্চ তৎ সৈতঃ পোত্রং তব বিশাংপতে!।
দৃষ্ট্রা স্থদীয়া বাজেন্দ্র ! সমস্তাৎ পর্যবাবয়ন্ ॥৫॥
ধরজিনীং ধার্তরাষ্ট্রাণাং দীনশক্ররদীনবং।
প্রত্যুদ্যযৌ স সোভিদ্রস্তেজসা চ বলেন চ ॥৬॥
তত্ম লাঘবমার্গন্থমাদিত্যসদৃশপ্রভম্।
ব্যুদ্গুত মহচ্চাপং সমবে মুখ্যতঃ পবৈঃ॥।॥

ভারতকোমুদী

সমিতি। সংসক্তং যুদ্ধে সম্মিলিতম্। তং সৌভদ্রম্। পঞ্চভিদ্রেণাদিদিভিঃ ॥২॥
নেতি। অতিলক্ষ্যতথা অভিশ্যেন লক্ষ্যভেদিতথা। কাঝে বিভিমন্তোঃ ॥৩॥
তথেতি। তং সৌভদ্রম্। পার্থঃ অর্জ্জ্নঃ, স্থসংযত্তং যুদ্ধে অতীব্যত্মবৃত্তং সতর্কম্ ॥৪॥
পীডেতি। পীড্যানং পীড্যক্তম্। পৌত্রমভিমন্ত্যম্। পর্যবারয়ন্ অবেইস্ত ॥৫॥
ধ্বজিনীমিতি। ধ্বজিনীং সেনাম্, দীনশক্রবালকত্যা ক্ষুদ্ধশক্ররপি, অদীনবং অক্ষুদ্রবং ॥৬॥

তথন তত্তত্য লোকের। দেখিতে লাগিল—একটা সিংহশাবক থেমন পাঁচটা বিশাল হস্তীর সহিত যুদ্দে মিলিড হয়, সেইরপ এক অভিমন্ত্যু পাঁচ জন নরপ্রেষ্ঠ মহাবীরের সহিত যুদ্দে মিলিড হইয়াছেন ॥২॥

তথাপি লক্ষ্যভেদে, বীরছে, পরাক্রমে, অল্পক্রপে ও লঘুহস্ততায় কেইই অভিমন্ত্রার সমকক্ষ ইইতে পারিলেন না ॥৩॥

তাহার পর শত্রুদমনকারী পুত্র দতর্ক হইরা যুদ্ধে দেইরূপ বিক্রম প্রকাশ করিতেছে দেখিয়া অর্জুন দিংহনাদ করিয়া উঠিলেন ॥৪॥

নরনাথ রাজশ্রেষ্ঠ। আগনার পোত্র (অভিমন্ত্য) সেই দৈশু পীড়ন করিতেহেন দেখিয়া আপনার পক্ষীয় খোদ্ধারা দকল দিকে তাঁহাকে বেষ্টন করিলেন ॥৫॥

তথন অভিমন্তা বালক হইয়াও তেজে এবং বলে অবালকের ন্যায় মহাবিক্রমে ধার্ডরাষ্ট্রনৈন্যের প্রতি ধাবিত হইলেন ॥৬॥

⁽१) নাদৃশ্তত মহচ্চাপম্-পি বা।

স দ্রোণিমির্ণৈকেন বিদ্ধা শল্যঞ্চ পঞ্চিঃ।
ধ্বজং সাংযমনেশ্চাপি সোহফাভিঃ পর্য্যপাতয়ৎ ॥৮॥
রুক্মদণ্ডাং মহাশক্তিং প্রেষিতাং সোমদন্তিনা।
শিতেনোবগদক্ষাশাং পত্রিণাভিজ্বান তাম্ ॥৯॥
শল্যক্ত চ মহাঘোবানক্ততঃ শতশঃ শরান্।
নিবার্য্যার্জ্জনদায়াদো জ্বান চতুরো হ্যান্॥১০॥
ভূবিশ্রবাশ্চ শল্যন্চ দ্রোণিঃ সাংযমনিঃ শলঃ।
নাত্যবর্ত্তন্ত সংবন্ধাঃ কাফে বাহুবলোদ্যম্॥১১॥
ততন্ত্রিগর্ত্তা বাজেক্র ! মদ্রোশ্চ সহ কেকথৈঃ।
পঞ্চবিংশতিসাহস্রান্তব পুত্রেণ চোদিতাঃ॥১২॥

ভারতকোঁযুদী

তত্তেতি। লাঘবমার্গন্থং লঘুহন্ততাপ্রদর্শনবিষয়গতম্। যুধ্যতো যুধ্যমানশু ॥৭॥
স ইতি। দ্রৌণিমশ্বথামানম্, ইযুণা বাণেন। সাংষ্যনেঃ শল্যপুত্তে ॥৮॥
ফল্লেতি। ফল্লদণ্ডাং বর্ণদণ্ডাম্। সৌমদন্তিনা ভ্বিত্রবসা। পত্রিণা বাণেন ॥৯॥
শল্যশ্রেতি। অশুতঃ ক্ষিপতঃ। অর্জ্নশু দাযাদ্য পুত্রঃ। হ্যান্ অ্থান্ ॥১০॥
ভ্বীতি। নাত্যবর্ত্তি নাত্যক্রায়ন্, সংবন্ধাঃ ক্লেন্ধাং, কাম্পেবিভিম্নোঃ ॥১১॥

তিনি সমরাজনে বিপক্ষদের সহিত যুদ্ধ করিতে লাগিলে, তাঁহার লখুহন্ততা দেখাইবার স্থান বিশাস ধরুথানাকে সুর্ব্যমগুলের আর দেখা যাইতে লাগিল॥৭॥

পরে অভিমন্ত্য একটা বাণদারা অখথামাকে এবং পাঁচটা বাণদারা শব্যকে বিদ্ধ করিয়া আটটা বাণদারা শব্যপুত্রের ধ্বস্কটাকে নিপাতিত করিবেন ॥৮॥

এবং তিনি একটা শিলাশাণিত বাণদ্বারা ভূরিশ্রবার নিক্ষিপ্ত সর্পসদৃশ স্বর্ণদণ্ড মহাশক্তিটাকে প্রতিহত করিলেন ॥৯॥

এই সময়ে শল্য অতিভান্ধর শত শত বাণ নিক্ষেপ করিতেছিলেন ; কিন্তু অভিমন্ত্য সেগুলিকেও নিবারণ করিয়া শল্যের চারিটা অধ্যকে ব্য করিলেন ॥১০॥

অত এব ভূরিশ্রবা, শলা, শলাের পুত্র, অশ্বথামা ও শল—ইহারা কুন্দ **হইরাও** অভিময়ার বাহুবল অভিক্রম করিতে পারিলেন না ॥১১॥

⁽৮) গোইটাভিবপবর্জ্জন্যৎ-পি, সোইটাভিশ্চিচ্ছিদে ততঃ-বা নি। (৯) পত্রিণা প্রজহাব তাম্ -পি বা। (১০) জন্মনার্জ্জ্নদাযাদঃ-বা নি। (১১) নাভাবর্ত্তন্ত সংবন্ধাঃ কার্ফের্বাহুব:নাদুয়াৎ--বা নি।

ধন্মর্বেদবিদো মুখ্যা অজেযাঃ শক্রতিরু ধি।
সহপুত্রং জিঘাংসন্তং পবিবক্রঃ কিবীটিনম্ ॥>৩॥ (যুগ্মকম্)
তৌ তু তত্র পিতাপুত্রোঁ পবিক্ষিপ্তোঁ মহাবথোঁ।
দদর্শ বাজন্। পাঞ্চাল্যঃ সেনাপতিববিন্দম! ॥>৪॥
স বাবণবথোঘানাং সহক্রৈর্বহুতির্ব তঃ।
বাজিতিঃ পত্তিভিন্চেব বৃতঃ শতসহস্রশঃ ॥>৫॥
ধন্মবিক্ষার্য্য সংক্রুদ্ধশ্চোদদিত্বা চ বাহিনীম্।
যযো তং মদ্রকানীকং কৈকেয়াংশ্চ পবন্তপঃ ॥>৬॥ (যুগ্মকম্)
তেন কীর্ত্তিমতা গুপ্তমনীকং দৃঢ়ধন্ননা।
সংবদ্ধবর্থনাগাশ্বং যোৎস্থমানমশোভত ॥>৭॥
সোহর্জ্বনপ্রমুখে যান্তং পাঞ্চালকুলবর্জনঃ।
ত্রিভিঃ শাবদ্বতং বাণৈর্জক্রেদেশে সমার্পব্র ॥>৮॥

ভারতকৌমুদী

তত ইতি। পুত্রেণ ছর্যোধনেন, চোদিতাঃ প্রেবিতাঃ। সহপুত্রং সাভিমন্থ্যম্ ॥১২—১৩॥ তাবিতি। পবিক্ষিপ্তৌ শত্রুপবিবেটিতৌ। পাঞ্চাল্যো ধৃইছ্যুয়ঃ ॥১৪॥ স ইতি। স ধৃইছ্যুয়ঃ, বাবণা হস্তিনঃ। চোদ্যিত্বা সাঞ্চল্য ॥১৫—১৬॥ তেনেতি। গুপ্তং বক্ষিতম্। সংবক্কাঃ ক্রুদ্ধা বণা নাগা হস্তিনঃ অধাশ্চ যত্র তৎ ॥১৭॥

রাজত্রেষ্ঠ ৷ তাহার পর প্রধান ধনুর্বেদবিৎ এবং যুদ্ধে শক্রগণের অব্দের ত্রিগর্জ, মন্ত্র ও কেকরদেশীর পঞ্চবিংশডিসহস্র যোদ্ধা আপনার পুত্রের আদেশক্রমে আসিয়া জিঘাংসু অভিমন্তার সহিত অর্জুনকে পরিবেষ্টন করিল ॥১২—১৬॥

অরিন্দম রাজা। তখন সেনাপতি ধৃষ্টগ্রায় দূর হইতে মহারথ পিডা ও পুত্র অর্জুন ও অভিমন্ত্রাকে পরিবেষ্টিত অবস্থায় দর্শন করিলেন ॥১৪॥

সেই শত্রুনস্থাপকারী ধৃষ্টগ্রায় বছ সহস্র হস্তী ও রথী সৈক্তে এবং শত শত ও সহস্র সহস্র অধারোহী ও পদাতি সৈত্যে পরিবেষ্টিত হইয়া ধয়ু আকর্ষণ ও দৈশু সঞ্চালন করিয়া অত্যস্ত ক্রুদ্ধ অবস্থায় সেই মদ্র ও কেকয়দেশীয় দৈশুগণের প্রতি গমন করিলেন ॥১৫—১৬॥

সেই যশস্বী ও দৃঢ়ধনা ধৃষ্টছাম যাহার নায়ক ছিলেন এবং যাহার মধ্যে বহুতর ক্রেদ্ধ রথী, গজারোহী ও অশ্বারোহী ছিল, সেই যুদ্ধার্থী সৈম্ম তথন শোভা পাইতে লাগিল ॥১৭॥

ততঃ স মদ্রকান্ হত্বা দলৈব দশভিঃ শবৈঃ।
পৃষ্ঠবক্ষং জঘানাশু ভল্লেন ক্তবর্দ্মণঃ॥১৯॥
দমনঞ্চাপি দাযাদং পৌববস্থ মহাত্মনঃ।
জঘান বিমলাগ্রেণ নাবাচেন পবন্তপঃ॥২০॥
ততঃ সাংযমনেঃ পুত্রঃ পাঞ্চাল্যং যুদ্ধমূর্মদম্।
অবিধ্যক্রিংশতা বাণৈর্দশভিশ্চাস্থ সাবিথম্॥২১॥
দোহতিবিদ্ধো মহেঘাসঃ স্থাকিণী পবিসংলিহন্।
ভল্লেন ভূশতীক্ষেন নিচকর্ত্তাস্থ কান্মুকম্॥২২॥
অথৈনং পঞ্চবিংশত্যা ক্ষিপ্রমেব সমার্পারং।
অত্থাংশ্চাস্থাবধীদ্রাজন্। উভৌ চ পার্ফিসাব্থী॥২০।

ভারতকোমূদী

দ ইতি। শারদ্বতং কুপম্। জ্জুদেশে স্কন্ধসক্ষী, সমার্পষদপীভবং ॥১৮॥
তত ইতি। পৃষ্ঠং বক্ষতীতি পৃষ্ঠবক্ষ্তম্ ॥১৯॥
দমনমিতি। দমনং নাম, দাযাদং পুত্রম্ ॥২০॥
তত ইতি। সাংযমনেং শল্যস্থা, পাঞ্চাল্যং ধৃষ্ঠগ্রাম্ম্ ॥২১॥
দ ইতি। স ধৃষ্টগ্রামঃ। স্থান্ধী ওষ্ঠপ্রান্তৌ। নিচক্ষ্ঠ চিচ্ছেদ ॥২২॥
অথেতি। এনং শল্যপুত্রম্। সমার্পযদপীভবং। পাঞ্চিমাব্যী পৃষ্ঠসার্মী ॥২০॥

ক্রমে পাঞ্চালকুলবর্জন ধৃষ্টগ্রায়, অর্জ্নের দিকে ধাবিত কুপাচার্য্যের ক্ষদেশে তিনটা বাণদারা আমাত করিলেন ॥১৮॥

তাহার পর তিনি দশটা বাণদার। দশব্দন মজক দৈহাকেই বধ করিয়া একটা ভল্লদারা কৃতবর্মার পৃষ্ঠরক্ষককে বধ করিলেন ॥১৯॥

পরে শত্রুসন্তাপক ধৃষ্টহায় একটা স্থতীক্ষ নারাচদারা মহাত্মা পোরবের পুত্র দমনকে ৰধ করিলেন ॥২০॥

তদনস্তর শল্যের পুত্র ত্রিশটা বাণদারা যুক্তছর্ন্ধ গৃষ্টগুল্লাকে এবং দশটা বাণদারা উহার সার্থিকে বিদ্ধ করিলেন ॥২১॥

তখন মহাধন্থরির ধৃষ্টপ্রায় অত্যন্ত বিদ্ধ হ'ইরা ওষ্ঠপ্রান্ত লেহন করিতে থাকিরা একটা স্থতীক্ষ ভল্লদ্বারা শল্যপুত্রের ধন্তু ছেদন করিলেন ॥২২॥

রাজা! তাহার পর খুষ্টহায় পঁচিশটা বাণদারা দহরই শল্যপুত্রকে পীড়ন করিলেন এবং উহার চারিটা অথ ও হুই জন পৃষ্ঠদারধিকে বধ করিলেন ॥২৩॥

(১৯) ততঃ প্রভন্তকান্ বিদ্ধা দশভিনিশিতেঃ শবৈং—পি, ততঃ স মন্তকান্ ভিছা দশভিনিশিতৈঃ শবৈঃ—বা।(১২) স্কুণী চকর্ত্তাশু চ—পি বা।(২৩) উভৌ তৌ—বা নি। স হতাশে রথে তিন্ঠন্ দদর্শ ভবতর্ষভ।।
পুত্রঃ সাংযমনেঃ পুত্রং পাঞ্চাল্যস্ত মহাত্মনঃ ॥২৪॥
স প্রগৃছ মহাবোবং নিস্ত্রিংশববমাযসম্।
পদাতিস্তৃর্ণমানচ্ছ দ্রথস্থং পুরুর্বর্ষভঃ ॥২৫॥
তং মহোঘমিবাযান্তং থাৎ পতন্তমিবোবগবম্।
ভান্তাববণনিস্ত্রিংশং কালোৎস্টমিবান্তকম্ ॥২৬॥
দীপ্যমানমিবাদিত্যং মত্তবাবণবিক্রমম্।
অপশ্যন্ পাগুবান্তরে ধ্রউত্যুদ্দদ পার্বতঃ ॥২৭॥ (যুগ্মকম্)
তস্ত পাঞ্চালদাযাদঃ প্রতীপমভিধাবতঃ।
দিতনিস্ত্রিংশহন্তস্ত শবাববণধাবিণঃ ॥২৮॥
বাণবেগমতীতস্ত তথাভ্যাসমুপেয়ুষঃ।
ত্বন্ সেনাপতিঃ ক্রুদ্ধো বিভেদ গদয়া শিবঃ ॥২৯॥ (যুগ্মকম্)

ভারতকোমূদী

স ইতি। সাংযমনে: শল্যস্ত পুত্র:, পাঞ্চাল্যস্ত পুত্রং ধৃষ্টত্যয়ম্ ॥২৪॥

म हेि । निक्षिः भववः महास्त्रमिम्, व्यायमः लोहमयम् । व्यानम्हं गांशम्हः ॥२०॥

তমিতি। মহৌদং মহাজলবেগম্। খাদাকাশাং। ভ্রান্তং চ্যাবিতম্ আববণং কোষো যশু স তাদৃশো নিংস্থিংশো যশু তম্, কালোৎস্টং দৈবপ্রেবিতম্। দীপ্যমানমাদিত্যমিব অস্ত্রদীপ্রেবিত্য্যশম্ম, বাবণো হস্তী। অপশ্রন্ সাকৃতমিতি ভাবঃ ॥২৬—২৭॥

তশ্যেতি। পাঞ্চালদাযাদো ধৃষ্টন্যায়ঃ, প্রতীপং প্রতিক্লম্। শবা আব্রিযন্তে নিবার্যান্তে আনেনেতি শবাববণং বর্ম। অভ্যাসং সান্নিধ্যম্, উপেযুবঃ প্রাপ্তবতঃ, অতএব বাণবেগং বেগেন বাণক্ষেপস্থানম্ অতীতশু, দূবমন্তবেণ বাণক্ষেপাসম্ভবাদিতি ভাবঃ ॥২৮—২৯॥

ভরতশ্রেষ্ঠ ! তথন শল্যের পুত্র হতাশ্ব রথে থাকিয়াই মহাত্মা পাঞ্চাল-রাজপুত্র ধৃষ্টহ্যমের প্রতি একবার সজোধ দৃষ্টিপাত করিলেন ॥১৪॥

পরে পুক্ষত্রেষ্ঠ শল্যপুত্র একথানা মহাভয়ন্তর লোহমর ভরবারি ধারণ করিরা লাফাইরা পড়িয়া পাদচারে সত্তর রণস্থিত ধৃষ্টত্যুমের প্রতি ধাবিত হইলেন ॥২৫॥

কোষনিক্ষাশিত তরবারিধারী ও মন্তহন্তীর স্থায় বিক্রমশালী দেই শঙ্গাপুত্র কলের মহাবেগের স্থায়, আকাশ হইতে পতনশীল মহাসর্পের তুলা, দৈব-প্রেরিড যমের দদৃশ এবং উজ্জ্বল সূর্য্যের সমান আসিতে লাগিলে, পাগুবগণ ও ভরতনন্দন ধৃষ্টগ্রায় তাঁহার প্রতি বধাভিপ্রায়ের সহিত দৃষ্টিপাত করিতে লাগিলেন ॥২৬—২৭॥

⁽২০) পাঞ্চাল্যস্ত যশস্বিন:--পি বা। (২৫) রথস্থং জ্ঞপঢ়াত্মজম্--পি বা।

তস্ত রাজন্। সনিদ্রিংশং স্থপ্রভঞ্চ শবাবরম্।
হতস্ত পততো হস্তাদ্বেগেন গ্রপতদ্ভুবি ॥৩০॥
তং নিহত্য গদাত্ত্রেণ দ লেভে পবমাং মুদম্।
পুত্রঃ পাঞ্চালবাজস্ত মহাত্মা ভীমবিক্রমঃ ॥৩১॥
তিম্মিন্ হতে মহেম্বাদে শল্যপুত্রে মহাবথে।
হাহাকাবো মহানাদীত্ত্ব সৈক্তস্ত মাবিষ। ॥৩২॥
ততঃ সাংযমনিঃ ক্রুদ্ধো দৃষ্ট্যা নিহতমাজজম্।
অভিক্রদোব বেগেন পাঞ্চাল্যং যুদ্ধন্তর্মদম্ ॥৩৩॥
তৌ তত্র সমবে বীবৌ সমেতৌ বথিনাং ববৌ।
দদুশ্তঃ সর্ববাজানঃ কুরবঃ পাণ্ডবাস্তথা ॥৩৪॥

ভারতকোমুদী

তত্ত্বতি। তক্ত শলাপুত্রক্ত। শবাববং হতবর্ষ । ৩০॥
তমিতি। স ধৃষ্টত্যায়: । মৃদমানন্দম্ ॥৩১॥
তদ্মিমিতি। হে মারিষ। আর্যা। মাননীষ। । "আর্যাস্ত মাবিষঃ" ইত্যামবঃ ॥৩২॥
তত ইতি। সংযমনক্তাপত্যমিতি সাংযমিনঃ শলাঃ। পাঞ্চালাং ধৃষ্টত্যায়ম্ ॥৩৩॥
তাবিতি। তৌ শলাধৃষ্টত্যায়া, সমেতৌ মিলিতৌ ॥৩৪॥

ক্রমে তীক্ষ তরবারিও বর্মধারী শলাপুত্র দেইবাপ নিকটে আদিরা পড়িলেন, যাহাতে আর বাণক্ষেপের সম্ভাবনা থাকিল না; ভাই পাণ্ডবসেনাপতি ধৃষ্টহাম কুন্ধ ও হরাষিত হইমা গদাঘারা ভাঁহার মস্তক চূর্ণ করিলেন ॥২৮—২৯॥

রাজা। সেই শন্যপুত্র নিহত হইরা পতিত হইতে থাকিলে তাঁহার হস্ত হইতে উজ্জন তরবারি ও বর্ম বেগে ভূতলে নিপ্তিত হইন ॥০০॥

ভয়স্করবিক্রমশালী ও মহাত্মা পাঞ্চালরাজনন্দন ধৃষ্টগুয়ে গদাদ্বারা নেই শল্যপুত্রকে বং করিয়া পরম আনন্দ লাভ করিলেন ॥৩১॥

মাননীয় মহারাজ। মহাধন্ত্রির ও মহারথ দেই শল্যের পুত্র নিহত হইলে আপনার দৈক্তগণের মধ্যে অভ্যন্ত হাহাকার উপস্থিত হইল ॥৩২॥

ভাহার পর শল্যরাজা আপন পুত্রকে নিহত দেখিয়া অত্যন্ত ক্রুদ্ধ হইয়া বেগে যুদ্ধর্ঘর্ম ধুষ্টহ্যায়ের প্রতি ধাবিত হইলেন ॥৩০॥

⁽৩০)···হতস্থাপতিতং হন্তাৎ দোৎদেধমপতভূবি—পি,···হতস্থ পতিতং হন্তাৎ দো-২ধমোহপ্যপতভূবি—বা। (৩২)···বান্ধপুত্রে মহাবধে—পি বা ব বা। (৩৪)· নমবে শ্বৌ সমেতৌ যুদ্ধহূৰ্মদৌ—বা নি।

ভীশ্ব (১৯)-১১৩

ততঃ সাংবয়নিঃ কুদ্ধঃ পার্ষতং পরবীরহা।
আজ্বান ত্রিভির্বাণৈন্ডোত্রৈরিব মহাদিপম্ ॥৩৫॥
তথৈব পার্বতং শূরঃ শল্যঃ সমিতিশোভনম্।
আজ্বানোবদি কুদ্ধন্ডতো বুদ্ধমবর্ত্ত ॥৩৬॥
ধৃতরাষ্ট্র উবাচ।

দৈবমেব পবং মত্যে পৌক্রযাদপি সঞ্জয় ! ।

যথ সৈত্যং মম পুত্রেস্ত পাণ্ডুসৈন্তেন বধ্যতে ॥৩৭॥

নিত্যং হি মামকান্ সূত । হতানেব হি শংসসি ।

অহতাংশ্চ প্রহাকীংশ্চ নিত্যং শংসসি পাণ্ডবান্ ॥৩৮॥

হীনান্ পুক্রষকাবেণ মামকানত্য সঞ্জয় । ।

পতিতান্ পাত্যমানাংশ্চ হতানেব চ শংসসি ॥৩৯॥

ভারতকোমূদী

তত ইতি। পার্বতং পৃষ্ঠতপৌত্রং ধৃষ্টগুরুম্। তোতৈবিক্রণবিশেবৈঃ ॥৩৫॥
তথেতি। পার্বতং ধৃষ্টগুরুম্। সমিতিশোভনং বীবলিয়া বৃদ্ধে শোভমানম্ ॥৩৬॥
দৈবমিতি। পবং প্রধানম্। পাঞ্সৈত্তেন পাগুবনৈত্তেন গৃষ্টগুরাদিনা ॥৩৭॥
নিত্যমিতি। মামকান্ মৎপক্ষীয়ান্। শংসদি ব্রবীবি ॥৩৮॥
হীনানিতি। পুরুষকাবেণ হীনান্, শলাপুত্রেণাগত্যাপি প্রহাবকবণাশক্তেঃ ॥৩৯॥

ক্মে বীর ও রণিশ্রেষ্ঠ তাঁহারা ছই জন যুদ্ধে সন্মিলিত হইলেন; এই সমরে কৌরব ও পাত্তবপক্ষীর রাজারা সকলে তাঁহাদিগকে দেখিতে লাগিলেন ॥৩৪॥

ডদনস্তর বিপক্ষবীরহন্তা শল্য ক্রেম হইয়া—অঙ্গদারা মহাহন্তীর স্থায় তিনটা বাণ্দারা ধৃষ্টগুমুকে আঘাত করিলেন ॥৩৫॥

বীর শল্য জুদ্ধ হইয়া দেইবপই আবার যুদ্ধশোভী গুপ্তত্যুদ্ধের বক্ষন্থলে আঘাত করিলেন। তাহার পর তাঁহাদের যুদ্ধ হইতে লাগিল" ॥৩৬॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয়! আমি পুরুষকার অপেক্ষা দৈৰকেই প্রধান মনে করি। যে হেতু, পাণ্ডবদৈন্ডেরা আমার পুত্রের দৈক্তদিগকে বধ করিতেছে॥৩৭॥

সঞ্জর। তুমি সর্ববদাই আমার দৈক্তদিগের বধের কণা এবং পাওবদের অবশ ও আনন্দের বিষয় বলিভেছ ॥৬৮॥

⁽৩৬)···পার্বতং শৃবং শল্যঃ সমিতিশোভন:—বা নি। ইতঃ পবং প্রস্তাবমধ্যেহপি 'একষষ্টিতমোহধ্যাবঃ' ইতি বা ব বা নি। (৩৭)···পাঞ্পুত্রেণ বধ্যতে—বা নি। (৩৮)···
অত্যুগ্রাংশ্চ প্রস্তাংশ্চ প্রস্তাংশ্চ প্রস্তাংশ্চ প্রস্তাংশ্চ —বা নি।

যুধ্যমানান্ যথাশক্তি ঘটমানান্ জয়ং প্রতি।
পাণ্ডবা হি জয়ন্ড্যেব জীয়ন্তে চৈব মামকাঃ ॥৪০॥
শোহহং তীব্রাণি হুঃখানি হুর্য্যোধনকৃতানি চ।
শ্রোয্যামি সততং তাত। হুঃসহানি বহুনি চ॥৪১॥
তমুপাযং ন পঞ্চামি হীয়েরন্ যেন পাণ্ডবাঃ।
মামকা বা জয়ং যুদ্ধে প্রাপ্ন যুর্থেন সঞ্জয়।॥৪২॥

সঞ্জয উবাচ।

ক্ষয়ং মনুষ্যদেহানাং গজবাজিবথক্ষযম্।
শৃণ্ বাজন্। স্থিবো ভূজা তবৈবাপনযো মহান্॥৪০॥
ধৃক্টপ্ৰ্যুল্লস্ত শল্যেন পীড়িতো নবভিঃ শবৈঃ।
পীড়য়ামাস সংক্ৰুদ্ধো মদ্ৰাধিপতিমায়দৈঃ॥৪৪॥

ভারতকোমূদী

মুধ্যেতি। ঘটমানান্ চেষ্টমানান্, "ঘট চেষ্টাযাম্" ইতি ধাত্বপান্থসাবাৎ ॥৪•॥
সম্ভাব্যন্নাহ—স ইতি। তৃ:খানি তৃ:খবৃত্তান্তান্। হে তাত। বংস।॥৪১॥
তমিতি। হীযেবন্ হীনা তৃর্বলা ভবেতৃ:। অহীনত্বেংপি মামকা বেজ্যাদি ॥৪২॥
ক্ষমিতি। অপনবো তুর্নীতি:, এতং সর্বমেব তব তুর্নীতে: ক্রমিত্যর্থ:॥৪৩॥
ধৃষ্টেতি। আয়ুদৈলোঁ হুমুখে: শ্বৈবিত্যন্তবৃত্তি:॥৪৪॥

সঞ্জয়! আমার পক্ষের যোদ্ধারা পুরুষকারবিহীন, পতিত, পাড্যমান এবং নিহত হইরাছেন, একণা এখনও বলিলে ॥৩৯॥

হায়! আমার যোদ্ধারা শক্তি অনুসারে যুদ্ধ ও জয়ের জন্ম চেষ্টা করিতে-ছেন, তথাপি পাণ্ডবেরাই জয় করিতেছে এবং আমার পক্ষ পরাজিত হইতেছে ॥৪০॥

অতএৰ বংদ। নিশ্চয়ই আমি ছুর্য্যোধনঘটিত ছঃদহ বহুতর ভীত্র ছঃধের ক্থাই সর্ব্বদা শুনিতে থাক্রি ॥৪১॥

সঞ্জয়! আমি সেকপ উপায় দেখিতে পাই না, যাহাতে পাগুবেরা তুর্বল হয়, কিংবা ভাহারা সবল থাকিলেও যাহাতে আমার পক্ষ যুদ্ধে জয় লাভ করে"॥৪২॥

সঞ্জয় বলিলেন—"রাজা। আপনি স্থির হইয়া হস্তী, অর্থ, রণ ও পদাতির ক্ষয় শুনিতে পাকুন; এ সমস্তই আপনার গুক্তর গুনীতির কল ॥৪৩॥

⁽৪০) জ্বন্ত্যেতে হীয়স্তে—পি বা। (৪১) আশ্রেম সততম্—পি বা। (৪২)... জীষেন্ ষেন—পি বা নি। (৪৪) ধৃষ্টত্যুমশ্চ—পি বা।

তত্রাদ্ভূতমপশ্যাম পার্ষতশ্য পবাক্রমন্।

যুবাবয়ত যত্ত্বং শল্যং সমিতিশোভনন্ ॥৪৫॥

নান্তবং দদৃশুঃ কেচিত্তয়োঃ সংবর্ধয়ো ববে।

মুহূর্ত্তমিব তদ্যুদ্ধং তথাঃ সমভবত্তদা ॥৪৬॥

ততঃ শল্যো মহাবাজ। ধ্বফাহ্যস্বস্থ সংযুগে।

ধনুন্চিচ্ছেদ ভল্লেন গীতেন নিশিতেন চ ॥৪৭॥

অথৈনং শববর্ষেণ চ্ছাদয়ামাস সংযুগে।

গিবিং জলাগমে যদ্বজ্জলদা জলবৃষ্টিভিঃ ॥৪৮॥

অভিমন্যুন্ততঃ ক্রুদ্ধো ধৃষ্টপ্রান্মে চ গীড়িতে।

অভিমন্যুন্ততঃ ক্রুদ্ধো ধৃষ্টপ্রান্মে চ গীড়িতে।

অভিমন্যুন্ততঃ বেগেন মদ্রবাজবর্থং প্রতি ॥৪৯॥

ভারতকোমূদী

তত্ত্বতি। পাৰ্বতক্ত ধৃষ্টগুনক্ত। প্ৰান্তাবন্ধানাং নিবাবণমেবাভূতমিতি ভাবং ॥৪৫॥
নৈতি। অন্তবং ভেদন্। সংবন্ধবোঃ ক্লুদ্ধবোঃ ॥৪৬॥
তত ইতি। পীতেন প্ৰাকৃশক্ৰণাং পীতবক্তেনেত্যুৰ্থঃ পীতবৰ্ণেন বা ॥৪৭॥
অথেতি। এনং ধৃষ্টগুনুমন্, ছাদ্যামাস শল্য ইতি সম্ভবাৎ ॥৪৮॥
অভীতি। পীডিতে শল্যেনেতি শেষঃ ॥৪৯॥

শল্য নয়টা বাণদারা ধৃষ্টগ্যমকে পীড়ন করিলে, ধৃষ্টগ্যমণ্ড ক্রেদ্ধ হইয়া লোহ-ময় বাণসমূহদারা শল্যকে পীড়ন করিলেন ॥৪৪॥

তথন আমরা ধৃষ্টগ্রামের অভূত পরাক্রম দেখিলাম। বে হেভু তিনি যুদ্ধশোভী শল্যকে সংরই নিবারণ করিলেন ॥৪৫॥

তংকালে যুদ্ধে কেহই খলা ও ধৃষ্টগ্লামের কোন বৈষমা দেখিতে পাইল না। তথন তাঁহাদের দেইল্লপ যুদ্ধ মুহূর্ত্তকালমাত্র হইল ॥৪৬॥

মহারাজ। তাহার পর শল্য একটা পীতবর্ণ ও স্থতীক্ষ্ণ ভল্লদারা যুদ্ধে ধৃষ্টগুনের ধনুধানা ছেদন করিলেন ॥৪৭॥

তাহার পর বর্ধাকালে মেদ যেমন জলবর্ধণদারা পর্বত আবৃত করে, সেইরূপ শল্য বাণবর্ধণদারা ধৃষ্টহায়কে আবৃত করিলেন ॥৪৮॥

শল্য ধৃষ্টপ্রায়কে পীড়ন করিলে, অভিমন্তা ক্রুদ্ধ হ**ইরা বেগে শল্যের রধের** দিকে ধাবিত হইলেন ॥৪৯॥

⁽৪৬) নাস্তবং দৃহতে তক্ত তদোশ্চ বিধনোন্তদা । তেনোঃ সমমিবাভবৎ—রা নি। ৪৮) ত্রন্যা হলধাবিণা—পি বা।

ততো মদ্রাধিপবথং কার্ফিঃ প্রাপ্যাতিকোপনঃ।
আর্ত্তায়নিমমেয়াত্মা বিব্যাধ বিশিথৈদ্রিভিঃ॥৫০॥
ততস্ত তাবকা বাজন্! পবীক্ষন্তোহর্জ্জ্নিং রণে।
মদ্রবাজবথং ভূর্নং পবিবার্য্যাবতন্থিরে॥৫১॥
তুর্য্যোধনো বিকর্ণন্ট তুঃশাসনবিবিংশতী!
তুর্ম্বণো তুঃসহশ্চ চিত্রদেনন্ট তুন্মুর্থঃ॥৫২॥
সত্যব্রতশ্চ ভদ্রং তে পুরুষিত্রশচ ভাবত!।
এতে মদ্রাধিপবথং পালয়ন্তঃ স্থিতা বণে॥৫০॥ (যুগ্মকম্)
তান্ ভীমদেনঃ সংক্রেন্ধো ধৃষ্টপ্রাক্ষন্ট পার্যতঃ।
দ্রোপদেয়াভিমন্মুন্ট মাদ্রীপুর্ত্রো চ পাগুরো ॥৫৪॥
ধার্ত্তবান্ত্রীন্ দশ বথান্ দলৈব প্রত্যবাবয়ন্।
নানারপানি শস্ত্রানি বিস্ক্রন্তো বিশাংপতে।॥৫৫॥ (যুগ্মকম্)

ভারতকোমূদী

তত ইতি। কাঞ্চিবভিমন্তঃ। আর্ত্তায়নিং শলাম্, অমেবাত্মা অজ্ঞেষশক্তিঃ ॥৫০॥
তত ইতি। পবীপ্দন্তঃ প্রাপ্তঃ মর্জ্জ্বিমভিসন্তাম্। দদ্ধিবর্ষিঃ ॥৫১॥
চ্ব্যোধন ইতি। চিত্রসেনোহপি ধার্ত্তবাষ্ট্র এব। তে তব ভব্রং মঙ্গলং ভবতু ॥৫২—৫০॥
তানিতি। শ্রৌপদেয়া শ্রৌপভাঃ পঞ্চ প্রোত্তির্যু জোহভিমন্থাবিতি শ্রৌপদেবাভিমন্তাঃ
মধ্যপদলোপী সমাসঃ। ধার্ত্তবাষ্ট্রান্ প্রাপ্তভান্ ভ্র্যোধনাদীন্ ॥৫৪ —৫৫॥

তাহার পর অত্যন্ত ক্রুদ্ধ ও অমিতশক্তি অভিমন্থ্য শল্যের রবের সন্মুধে উপস্থিত হইয়া তিনটা বাণমারা শল্যকে বিদ্ধ করিলেন ॥৫০॥

রাজা। তদনস্তর আপনাব পক্ষের যোজারা অভিমন্তার সহিত যুদ্ধ করিবার জ্ঞা সত্তর যাইয়া শলোর রথ পরিবেষ্টন করিয়া রহিলেন ॥৫১॥

ছর্ব্যোধন, হুঃশাসন, বিকর্ণ, বিবিংশতি, হুর্মর্থ, হুঃসহ, চিত্রসেন, হুম্মূর্থ, সভাবত ও মহারথ পুরুমিত্র—এই দশজন শল্যের রথ রক্ষা করিতে থাকিয়া অবস্থান করিতে লাগিলেন। তরতনন্দন! আপনার মদল হউক ॥৫২—৫৩॥

নরনাধ। আবার ওদিকেও ক্রুক্ত ভীমদেন, পৃষতনন্দন ধৃষ্টগ্রায়, দ্রৌপদীর পঞ্চ পুত্র, অভিমন্থ্য, নকুল ও সহদেব—ইহারা দশ জন নানাবিধ অন্তক্ষেপ করিতে শাকিরা উক্ত দশ জন ধার্ত্তরাষ্ট্রকে বারণ করিতে লাগিলেন ॥৫৪ —৫৫॥

⁽৫০'···বিব্যাধ নিশিতৈ: শতৈং—বা নি। (৫৩) সভ্যবতঃ পুরুষিত্রো তৃদর্গন্চ মহাবদঃ
—পি বা।

অভ্যবর্ত্তন্ত সংক্রুদ্ধাঃ পবসৈত্যবহৈষিণঃ।
তে বৈ সমীয়ৄঃ সংগ্রামে বাজন্! ছর্মন্তিতে তব ॥৫৬॥
তত্মিন্ দশবথে মুদ্ধে বর্ত্তমানে মহাভবে।
তাবকানাং পরেষাঞ্চ প্রেক্ষকা বথিনোহভবন্॥৫৭॥
শত্রাণ্যনেকরূপাণি বিস্তজ্জো মহারথাঃ।
অত্যোভ্যমভিনর্দ্ধন্তঃ সম্প্রহাবং প্রচক্রিরে ॥৫৮॥
তে তদা জাতসংরস্তাঃ সর্বেহন্ডোভ্যং জিঘাংসবঃ।
অভ্যোভ্যমভিমর্দ্ধন্তঃ স্পর্কমানাঃ পরস্পরম্ ॥৫৯॥
অভ্যোভ্যমভিমর্দ্ধন্তঃ সম্পর্কমানাঃ পরস্পরম্ ॥৫৯॥
অভ্যোভ্যস্পর্দ্ধয়া রাজন্! জ্ঞাতয়ঃ সঙ্গতা মিথঃ।
মহাত্রাণি বিমুঞ্জঃ সমাপেতুরমর্ষিণঃ ॥৬০॥ (য়ুগ্মকম্)
ছর্ব্যোধনস্ত সংক্রেদ্ধো ধ্রুইছালং মহাবণে।
বিব্যাধ নিশিতৈর্বাণেশ্চভুতিঃ সমবে ক্রন্তম্ ॥৬১॥

ভারতকোমুদী

ব্দভাবর্ত্ততে । সমীয়ুং সম্মিলিতা বভূবুং ॥৫৬॥ তব্দির্মিত । এতৈকপক্ষে দশ দশ বথা যত্র তব্মিন্ । অপবে বথিনঃ ॥৫৭॥ শস্ত্রাণীতি । বিস্ফল্ডো নিব্দিপন্তঃ । অভিনর্দ্ধন্তো গর্জন্তঃ ॥৫৮॥ ত ইতি । জাতসংবস্তা উৎপন্নকোধাঃ । মিথঃ প্রস্পরম্ ॥৫১—৬০॥

ইহারা অত্যন্ত ক্রেক ও বিপক্ষার ব্যাভিকাষী হইয়া পরস্পর অভিমূখবর্ছী হইলেন। রাজা। আপনার কুমন্ত্রণার কলেই তাহারা যুদ্ধে সন্মিলিত হইয়াহিলেন ॥৫৬॥

তখন প্রত্যেক পক্ষে দশ জন করিয়া রথী হইলেন, সেইরূপ মহাজ্যুক্ষর যুদ্ধ চলিতে লাগিলে, আপনার পক্ষের ও বিপক্ষের অক্যান্ত রথীরা দর্শক হইলেন ॥৫৭॥

সেই মছারথেরা নানাবিধ অন্ত্রক্ষেপ ও পরস্পার গর্জন করিতে থাকিয়া প্রহার করিতে লাগিলেন ॥৫৮॥

রাজা! তথন সেই জ্ঞাতিরা সকলেই জাতজ্ঞোধ ও পরস্পার জিঘাংস্থ হইয়া পরস্পার প্রহার ও পরস্পার স্পার্কা করিতে থাকিয়া পরস্পার মিলিত হইলেন এবং অসহিষ্ণু হইয়া অন্ত্রনিক্ষেপ করিতে থাকিয়া অগ্রসর হইডে লাগিলেন॥৫৯—৬০॥

⁽৫৬) অভ্যবর্ত্তন্থং সংক্রষ্টাঃ পবস্পববধৈষিণঃ—বা নি। (৫৭) · দশরথে ক্রুদ্ধে—বা রা নি।
(৫৮) অত্র বিবিধা এব পাঠভেদাঃ পবিলক্ষ্যন্তে। (৬০)···সমাপেতৃবমর্ধণাঃ—পি বা।

তুর্মর্বণশ্চ বিংশত্যা চিত্রসেনশ্চ পঞ্চভিঃ।
তুমুথো নবভির্বাণৈত্ব :দহশ্চাপি দপ্তভিঃ॥৬২॥
বিবিংশতিঃ পঞ্চভিশ্চ ত্রিভিত্ব :শাসনন্তথা।
তান্ প্রত্যবিশ্যদ্রাজেন্দ্র ! পার্ষতঃ শক্রতাপনঃ॥৬০॥
একৈকং পঞ্চবিংশত্যা দর্শয়ন্ হস্তলাঘবম্।
সত্যব্রতঞ্চ সমবে পুরুমিত্রঞ্চ ভাবত !॥৬৪॥
অভিমন্যুববিশ্যন্ত্র দশভির্দশভিঃ শবৈঃ।
মাদ্রীপুত্রো তু সমরে মাতুলং মাতৃনন্দনো ॥৬৫॥
অবিশ্যেতাং শবৈস্তীক্ষৈন্তদমূত্যবিশভবং।
ততঃ শল্যো মহারাজ ! স্বস্রীয়ৌ বথিনাং ববো ॥৬৬॥
শবৈর্বছভিবানচ্ছ ৎ ক্রতপ্রতিক্তিযিগো।
ছাল্যমানো ততন্তো তু মাদ্রীপুত্রো ন চেলতুঃ॥৬৭॥ (কুলকম্)

ভারতকোসুদী

ছুর্ব্যোধন ইতি । বিব্যাধ তাড্যামাস, নিশিতৈঃ শিলাশাণিতৈঃ ॥৬১॥
বছ ডিঃ কুলকেনাহ — ছুর্মর্বণ ইতি । বিংশত্যা বাণৈবিব্যাধেত্যকুর্বিতঃ । পার্বতো
ধৃষ্টল্যয়ঃ । হগুলাঘবং জ্রুতান্ত্রক্ষেপযোগ্যতাম্ । মাতৃলং শল্যম্ । অভ্যুতত্বঞ্চ বীবধর্মাকুসবণেন
সম্পর্কাতিক্রমাৎ । স্বস্রানৌ ভাগিনেযৌ । আনর্জ্যং আজ্ঞাদষৎ, কৃতস্ত প্রহারস্ত প্রতিক্রতৈবিশৌ প্রতিপ্রহাবকবণাভিলাবিশৌ । ন চেলতুর্বীবধর্মাদিচ্যুতৌ ন বভূবতুঃ ॥৬২—৬৭॥

ক্রমে ছর্ব্যোধন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া চারিটা শিলাশাণিত বাণদারা সত্তর সেই মহাযুদ্ধে গুইত্যমুকে বিদ্ধ করিলেন ॥৬১॥

পরে তুর্মবণ কুড়িটা, চিত্রসেন পাঁচটা, ত্মুথ নম্নটা, ত্ঃসহ সাডটা, বিবিংশতি পাঁচটা ও তুঃশাসন তিনটা বাণঘারা ধৃষ্টতায়কে ভাড়ন করিলেন। রাজ-শ্রেষ্ঠ। ভখন শত্রুতাপন ধৃষ্টতায়ও লঘুহস্ততা দেখাইতে থাকিয়া পাঁচিশ পাঁচিশটা বাণঘারা তাঁহাদের প্রভােককে প্রভিবিদ্ধ করিলেন। ভরতনন্দন। ক্রমে অভিমন্তা দশ দশটা বাণঘারা সভাব্রত ও পুক্ষমিত্রকে ভাড়ন করিলেন এবং মাতার আনন্দজনক নকুল ও সহদেব বহুতর তীক্ষ বাণঘারা শল্যকে পীড়ন করিলেন; সেটা যেন অভুত ঘটনা বলিয়া বোধ হইল। মহারাজ। তাহার পর শল্যও বহুতর বাণঘারা কৃতদােষের প্রভিশােধদানার্থী ও রথিপ্রেষ্ঠ নকুল

⁽৬৬) ছাদযেতাং শবৈস্তীকৈ:-পি বা।

অথ তুর্য্যোধনং দৃষ্ট্ব। ভীমসেনো মহাবলঃ।
বিধিৎস্থঃ কলহস্থান্তং গদাং জগ্রাহ পাণ্ডবঃ ॥৬৮॥
তমুগ্যতগদং দৃষ্ট্ব। কৈলাসমিব শৃঙ্গিণম্।
ভীমসেনং মহাবাহুং পুত্রান্তে প্রাদ্রবন্ ভয়াৎ ॥৬৯॥
তুর্য্যোধনস্ত সংক্রুদ্ধো মাগধং সমচোদয়ৎ।
অনীকং দশসাহস্রং কুঞ্জরাণাং তবস্থিনাম্ ॥৭০॥
গজানীকেন সহিতন্তেন বাজা হ্রযোধনঃ।
মাগধং পুবতঃ কৃষ্ণা ভীমসেনং সমভ্যয়াৎ ॥৭১॥
আপতন্তঞ্চ তং দৃষ্ট্ব। গজানীকং ব্রকোদবঃ।
গদাপাণিববাবোহদ্রথাৎ সিংহ ইবোন্ধদন্ ॥৭২॥
অদ্রিদাবময়ীং গুর্বীং প্রগৃহ্ণ মহতীং গদাম্।
অভ্যধাবদ্গজানীকং ব্যাদিতাস্থ ইবান্তকঃ ॥৭৩॥

ভারতকোমুদী

অথেতি। কলহস্যান্তং বিধিৎস্থঃ তুর্য্যোধনবধেনৈব যুদ্ধনিবৃত্তিং কর্জু, মিচ্চুঃ ॥৬৮॥
তমিতি। কৈলাসমিবেতি ভীমস্ত খেতবর্ণজাৎ। শৃক্ষিণমিতি গদাসাম্যার্থমৃক্তম্ ॥৬৯॥
তুর্য্যোধন ইতি। মাগধং মগধদেশীষম্, সমচোদযৎ প্রৈবয়ৎ ॥৭০॥
গজেতি। মাগধং মগধবাজম্, পুবতঃ সমূথে, সমভ্যয়াৎ অভ্যগচ্ছৎ ॥৭১॥
আপতস্তমিতি। গজানীকং হস্তিসৈক্তম্। অবাবোহৎ অবাতবৎ ॥৭২॥
অন্ত্রীতি। অন্ত্রিসাব্যয়ীং লৌহস্যীম্, লৌহস্ত পর্বতেসাবরূপজাদেব ॥৭৩॥

এবং সহদেবকে আর্ড করিয়া ফেলিলেন; কিন্তু নকুল ও সহদেব শল্যের বাণে আর্ড হইয়াও বিচলিত হইলেন না ॥৬২—৬৭॥

ডদনস্তর মহাবল পাণ্ড্নন্দন ভীমদেন তুর্য্যোধনকে দেখিয়া যুদ্ধশেষ করিবার ইচ্ছা করিয়া গদা ধারণ করিলেন ॥৬৮॥

মহারাজ। শৃস্যুক্ত কৈলাসপর্বতের স্থায় গদাসমন্থিত মহাবাহ ভীমসেনকে দেখিয়া আপনার পুত্রেরা ভয়ে পলাযন করিতে লাগিলেন ॥৬৯॥

কিন্ত ছর্যোধন ক্রুদ্ধ হইরা (ভীমকে আক্রমণ করিবার জম্ম) মগধর্দেশীর দশদহস্র প্রবল হস্তিদৈছকে প্রেরণ করিলেন ॥৭০॥

রাজা হর্ব্যোধন দেই হস্তিনৈজের সহিত মিলিত হইয়া নগধরাজকে সন্মুখে রাখিয়া তীমদেনের দিকে ধাবিত হইলেন ॥৭১॥

তথন ভীমদেন সেই হস্তিদৈয়াকে আসিতে দেখিয়া গদা ধারণ করিয়া সিংহের স্থায় গর্জন করিতে ধাকিয়া রথ হইতে অবভরণ করিলেন ॥৭২॥ স গজান্ গদযা নিম্ন্ সমবে ব্যচবদ্বনী।
ভীমসেনো মহাবাহুর্ ত্রহা দানবেম্বিব ॥৭৪॥
তক্ম নাদেন মহতা মনোহদয়কম্পিনা।
ব্যত্যচেফন্ত সংহত্য গজা ভীমস্য গর্জ্জতঃ ॥৭৫॥
ততস্ত দ্রোপদীপুত্রাঃ সোভদ্রুন্দ মহাবথঃ।
নকুলঃ সহদেবন্দ ধৃষ্টগুলুন্দ পার্বতঃ ॥৭৬॥
পৃষ্ঠং ভীমস্য বক্ষন্তঃ শববর্ষেণ বাবণান্।
ভাত্যবর্ষন্ত ধাবন্তো মেঘা ইব গিবিব্রজান্ ॥৭৭॥ (যুগ্মকম্)
ক্ষুবৈঃ ক্ষুবিপ্রভিল্লেন্চ গীতৈরঞ্জলিকৈঃ শিতৈঃ।
ব্যাহনম্,ভমাঙ্গানি পাগুবা গজ্বোধিনাম্। ৭৮॥

ভারতকোমুদী

স ইতি। নিম্নন্ বিনাশবন্। বৃত্তহা ইব্রঃ ॥৭৪॥ তম্মেতি। ব্যতি সংহত্য পবস্পবং সিলিছা, অচেইস্ত পলাযিতুমাবভস্ত ॥৭৫॥ তত ইতি। সৌভদ্রঃ অভিমন্ত্যঃ। পার্ষতঃ পৃষতপৌত্রঃ। বাবণান্ হন্তিনঃ ॥৭৬—৭৭॥

ক্রমে তিনি দেই লোহময়ী, ভারবতী ও বিশালাকৃতি গদা উত্তোলন করিয়া প্রকটিতবদন যমের স্থায় হস্তিদৈন্সের প্রতি ধাবিত হইলেন ॥৭৩॥

পূর্বকালে ইন্দ্র যেমন দানবদৈক্তমধ্যে বিচরণ করিতেন, সেইবাপ বলবান্ ও মহাবাছ ভীমদেন গদাদারা হস্তীগুলিকে সংহার করিতে থাকিয়া যুদ্ধে বিচরণ করিতে লাগিলেন ॥৭৪॥

তখন গৰ্জনকারী ভীমদেনের বিশাল শব্দে মন ও বক্ষ কম্পিত হইতে থাকার হস্তীগুলি পরস্পার মিলিত হইয়া পলায়ন করিতে আরম্ভ করিল॥৭৫॥

ভাহার পর জৌপদীর পুত্রেরা, মহারথ অভিমন্থা, নকুল, সহদেব ও পৃষতনন্দন ধৃষ্টগ্রায়—ইহার। ভামদেনের পৃষ্ঠ রক্ষা করিতে থাকিয়া—মেঘসমূহ থেমন
পর্বতসমূহের উপরে জলবর্ষণ করে, সেইবাপ বাণ বর্ষণ করতঃ দেই হস্তিদৈন্তের
দিকে ধাবিত হইলেন ॥৭৬—৭৭॥

ক্রমে পাণ্ডবপক্ষীরেরা শিলাশাণিত ক্ষুর, ক্ষুরপ্র, ভল্ল, পীত ও অঞ্জলিক অন্তবারা কোরবপক্ষীয় হস্তিধোধিগণের মস্তক ছেদন করিতে লাগিলেন ॥৭৮॥

⁽৭৪) · মহাবাহুঃ সবজ ইব বাসবঃ—বা নি। (৭৫) ভীমস্তা নদিতঃ—পি বা। (৭৭)…
মেঘা ইব ঘথা গিবীন্—পি, মেঘা ইব গিবীনথ—বা। (৭৮)… ব্যাহাবন্ধু ভ্রমান্ধানি—বা,
ভাহনচৈচা ভ্রমান্ধানি পাওবঃ—বা নি।

ভীম (১৯)-১১৪

শিবোভিঃ প্রপতদ্ভিশ্চ বাহুভিশ্চ বিভূষিতৈঃ।
ভাশার্ষ্টিবিবাভাতি পাণিভিশ্চ সহাস্কুশৈঃ॥৭৯॥
ক্তোত্তমাঙ্গাঃ স্বন্ধেরু গজানাং গজবোধিনঃ।
অদৃশ্যন্তাচলাপ্রেরু ক্রুমা ভগ্নশিখা ইব ॥৮০॥
ধ্রুত্তগ্লহতানন্যানপশ্যাম মহাগজান্।
পততঃ পাত্যমানাংশ্চ পার্বতেন মহাত্মনা ॥৮১॥
মাগধোহথ মহীপালো গজমৈবাবতোপমম্।
প্রেষ্যামাদ দমবে দৌভদ্রুশ্য বথং প্রতি॥৮২॥
তমাপততং সংপ্রেক্ষ্য মাগধশ্য মহাগজম্।
জ্বানিকেবৃণা বীবঃ দৌভদ্রঃ পববীবহা ॥৮৩॥
তন্যাবজ্জিতনাগশ্য কার্ষিঃ পবপুরপ্তবঃ।
বাজে। বজতপুজ্যেন ভল্লেনাপাহবচ্ছিবঃ ॥৮৪॥

ভারতকোমূদী

ক্ষুবৈবিতি। ক্ষুবাদীনি তদানীস্তনাক্সস্তাণি। উত্তমাদানি শিবাংসি ॥ ৭৮॥
শিবোভিবিতি। অশ্বর্টিঃ পাষাণর্টিঃ, আভাতি স্ম ॥ ৭৯॥
কত্তেতি। কত্তোত্তমাদান্দিরমন্তকাঃ। অচলাগ্রেষু পর্বতোপবিদেশেষু ॥ ৮০॥
ধৃষ্টেতি। পার্যতেন ধৃষ্টগুরেন পাত্যমানান্, অতএব পততঃ ॥৮১॥
মাগধ ইতি। মাগধো মগধদেশীযো জ্বৎদেনো নাম তথৈব পূর্ব্বোক্তেঃ ॥৮২।
তমিতি। আপতন্তমাগচ্চন্তম্। একেষুণা একেনৈব বাণেন ॥৮৩॥
তম্তেতি। ন ব্জিতো মৃতত্বেংপি ন তাজো নাগো হস্তী যেন তম্ম, কাঞ্চিবভিমন্তাঃ ॥৮৪॥

তখন অলঙ্কত মস্তক ও বাছ এবং অঙ্কুশযুক্ত হস্ত দকল পতিত হইতে থাকার প্রস্তরবৃষ্টির স্থায় বোধ হইতে লাগিল ॥৭৯॥

এবং হস্তিস্কর্মবর্তী ছিন্নমন্তক হস্তিযোধিগণ, পর্বভাগ্রে ভগ্নশিখ বৃক্ষসমূহের স্থায় দৃষ্টিগোচর হইতে পাকিল ॥৮০॥

মহাত্মা ধৃষ্টপ্রায় অপর মহাহস্তীগুলিকে বধ করিয়াছেন এবং তিনি যে হস্তী-গুলিকে নিপাতিত করিভেছেন, দেগুলিও পতিত হইতেছে দেখিলাম ॥৮১॥

তাহার পর মগধরাজ জয়ৎদেন সমরাঙ্গনে অভিমন্তার রথের দিকে **এরাবড-**হস্তীর তুল্য আপন হস্তীটাকে প্রেরণ করিলেন ॥৮২॥

মগধরাব্দের সেই মহাহস্তীটা আদিতেছে দেখিয়া বিপক্ষবীরহন্তঃ বীর অভিমন্থা একটা বাণবারাই দেটাকে বধ করিলেন ॥৮৩॥

⁽৮০) হতোত্তমাদ্বাঃ । ন। (৮১) । পশাম মহতো গলান্ – পি বা।

বিগাহ্য তদ্গজানীকং ভীমদেনোহপি পাণ্ডবঃ ।
ব্যচবং সমবে মৃদুন্ গজানিক্রো গিবীনিব ॥৮৫॥
একপ্রহাবনিহতান্ ভীমদেনেন দন্তিনঃ ।
অপগ্রাম বণে তন্মিন্ গিবীন্ বজ্রহতানিব ॥৮৬॥
ভয়দন্তান্ ভয়কবান্ ভয়দক্ষীংশ্চ বাবণান্ ।
ভয়পৃঠিত্রিকানন্মান্ নিহতান্ পর্বতোপমান্ ॥৮৭॥
নদতঃ সীদতশ্চান্মান্ বিমুখান্ সমবে গতান্ ।
বিক্রতান্ ভনসংবিয়াংস্তথা বিশরতোহপবান্ ॥৮৮॥ (বিশেষকম্)
ভীমদেনস্ম মার্গেব পতিতান্ পর্বতোপমান্ ।
অপগ্রং নিহতান্ নাগান্ বাজন্ । নিষ্ঠীবতোহপবান্ ॥৮৯॥

ভারতকৌ সূদী

বিগাহেতি। বিগাহ প্রবিশ্ব। মূদ্রন্ গদ্য। মূদ্রন্ ৮৫।

একেতি। দন্তিনো গভান্। নমেবপ্রহাবেণ বানং বছবো দন্তিনো নিহতা ভবিতু-মইন্তি গদাযাস্তাদৃশদীর্ঘতাভালাদিত্যাহ —ভগ্নেত্যাদি। ভগ্নবান্ মদিতস্থলান্, ভগ্নস্কুণীন্ ভগ্নোকদেশান্, ভগপুষ্ঠিকিনান্ ভগ্নমেকদ্ভান্। বিগতং নির্গতং শক্ষিষ্ঠা যেবাং তান্ ॥৮৬—৮৮॥

মগধরাজ তথনও সে হস্টাটাকে ত্যাগ করেন নাই, সেই অবস্থাতেই বিপক্ষনগরবিজয়ী অভিমন্ন্য একটা রৌপাপুশু ছন্নদারা তাঁহার মস্তক ছেদন করিলেন ॥৮৪॥

পূর্বকালে ইন্দ্র যেমন বজ্রদারা পর্বত মর্দ্দন করিতেন, দেইবাপ পাণ্ড্রনন্দন ভীমদেনও দেই হস্তিনৈত্তের মধ্যে প্রবেশ করিয়া গদাদ্বারা হস্তিগণকে মর্দ্দন করিতে ধাকিয়া সমরাদনে বিচরণ করিতে লাগিলেন ॥৮৫॥

তথন আমরা দেখিলান—এক বক্রাঘাতে যেমন অনেক পর্বত বিদীর্ণ হয়, দেইবাপ দেই যুদ্ধে ভামদেনের এক গদাঘাতে অনেক হস্তা নিহত হইয়াছে। কোন হস্তীর দন্ত, কোনটার শুভ, কোনটার উক এবং কোনটার মেকদণ্ড ভাসিমা গিয়াছে, আর ভামের গদাঘাতে পর্বতপ্রমাণ মতা অনেক হস্তা নিহতই ইইয়াছে। ডা'র পর, ভামের গদার আঘাতে বভকগুলি হস্তা আর্তনাদ করিতেছে, কতকগুলি অবনম হইমা পড়িয়াছে, অপরগুলি যুদ্ধে পরামুধ ইইয়াছে, কভকগুলি পলামন করিতেছে, বভকগুলি ভাষে অস্থির ইইয়াছে এবং অনেকগুলি বিষ্ঠা-মূত্র ভাগে স্বিভেছে ৮৮৮ ৮৮৮

⁽৮९)--- इंडरेंग् इप्रत भड़ रहराम् ६ १।

বমন্তো রুধিবঞ্চান্যে ভিন্নকুম্ভা মহাগজাঃ।
বিহবলন্তো গতা ভূমিং শৈলা ইব ধবাতলে ॥৯০॥
মেদোরুধিবদিশ্বান্ধো বদামজ্জদমুক্ষিতঃ।
ব্যচবৎ দমবে ভীমো দণ্ডপাণিবিবাস্তকঃ ॥৯১॥
গজানাং রুধিবরিন্নাং গদাং বিজ্রদ্বকোদবঃ।
ঘোবঃ প্রতিভয়শ্চাসীৎ পিনাকীব পিনাকভূৎ ॥৯২॥
দশ্মথ্যমানাঃক্রেক্নেন ভীমদেনেন দন্তিনঃ।
সহসা প্রাদ্রবন্ রিন্টা মৃদ্যুন্তব্ব বাহিনীম্ ॥৯০॥
তং হি বীবং মহেম্বাদাঃ দোভিত্রপ্রম্থা বথাঃ।
পর্যাবক্ষন্ত যুধ্যন্তং বজ্রাযুধমিবামবাঃ ॥৯৪॥

ভারতকোমুদা

ভীমেতি। মার্গেষু অতীতপথেষু। নিষ্ঠীবতঃ ফেনান্ ব্যতঃ ॥৮৯॥
বনস্ত ইতি। ভিন্নকুস্তা গদাঘাতেন। বিহ্বলন্তো বিহ্বলীভূতাঃ ॥৯০॥
মেদ ইতি। মেদোকধিবৈদিশ্বাঙ্গো লিপ্তগাত্রঃ, বসাসজ্জভাাং সমৃক্ষিতঃ সিক্তঃ ॥৯১॥
গঙ্কানামিতি। ঘোনো মহান্, প্রতিভ্যো ভ্যক্ষবঃ, পিনাকী শিবঃ, পিনাকভূৎ পিনাক-ধন্ত্র্দ্ধবঃ ॥৯২॥

সন্মধ্যেতি। দন্তিনো হন্তিনঃ। প্রাদ্রবন্ পলাযন্ত, মৃদ্,ন্তো মর্দ্রন্তঃ ॥৯৩॥

রাজা। আরও দেখিলাম—ভৌমদেন যে পথ দিয়া গিয়াছেন, দে পথে অনেক হস্তী নিহত হইয়া পভিত রহিয়াহে এবং অপর কতকগুলি হস্তী মুখ হইতে কেন উদ্গার করিতেছে ॥৮৯॥

বিদীর্ণকুম্ব অন্য মহাহন্তী সকল রক্ত বমন করিতে থাকিয়া বিহবল হইরা পর্বতের স্থায় ভূতলে পতিত হইয়া রহিষাতে ॥৯০॥

এইভাবে মেদ ও রক্তে লিগুদেহ এবং বদায় ও মজ্জায় সিক্তশরীর গদাধারী ভীমদেন দণ্ডধারী যমের স্থায় সমরাঙ্গনে বিচরণ করিতে লাগিলেন ॥৯১॥

হস্তি-রক্ত-সিক্ত-গদাধারী ভীমদেন তৎকালে পিনাকধনুদ্ধারী মহাদেবের স্থার সকলেরই অত্যন্ত ভরত্বনক হইয়াছিলেন ॥৯২॥

ভীমসেন জুদ্ধ হইয়া যে সকল হস্তীর উপরে আঘাত করিতে লাগিলেন, সেগুলি অভ্যন্ত ব্যথিত হইয়া আপনার সৈক্সগণকেই মৰ্দ্দন করিতে থাকিয়া ক্রত পলায়ন করিতে লাগিল ॥৯৩॥

⁽৯১)…বসামজ্জাসমৃক্ষিতঃ—বা নি। (৯২) ফ্রধিবাক্তাঙ্গাম্—পি বা। (৯৩) নির্ম্বথ্য-মানাঃ—পি বা। (৯৪)…মহেছাসম্—রা নি।

শোণিতাক্তাং গদাং বিভ্রন্থক্ষিতাং গজশোণিতৈঃ।
কৃতান্ত ইব বৌদ্রোত্মা ভীমসেনো ব্যদৃশ্যত ॥৯৫॥
ব্যায়চ্ছমানং গদয়া দিক্ষু সর্বস্থ ভাবত।।
অপশ্যাম বণে ভীমং নৃত্যন্তমিব শঙ্কবম্ ॥৯৬॥
যমদণ্ডোপমাং গুর্বীমিন্দ্রাশনিসমস্থনাম্।
অপশ্যাম মহাবাজ। বৌদ্রোং বিশসনীং গদাম্॥৯৭॥
বিমিশ্রোং কেশমজ্জাভিঃ প্রদিশ্ধাং রুধিবেণ চ।
পিনাকমিব রুদ্রেশ্য ক্রুদ্বস্যাভিন্নতঃ পশূন্॥৯৮॥ (যুগ্মকম্)
যথা পশূনাং সংঘাতং যন্ত্যা পালঃ প্রকালয়েৎ।
তথা ভীমো গজানীকং গদয়া সমকালয়ৎ॥৯৯॥

ভারতকোমুদী

তমিতি। মহেধাসা মহাধন্থর্দ্ধবাং, সৌভন্দপ্রমুথা অভিমন্ত্যপ্রভৃত্যং ॥৯৪॥
শোণিতেতি। বিল্লং ধাবধন্, উক্ষিতাং সিক্তাম্। বৌদ্ধাথা ভষক্ষবমূর্টিঃ ॥৯৫॥
ব্যাধচ্ছেতি। ব্যাধচ্চমানং ব্যাধামং কুর্বস্তম্। শক্ষবগ্রহণং শুল্লজে ভীমসাম্যার্থম্ ॥৯৬॥
যমেতি। শুর্বীং ভাববতীম্। বিশস্ততে হিংস্তাতে অনমেতি বিশসনী তাম্। প্রদিশ্ধাং
লিপ্তাম্। শিনাকং নাম ধন্তং, "পিনাকোহজগবং ধন্তং" ইত্যমবং। পশ্ন্ প্রাণিনঃ ॥৯৭—৯৮॥
যথেতি। বই্যা দণ্ডেন, পালঃ পশুবক্ষকঃ, প্রকালবেৎ দম্বেৎ॥৯৯॥

পূর্বেকালে দেবতারা বেমন ইস্রেকে রক্ষা করিতেন, দেইরূপ মহাধর্ম্বর অভিমন্থ্যপ্রভৃতি রধীরা যুধ্যমান মহাবীর ভীমদেনকে রক্ষা করিলে লাগিলেন ॥৯৪॥
নরশোণিত ও গজশোণিত সিক্ত গদাধারী ভীষণমূর্ত্তি ভীমদেন তৎকালে
দগুধারী যমের স্থায় দৃষ্টিগোচুর হইতে থাকিলেন ॥৯৫॥

ভরতনন্দন! ক্রমে আমরা দেখিলাম—ভীমসেন গদা লইয়া ব্যায়াম করিতে থাকিয়া সমরাঙ্গনের সকল দিকেই যেন মহাদেবের ন্যায় নৃত্যু করিতেছেন ॥৯৬॥

মহারাজ। আরও দেখিলাম—প্রলয়কালে জ্বগতের সমস্ত-প্রাণি-সংহারে প্রবৃত্ত ক্রেজ মহাদেবের হস্তে পিনাকধন্তর স্থায় ভীমদেনের হস্তে যমদণ্ডের তুল্য ভারী, ইন্দ্রের বজ্রের সমান শব্দকারী, ভীষণমূর্ত্তি, হস্তিদংহারক, কেশ ও মজ্জা-সংযুক্ত এবং রুধিরলিপ্ত দেই গদাদণ্ড রহিয়াছে ॥৯৭—৯৮॥

⁽৯৮) ব্যামিশ্রাম্ - পি, ব্যুলিশ্রাম্ — বা। (৯০)- গদ্যা প্র্যুকালয়ৎ — পি বা।

į

গদয়া বধ্যমানাস্তে মার্গ গৈশ্চ সমস্ততঃ।
স্বান্থনীকানি মৃদুন্তঃ প্রাদ্রবন্ কুঞ্জবাল্ডব ॥>০০॥
মহাবাত ইবাজাণি বিধমিত্বা স বাবণান্।
অতিষ্ঠৎ সমবে ভীমঃ শাশান ইব শূলভূৎ ॥>০>॥
ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈবাসিক্যাং ভীম্মপর্ববিণি ভীম্মবধে চতুর্থদিবসমুদ্ধে ভীমমুদ্ধে একষ্টিতমোহধ্যায়ঃ॥০॥ *

-0%0-

দ্বিষফ্টিভমোহধ্যায়ঃ।

সঞ্জয উবাচ।

হতে তন্মিন্ গজানীকে পুত্রো হুর্য্যোধনস্তব। ভীমসেনং ভ্রতেত্যেং সর্ববদৈস্যান্যচোদয়ৎ ॥১॥

ভারতকোসুদী

গদ্যেতি। মার্গণৈর্বাণেঃ। অনীকানি সৈতানি, মৃদ্যুক্তো মর্জমন্তঃ ॥১০০॥
মহেতি। অভাণি মেঘান্, বিধমিত্বা বিলমং নীত্বা, বাবণান্ হন্তিনঃ ॥১০১॥
ইতি মহামহোপাধ্যাম-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসনিজ্ঞান্তবাদীশভট্টাচার্য্যবিবচিতামাং
মহাভাবতটীকামাং ভাবতকৌমুদীসমাধ্যামাং ভীম্মপর্কণি ভীম্মবধে একষ্টিতমোহধ্যামঃ ॥০॥

পশুপালক যেমন যষ্টিদারা পশুদমূহকে দমন করে, দেইরূপ ভীমদেন গদাদারা আপনার হস্তিদৈশুকে দমন করিলেন ॥৯৯॥

গদাদ্বারা এবং সকল দিক্ ছইভে বাণদ্বারা বধ্যমান আপনার দেই হস্তিসমূহ আপন সৈম্বগণকেই মৰ্জন করিতে থাকিয়া পলারন করিতে লাগিল ॥১০০॥

ক্রমে মহাবায় বেমন মেঘসমূহকে অপসারিত করে, সেইকপ ভীমদেন হস্তিসমূহকে অপসারিত করিয়া, শাশানে শূলপাণি শিবের স্থায় সমরাঙ্গনে অবস্থান করিতে লাগিলেন" ॥১০১॥

সঞ্জর বলিলেন—"মহারাজ! সেই হস্তিদৈগু নিহত হইলে, 'ভীমটাকে বং কর' এইবাপ আদেশ করিয়া আপনার পূত্র ছর্য্যোধন সকল সৈগু প্রেরণ করিলেন॥১॥

 [&]quot;দিবটিতমো২ধ্যায়'—বা ব রা নি।

ততঃ সর্ব্বাণি সৈন্তানি তব পুত্রস্ত শাসনাৎ।
অভ্যন্তবন্ ভীমসেনং নদন্তং ভৈববান্ ববান্ ॥২॥
তং বলোষমপর্য্যন্তং দেবৈবিপি হুতঃসহয়।
আপতন্তং হুতুম্পাবং সমুদ্রমিব পর্ব্বণি ॥৩॥
বথনাগাশ্বকলিলং শল্পভুন্দুভিনাদিত্য়।
অনন্তবথপাদাতং বজদা সর্ব্বতো বৃত্তম্ ॥৪
স ভীমসেনঃ সমবে মহোদধিমিবাপবন্।
সেনাসাগবমগোভ্যং বেলেব সমবাবয়ং ॥৫॥ (বিশেষকম্)
তদাশ্চর্য্যমপশ্যাম পাগুবস্ত মহাত্মনঃ।
ভীমসেনস্ত সমবে বাজন্। কর্মাতিমানুষ্য্ ॥৬॥
উদীর্ণান্ পার্থিবান্ সর্বান্ সাহান্ স্বথকুপ্পবান্।
অসন্তমং ভীমসেনো গদ্যা সমবাব্যং ॥৭॥

ভারতকৌমুদী

হত ইতি। দ্বত যুবং মাবষত। অচোদষৎ প্রৈববৎ ॥১॥
তত ইতি। শাসনাদাদেশাৎ। অভ্যন্তবন্ অভ্যধাবন্, নদস্তং কুর্বস্তম্ ॥২॥
তমিতি। অপর্যান্তমসীমম্। পর্বাণি পূর্ণিমাধামমাবস্থাযাং বা। বহৈথনাগৈর্হস্তিভিঃ
অক্ষৈক কলিলং ব্যাপ্তম্। পাদাতং পদাতিসমূহং, বজ্ঞসা ধ্লিজালেন। বেলা তীবম্ ॥৩—৫॥
তদেতি। আশ্চর্যাম্ অতিমান্ত্যং মাহুবৈবসাধ্যক্ষ কর্ম অপস্থাম ॥৬॥
উদীর্ণানিতি। উদীর্ণান্ যুদ্ধাধোত্যতান্। অসম্ভ্রমং ব্যস্ততাবহিত্য্ ॥৭॥

তাহার পর আপনার পুত্রের আদেশে সমস্ত দৈস্ত, ভয়ঙ্কর গর্জনকারী ভীমদেনের দিকে ধাবিত হইল ॥২॥

হন্তী, অশ্ব ও মহারথগণে পরিপূর্ণ, অসংখ্য রথী ও পদাতিসমূহযুক্ত, শঙ্খ ও ছন্দৃতির শব্দে নিনাদিত, সকল দিকেই ধূলিতে পরিবৃত এবং দেবগণেরও অতিহংসহ দেই অসীম সৈক্সসমূহ দিঙীয় মহাসমুদ্রের আয় আসিতে লাগিলে, তীর বেমন মহাসমুদ্রকে বারণ করে, সেইবপ একক ভীমসেনই অক্ষোভ্য সেই সৈশ্তসমুদ্রকে বারণ করিতে লাগিলেন ॥ ৮— ৫॥

রাজা। তৎকালে যুদ্ধে মহাত্মা পাণ্ড্নন্দন ভামসেনের অলৌকিক ও আশ্চর্য্য কার্য্য আমরা দেখিতে লাগিলাম ॥৬॥

যেহেতু একক ভীমদেনই গদাঘারা ধীরভাবে হস্তী, অশ্ব ও রথের সহিত যুদ্ধোগত দকল রাজাকেই বারণ করিতে পাকিলেন ॥৭॥

⁽২) ততঃ সর্বাণ্যনীকানি বানি। (a) তং ভীমদেন:--রানি।

দ সংবার্ব্য বলৌঘাংস্তান্ গদযা বলিনাং ববঃ।
অতিষ্ঠন্ত, মূলে ভীমো গিবির্মেরুবিবাচলঃ ॥৮॥
তিন্দিন্ স্থতুমূলে ঘোবে বণে প্রমদারুণে।
ভাতবশ্চেব পূ্ত্রাশ্চ ধ্রউত্যুদ্ধশ্চ পার্যতঃ ॥৯॥
দ্রোপদেয়াভিমন্যুশ্চ শিখণ্ডী চাপবাজিতঃ।
ন প্রাজহন্ ভীমদেনং ভয়ে জাতে মহাবলম্ ॥১০॥ (য়ুয়কম্)
ততঃ শৈক্যায়সীং গুরুবীং প্রসূত্র মহতীং গদাম্।
অধাবত্তাবকান্ বোধান্ দগুপাণিবিবাস্তকঃ॥১১॥
পোথযন্ বথরুন্দানি বাজিরুন্দানি চাভিভূঃ।
ব্যচবৎ সমবে যোধান্ যুগান্তে পারকো যথা॥১২॥
বিনিম্ন্ত্য সমবে যোধান্ যুগান্তে কালব্দ্বিভূঃ।
উরুবেগেন সংকর্ষন্ বথজালানি পাগুবঃ॥১০॥ (য়ুয়কম্)

ভারতকোমুদী

স ইতি। তুমূলে যুদ্ধে ইতি শেষ:। অচলো নিক্ষপা: ॥৮॥

ভশিন্নিভি। বোবে মহতি। ভাতবো নকুলাদয়, পূজা ঘটোৎকচাদয়:। জৌপদেখৈ জৌপভাঃ পুঠৈত্রমূজোহভিসন্থাবিভি জৌপদেযাভিসন্থাঃ, মধ্যপদলোপী সমাসঃ। প্রাজহন্ অত্যন্ন ॥১—১০॥

তত ইতি। শৈক্যায়ো লৌহসাবতেন হতেতি শৈক্যায়দী তাম্, গুৰ্বীং ভাবৰতীম্ ॥১১॥ পোণ্যমিতি। অভিভৰতি শক্তন্ প্ৰাক্ষয়ত ইতি অভিভূঃ। বিভূঃ শক্তিমান্ ॥১২—১৩॥

বলিশ্রেষ্ঠ ভীমদেন গদাদারা দেই দৈয়দমূহকে বারণ করিয়া সুমেরুপর্বতের ফার অচল হইয়া দমরাদনে অবস্থান করিতে লাগিলেন ॥৮॥

ভাতারা, পুত্রেরা, পৃষ্ডনন্দন ধৃষ্টগুয়া, ভৌপদীর পুত্রেরা, অভিমন্ত্য ও অপরাজিত শিখণ্ডী—ইহারা সেই অডিভুমূল ও অভিভয়ত্বর মহাযুদ্ধে ভয়ের সম্ভাবনা থাকায় মহাবল ভীমদেনকে পরিভ্যাগ করিলেন না ॥৯—১০॥

ভাহার পর ভীমদেন লোহদার (ইস্পাত-) নির্মিত, ভারবতী ও মহতী গদা ধারণ করিয়া দণ্ডপাণি যমের ক্যায় আপনার যোদ্ধাদের প্রতি ধাবিত হইলেন ॥১১॥ ক্রমে শক্তিশালা ও বিপক্ষবিজয়ী পাণ্ড্নন্দন ভীমদেন, প্রলয়কালে মহা-

⁽৮)…বিধিনাং ববং—বা নি। (১) কালে প্ৰসদাকণে—বা নি। (১২) ।বাজিবুন্দানি বা বিদ্য়ং—শি বা, ে বর্ণয়ন্ ব্রুক্তানি বাভাবগেন পাণ্ডবং—বা নি। (১৩) বিনিম্নন্ ব্যুচ্বং মণ্ডো—বা নি।

বলানি চ মমদ্দাশু নড্বলানীব কুঞ্জবঃ।

মৃদ্বন্ব বথেভ্যো বথিনো গজেভ্যো গজমোধিনঃ॥>৪॥

সাদিনশ্চাশ্বপৃষ্ঠেভ্যো ভূমো চাপি পদাতিনঃ।
গদযা ব্যধমৎ সর্ববান্ বাতো ব্রহ্মানিবোজসা॥>৫॥
ভীমসেনো মহাবাহুস্তব পুত্রস্ত বৈ বলে।

সাপি মজ্জাবসামাংসৈঃ প্রদিগ্ধা ক্রধিবেণ চ॥>৬॥
অদৃশ্যত মহাবোদ্রা গদা নাগাশ্বপাতনী।
তত্র তত্র হতৈশ্চাপি মনুষ্যগজবাজিভিঃ॥>৭॥

বণাঙ্গনং সমভবন্ম ত্যেবাবাসসন্নিভ্য্।
পিনাক্ষিব ক্রদ্রস্ত কুদ্ধাস্তাভিন্নতঃ পশূন্॥>৮॥

যমদণ্ডোপমামুগ্রামিন্দ্রাশনিসমস্থনাম্।

দদৃশ্ভর্ভীমসেনস্ত বোদ্রাং বিশ্বনীং গদাম্॥>৯॥ (কুলকম্)
ভারতক্ষিম্বদী

বলানীতি। নড্বলানি নলবছলানি ছানানি, "নলপ্রাযে নড্বান্ নড্বল ইত্যপি" ইত্যম্বঃ ॥১৪॥

সাদিন ইতি। সাদিন আবোহিণঃ। ব্যধমৎ স্তপাত্যৎ। প্রদিশ্ধা লিপ্তা। নাগা হন্তিনঃ অধাশ্চ পাত্যন্তে অনযেতি নাগাশ্বপাতনী। পিনাকং নাম ধহুং। পশূন্ প্রাণিনঃ। বিশস্তান্তে হিংস্তান্তে অনযেতি বিশসনী তাম্ ॥১৫—১৯॥

কালের স্থায় যুদ্ধে বিপক্ষদৈশ্বসংহার, উরুবেগে রথসমূহাকর্ষণ এবং রথ ও অশ্ব-সমূহকে নিম্পেষণ করিতে থাকিয়া যুগান্তকালীন অগ্নির স্থায় যুদ্ধে বিচরণ করিতে লাগিলেন ॥১২—১০॥

হস্তী যেমন নপযুক্ত স্থানকে নিম্পেষণ করে, সেইবাপ জীমদেন রথ হইতে রথীদিগকে এবং হস্তী হইতে হস্তিযোধিগণকে নিপাতিত করতঃ সম্বরই বিপক্ষ-সৈম্য নিম্পেষণ করিতে থাকিলেন ॥১৪॥

বায় যেমন বৃক্ষদমূহকে নিপাভিত করে, সেইনপে মহাবাছ ভীমদেন গদাদ্বারা বলপূর্বক অর্থপৃষ্ঠ হইতে সকল আরোহীকে এবং ভূতলে দমস্ত পদাভিকে নিপাভিত করিতে লাগিলেন। রাজা। তথন আপনার পুত্তের দৈল্লমধ্যে হস্তী ও অশ্বনাশিনী এবং মহাভীষণা ভীমদেনের সেই গদাটাকে রক্ত, মাংদ, বদা ও মজ্জায় লিপ্ত দেখা যাইতে লাগিল। ভিন্ন ভিন্ন স্থানে মানুষ, হস্তী ও অহ্ম

⁽১৭) · মহাবৌদ্রী গদা নাগাশ্বঘাতিনী—পি বা। (১০) আপানসনিভম্···পি, আঘাতু-সন্নিভম্· বা।

ভীশ্ব (১৯)-১১৫

আবিধ্যতো গদাং তস্ত কোন্তেয়স্থ মহাত্মনঃ।
বতো রূপং মহাঘোবং কালস্থেব যুগক্ষযে॥২০॥
তং তথা মহতীং দেনাং দ্রাবযক্তং পুনঃ পুনঃ।
দৃষ্ট্যা মৃত্যুমিবাযান্তং সর্বের বিমনসোহতবন্ ॥২১॥
যতো যতঃ প্রেক্ষতে স্ম গদামূল্যম্য পাগুবঃ।
তেন তেন স্ম দীর্ঘন্তে সর্বেদেন্তানি ভাবত।॥২২॥
প্রদারয়ন্তং দৈল্যানি বলেনামিতবিক্রমম্।
গ্রসমানমনীকানি ব্যাদিতাস্থমিবান্তকম্॥২০॥
তং তথা ভীমকর্মাণং প্রগৃহীতমহাগদম্।
দৃষ্ট্যা ব্রকোদবং ভীশ্বঃ সহসৈব সমন্ত্য়াৎ ॥২৪॥
মহতা বথবোবেণ বথেনাদিত্যবর্চ্চসা।
ছাদয়ন্ শ্ববর্ষেণ পর্জন্য ইব বৃষ্টিমান্॥২৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

আবিধ্যত ইতি। আবিধ্যতো লক্ষেষু চালষতঃ। কালস্ত ৰুদ্রস্থ ॥২০॥ তমিতি। স্ত্রাবৰন্তং বিনাশযন্তম্। সর্বে কৌববদৈক্যাঃ, বিমনসো বিষণ্ণচিত্তাঃ ॥২১॥ যত ইতি। যতো যতো যত্র যত্র। তেন তেন তত্র তত্র। দীর্যান্তে ভজ্যন্তে ॥২২॥ প্রেতি। ব্যাদিতাস্থং প্রকটিতমুখম্। সমভ্যধাৎ সমভ্যধাবৎ। পর্জ্জন্যো মেঘঃ ॥২৩—২৫॥

নিহত হওয়ার সমরস্থলটা মৃত্যুর বাসস্থানের স্থায় হইয়া পড়িল। আর ইন্দ্রের বজ্রের আয় শব্দকারিণী, সর্ববিগংহারিণী ও ভাষণাকৃতি ভামের সেই গদাটাকে, প্রলক্ষকালে ক্রেন্দ্র ও প্রাণিদংহারে প্রবৃত্ত রুদ্রের পিনাকধন্তর তুল্য এবং যমের দত্তের সমান সকলে দেখিতে লাগিল ॥১৫—১৯॥

গদাসঞ্চলনকারী মহাত্মা ভীমসেনের মহাভয়ঙ্কর মূর্ত্তিটা তথন প্রলয়কালীন মহাকালের মূর্ত্তির স্থায় প্রকাশ পাইতে লাগিল ॥২০॥

ভীমদেনকে দেইভাবে বার বার বিশাল দৈক্ত দংহার করিতে করিতে মৃত্যুর স্থায় আদিতে দেখিয়া কৌরবদৈক্তেরা দকলে বিষয়চিত্ত হইয়া পড়িল ॥২১॥

ভরতনন্দন! ভীমসেন গদা উত্তোলন করিয়া যে যে দিকে দৃষ্টিপাত করিতে লাগিলেন, সেই সেই দিকেই আপনার সমস্ত দৈক্স বিচ্ছিন্ন হইতে লাগিল ॥২২॥

অসাধারণবিক্রমশালী ও ভীমকর্মা ভামসেন বিশাল গদা ধারণ করিয়া বলপূর্ব্বক কৌরবদৈন্ত বিচ্ছিন্ন করিডেছেন এবং বিবৃত্তবদন যমের স্থায় কৌরব-দৈন্ত গ্রাস করিডেছেন—ইহা দেখিয়া ভীল্ম, বৃষ্টিকারী মেঘের স্থায় বাণবর্ষণদ্বারা তমায়ান্তং তথা দৃষ্ট্বা ব্যান্তাননমিবান্তকম্।
তীম্মং ভীমো মহাবাহুঃ প্রত্যুদীযাদম্যিতঃ ॥২৬॥
তিম্মিন্ ক্ষণে সাত্যকিঃ সত্যসন্ধঃ শিনিপ্রবীবোহভ্যপতৎ পিতামহম্।
নিম্নমিত্রান্ ধনুষা দূঢেন সংকম্পয়ংস্তব পুত্রেন্স সেনাম্॥২৭॥
তং যান্তমধ্যৈবজতপ্রকাশেঃ শবান্ বপন্তং নিশিতান্ স্পপুঞ্জান্।
নাশক্রুবন্ বাব্যিতুং তদানীং সর্বের্ব গণা ভাবত। বে ক্মদীয়াঃ॥২৮॥
অবিধ্যদেনং দশভিঃ পৃষৎকৈবলমুষো বাক্ষসোহসো তদানীম্।
শবৈশ্চতুভিঃ প্রতিবিধ্য তঞ্চ নপ্তা শিনেবভ্যপতদ্রথেন ॥২৯॥

ভারতকোমুদী

ভমিতি। ব্যান্তাননং বিবৃতবদনম্। প্রত্যুদীষাৎ প্রত্যুদ্গচ্ছৎ ॥২৬॥
তিশিন্নিতি। সভ্যসদ্ধো যথার্থপ্রতিজ্ঞা, শিনিপ্রবীবঃ শিনিবংশ্রেষু শ্রেষ্টবীবঃ ॥২৭॥
তমিতি। বজতপ্রকাশৈ বৌপাতুল্যশুত্রবর্ণেঃ, বপস্থং নিক্ষিপস্তম্ ॥২৮॥
অবিধ্যদিতি। এনং সাত্যকিম্, পৃষৎকৈবাশৈঃ। শিনের্নপ্রা পৌত্রঃ সাত্যকিঃ ॥২৯॥

তাঁহাকে আর্ত করিতে থাকিয়া, সূর্য্যের স্থায় উজ্জ্বল রথে আরোহণ করিয়া, সেই রথের বিশাল শব্দের সহিত সম্বর ভীমদেনের দিকে থাবিত হইলেন ॥২৩—২৫॥ বির্তবদন যমের স্থায় ভীম্মকে আদিতে দেখিয়া ক্রুদ্ধ মহাবাহু ভীমদেনও সেই দিকে ধাবিত হইলেন ॥২৬॥

সেই সময়ে সত্যপ্রতিজ্ঞ ও শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকি দৃঢ ধন্তুদারা শত্রুসংহার করিতে থাকিয়া এবং আপনার পুত্রের সৈহ্যগণকে কম্পিত করিয়া বেগে ভীদ্মের দিকে আসিতে লাগিলেন ॥২৭॥

ভরতনন্দন! সাত্যকি রৌপ্যের স্থায় শুল্রবর্ণ-ঘোটক-চালিত রথে আরোহণ করিয়া শিলাশাণিত ও স্থানরপুঝ বাণদমূহ নিক্ষেপ কবিতে থাকিয়া আদিতে লাগিলে, আপনার পক্ষে ঘাঁহারা ছিলেন, সেই যোদ্ধারা তথন তাঁহাকে বারণ করিতে সমর্থ হইলেন না ॥২৮॥

ভবে রাক্ষ্য অলমুষ তথন দশটা বাণছারা সাভ্যকিকে বিদ্ধ করিল, পরে সাভ্যকিও চারিটা বাণছারা অলমুষকে প্রভিবিদ্ধ করিয়া রধারোহণে গ্রম করিভেই লাগিলেন ॥২৯॥

⁽২·)···তৰ পুত্রস্থ সৈন্তম্—বা নি।

অন্ত্যাগতং বৃষ্ণিববং নিশম্য তং শক্রমধ্যে পবিবর্ত্তমানম্।
প্রদ্রাব্যন্তং ক্রুপুঙ্গবাংশ্চ পুনং পুনশ্চ প্রণদন্তমাজে।
যোধান্ত্রদীয়াঃ শববর্ষবর্ষন্ মেঘা বথা ভূধবমন্ত্রবেগৈঃ ॥৩০॥
তথাপি তং ধাববিভূং ন শেকুর্সধ্যন্দিনে সূর্য্যমিবাপতন্তম্।
অকবোদিতি। পূর্বদিন ইব ভীমো যথা ধার্ত্তবাষ্ট্রান্ ন হয়াত্তদর্পমিত্যর্থ: ॥১॥ পূর্বাহু ইতি। মৃখ্যাঃ প্রধানাঃ শৃবা বিনাশ্যন্তেহিন্দিতি মৃখ্যশ্ববিনাশনম্ ॥২॥ তন্দিনিতি। আকুলসংগ্রামে সঙ্কলযুদ্ধে। শব্দো বীবাণাং কোলাহলঃ ॥৩॥ নদন্তিবিতি। মহানাগৈর্মহাহন্তিভিঃ, হেষমাণৈর্গর্জন্তিঃ। তুমূলং যুদ্ধম্ ॥৪॥

তখন যুদ্ধে ক্ষয় এবং গুরুভর ও ক্ষভুভ যশের অভিলাষী কৌরব ও পাওব-গণের সেই যুদ্ধ পূর্ববিকালের দেব-দানবযুদ্ধের স্থায় ভয়ম্বরভাবে হইতে লাগিল"॥৩৯॥

সঞ্চয় বলিলেন—"রাজা। তথন শান্তমুনন্দন তীম আপনার পুত্রগণকে ভীমের ভয় হইতে উদ্ধার করিবার ইচ্ছায় তুমুল যুদ্ধ করিতে লাগিলেন॥১॥

কৌরবগণ, পাশুবগণ এবং অক্সাম্ম রাজগণের দেই মহাভয়ঙ্কর যুদ্ধ প্র্বাছে হইতে লাগিল; তাহাতে প্রধান প্রধান বীর বিনষ্ট হইলেন ॥২॥

সেই মহাভয়ক্ষ সক্ষুল যুদ্ধ চলিতে লাগিলে, বিশাল-গগনস্পার্শকারী তুমূল শব্দ হইতে লাগিল ॥৩॥ যুযুৎসবস্তে বিক্রান্তা বিজয়ায় মহাবলাঃ।
অন্যোক্তমভিগর্জন্তো গোঠেষিব মহর্ষভাঃ॥৫॥
শিবসাং পাত্যমানানাং সমবে নিশিতৈঃ শবৈঃ।
অশার্ম্প্রিবিবাকাশে বভূব ভবতর্ষভ।॥৬॥
কুগুলোফীয়ধাবীণি জাতরূপোজ্জ্জ্লানি চ।
পতিতানি স্ম দৃশুন্তে শিরাংসি ভবতর্ষভ।॥৭॥
বিশিখোন্মথিতৈর্গাত্তবিভিশ্চ সকাম্মু কৈঃ।
সহস্তাভবণৈশ্চান্মৈরভবচ্ছাদিতা মহী॥৮॥
কবচোপহিতৈর্গাত্তিইস্তৈশ্চ সমলঙ্কতিঃ।
মুখৈশ্চ চন্দ্রসঙ্কাশৈ বজান্তন্যনৈঃ শুভৈঃ॥৯॥
গজবাজিমনুয়াণাং সর্ব্ধগাত্তিশ্চ ভূপতে!।
আসীৎ সর্ব্বা সমাস্তীর্ণা মুহুর্ত্তেন বস্তম্বরা॥২০॥

ভারতকোমুদী

যুর্ৎসব ইতি। অভিগর্জন্ত আদমিতি শেবং। মহর্ষতা বিশালব্যাং ॥৫॥
শিরসামিতি। অশাবৃষ্টিং পাধাণবৃষ্টিবিব বৃষ্টিবিত্যর্থং ॥৬॥
কুণ্ডলেতি। জাতরূপেং স্বর্ণমূক্টিকজ্জলানি। পতিতানি ভূমৌ ॥৭॥
বিশিখেতি। বিশিথোম্থিতৈর্বাণবিক্ষতেং। অতৈ্যুর্বাহুভিন্চ, মহী সমবভূমিং ॥৮॥

মহাহস্তিগণের গর্জনে, অশ্বগণের হেবারবে এবং শব্দ ও ভেরীর নিনাদে যুদ্ধটা তুমুল হইরা উঠিল ॥৪॥

মহাবল ও বিক্রমশালী যোদ্ধারা জয়লাভের জন্ম যুদ্ধার্থী হইয়া গোষ্ঠে বিশাল বুষগণের স্থায় পরত্পার গর্জন করিতে লাগিলেন ॥৫॥

ভরতশ্রেষ্ঠ ! আকাশে প্রস্তরবৃষ্টিপতনের ঘেমন শব্দ হয়, সেইবাপ তীক্ষ্ণবাণ-ছিন্ন মস্তকগুলির পতনের শব্দ হইতে থাকিল ॥৬॥

্রাজা। কুণ্ডল ও উফীষণারী এবং স্বর্ণমুক্টশোভিত মস্তকদমূহ ভূতলে পতিত দেখা যাইতে লাগিল॥৭॥

বাণবিক্ষত দেহ, কামু কৃষ্ক্ত বাহু এবং হস্তালঙ্কারে অলঙ্ক্ত অফা বাহুসমূহদারা সমরভূমি আচ্ছাদিত হইয়া পড়িল ॥৮॥

আর রাজা! মূহূর্ত্তকালমধ্যে বর্মাবৃত শরীর, অলফ্ত হস্ত, রক্তনয়নযুক্ত স্লক্ষণসপ্সাম ও চন্দ্রতুল্য মুখ এবং হস্তী, অধ ও মনুয়াগণের দেহদারা সমগ্র

⁽৫)···গোঠেমু বৃষভা ইব—পি বা । ভীন্ন (১৯)-১২৩

বজোমে হৈশ্চ তুথুলৈঃ শদ্রবিত্যুৎপ্রকাশিভিঃ।
আযুধানাঞ্চ নির্মোধঃ স্তনয়িজু দুমোধভবৎ ॥>>॥ (বিশেষকম্)
দ সম্প্রহারস্তমুলঃ কটুকঃ শোণিতোদকঃ।
প্রাবর্ত্তত কুরণাঞ্চ পাণ্ডবানাঞ্চ ভারত!॥>২॥
তিম্মিন্ মহাভয়ে ঘোবে তুমুলে লোমহর্ষণে।
বরষুঃ শবর্ষাণি ক্ষত্রিয়া যুদ্ধন্তর্মাণাঃ॥>৩॥
আক্রোশন্ কুঞ্জরাস্তত্র শরবর্ষপ্রতাপিতাঃ।
তাবকানাং পবেষাঞ্চ সংযুগে ভবতর্বভ!॥>৪॥
দংবন্ধানাঞ্চ বীবাণাং ধীবাণামমিতোজসাম্।
ধন্মুজ্যাতলশব্দেন ন প্রাজ্ঞারত কিঞ্চন॥>৫॥

ভারতকোমুদী

কবচেতি। কবচোপহিতৈর্বশারতে:। চন্দ্রাসম্বাশেশক্রতুল্যাঃ রক্তৌ অন্তৌ যয়োত্তে তাদৃশে নমনে যেযাং তৈঃ, ছতৈঃ স্থলক্ষণৈঃ। সর্বা বস্থন্ধরা সমবভূমিঃ। রজাংসি ধ্নমো মেঘা ইব তৈঃ। তুনব্রিদ্ধুসমো মেঘার্জ্জনতুল্যাঃ । ৯—১১॥

স ইতি। সম্প্রহাব: সমব:, কটুক: প্রথবো ত্র্দর্শ ইতি যাবং ॥১২॥
তিন্মিমিতি। ঘোবে মহতি, "ঘোবং লোকে বিততমযশঃ" ইত্যাত্যুত্তরবামচবিতবং ॥১৩॥
আক্রোশমিতি। আক্রোশন্ আর্ত্তনাদমকুর্বন্, কুন্তবা হতিন:। সংযুগে যুদ্ধে ॥১৪॥
সমিতি। সংবদ্ধানাং ক্রুনানান্, তথাত্বেহপি ধীবাণাং ধৈর্য্যশালিনাম্ ॥১৫॥

সমরভূমি আর্ত হইরা গেল। ক্রেমে মেষের স্থায় নিবিড় এবং বিহাতের তুল্য অল্পরারা প্রকাশিত ধূলিদ্বারাও সমরাঙ্গন ব্যাপ্ত হইল; আর মেবগর্জনের স্থায় অল্পের শব্দও হইতে লাগিল ॥৯—১১॥

ভরতনন্দন ৷ ক্রমে কোঁরব ও পাগুবগণের সেই তুমূল ও ছদৃ খা যুদ্ধে রজের স্রোত বহিতে লাগিল ॥১২॥

তুমূল, লোমহর্ষণ ও অতিভয়ঙ্কর সেই মহাযুদ্ধে যুদ্ধগৃদ্ধি ক্ষত্তিয়েরা অনবর্জ শর্বর্ষণ করিতে ধাকিলেন ॥ ১৩॥

ভরতশ্রেষ্ঠ। আপনার পক্ষের ও বিপক্ষের হস্তীগুলি সেই যুদ্ধে বাণবর্ষণে পীড়িত হইরা আর্ত্তনাদ করিতে লাগিল ॥১৪॥

ক্রের অথচ ধৈর্যাশীল অমিততেজা বীরগণের ধ্রুষ্টফারে অক্স কোন শব্দই শুনা যাইতে লাগিল না ॥১৫॥

⁽১৪) -- শববর্ষপীডিতা: —পি বা। (১৫) সংবন্ধানাং নৃবীবাণাং শ্বাণামতিতেজ্বসাম্ —পি।

উথিতেরু কবন্ধেরু দর্ববিতঃ শোণিতোদকে।
অপরে পর্যাধাবন্ত নূপা বিপুরধোত্যতাঃ ॥১৬॥
শবশক্তিগদাভিশ্চ থড়ৈগশ্চামিততেজদঃ।
নিজন্মঃ সমবেহন্যোন্তং শ্বাঃ পরিঘবাহবঃ ॥১৭॥
বভ্রয়ঃ কুপ্তরাশ্চাত্র শরৈবিদ্ধা নিবঙ্কুশাঃ।
অধাশ্চ পর্যাধাবন্ত হতাবোহা দিশো দশ ॥১৮॥
উৎপত্য নিপতন্ত্যন্তে শর্বাতপ্রসীড়িতাঃ।
তাবকানাং পরেষাঞ্চ যোধা ভরতসত্তম । ॥১৯॥
বাহুনামুক্তমাঙ্গানাং কন্মু কাণাঞ্চ ভাবত । ।
গদানাং পরিঘাণাঞ্চ হস্তানাঞ্চোক্রভিঃ সহ ॥২০॥
পাদানাং ভূষণানাঞ্চ কেরুবাণাঞ্চ সর্বশঃ।
রাশরশ্চাত্র দৃশ্যন্তে ভীগ্নভীমসমাগমে ॥২১॥ (যুগ্মকম্)

ভারতকোমূদী

উথিতেধিতি। কবন্ধেমু শিরোহীনদেহেমু। তেখেব বিপ্ত্রমাৎ পর্যধাবন্ধিত্যাশরঃ ॥১৬॥
শবেতি। পবিদা মৃদ্গরবিশেষা ইব দীর্ঘা দৃঢাক্ত বাহবো যেষাং তে ॥১৭॥
বজ্রম্বিতি। হতা আরোহা আবোহিণো যেষাং তে। ইত্যুভবত্রাপ্যধীয়তে ॥১৮॥
উৎপত্যেতি। শস্ত্রাঘাতেন পতনানন্তবমূখাযেত্যর্থ:। যোধা বোদ্ধাবং ॥১৯॥
বাহুনামিতি। উত্তমাধানাং মন্তকানাম্। ভীশ্বভীমবোঃ সমাগ্যে মৃদ্ধমেলনে ॥২০—২১॥

দকল দিকে রক্তপ্রবাহের মধ্যে কবদ্ধ দকল উথিত হইলে অপর রা**লারা** দেইগুলিকেই শক্ত মনে করিয়া ভাহাদের বধে উত্তত হইরা ধাবিত হইডে লাগিলেন॥১৬॥

অমিততেজা ও পরিবের স্থায় বাছযুক্ত বীরেরা বাণ, শক্তি, গদা ও তরবারি-দারা যুদ্ধে পরস্পর নিহত করিতে থাকিলেন ॥১৭॥

আরোহীরা নিহত হইলে অঙ্কুশবিহীন হস্তীগুলি বাণবিদ্ধ হইয়া সমরাঙ্গনের
দশ দিকে ভ্রমণ করিতে লাগিল এবং অশ্বগুলিও ধাবিত হইতে থাকিল ॥১৮॥

ভরতশ্রেষ্ঠ। আপনার পক্ষের ও বিপক্ষের অপর যোদ্ধারা উথিত হইয়া আবার শরাঘাতে পতিত হইতে লাগিল ॥১৯॥

ভরতনন্দন! দেই ভীম ও ভীমের যুদ্ধের সময়ে সমরাঙ্গনের দকল স্থানেই

⁽১৬)···সমবে পর্য্যাবস্ত-বা নি। (১৯ ···যোধানাং ভবতর্যভ ! – সি,···পর্য্যধাবন্--সমস্ততঃ-বা। (২১ ···কেঘ্বাণাঞ্চ সংঘশঃ। বাশবস্তত্ত্ব - বা নি।

অধানাং কুপ্পবাণাঞ্চ বথানাঞ্চানিবর্ত্তিনাম্।
সংঘাতাঃ স্ম প্রদৃশ্যন্তে তত্র তত্র বিশাংপতে ! ॥২২॥
গদাভিবসিভিঃ প্রাদৈর্বাণেশ্চ নতপর্ববিভিঃ।
জন্মঃ পবস্পারং তত্র ক্ষত্রিয়াঃ কালচোদিতাঃ ॥২৩॥
অপবে বাহুভির্বীরা নিযুদ্ধকুশলা যুখি।
বহুধা সমসজ্জন্ত আয়ুদেঃ পবিঘৈবিব ॥২৪॥
মুষ্টিভির্জানুভিশ্চেব তলৈশ্চেব বিশাংপতে।।
অন্যোত্যং জন্মিবে বীরান্তাবকাঃ পাগুবৈঃ সহ ॥২৫॥
পতিতৈঃ পাত্যমানৈশ্চ বিচেইটন্তিশ্চ ভূতলে।
ঘোবমায়োধনং জজ্জে তত্র তত্র নবেশ্বর। ॥২৬॥

ভারতকোসুদী

অশ্বানামিতি। অনিবর্ত্তিনাং সমবান্ধনাদনপসাবিণাম্। সংঘাতাঃ সমৃহাঃ ॥২২॥ গদাভিবিতি। কালেন দৈবেন চোদিতাঃ প্রেবিতাঃ ॥২৩॥ অপর ইতি। নিমুদ্ধকুশলা বাহুযুদ্ধনিপুণাঃ। আয়ুদৈনো হুমুদ্ধৈঃ ॥২৪॥ মৃষ্টিভিবিতি। তলৈঃ ক্বতলৈশ্চপেটেবিত্যর্থঃ। পাগুদ্ধেক্তৎপক্ষীম্বীরেঃ ॥২৫॥ পতিতৈবিতি। বিচেষ্টক্তঃ স্পন্দমানেঃ। আযোধনং যুদ্ধ্য ॥২৬॥

রাশি রাশি বাহু, মস্তক, ধহু, গদা, পরিষ, হস্ত, উরু, চরণ, কেযুর ও অস্তাশ্ব অলহার দেখা যাইতে থাকিল ॥২০—২১॥

এবং নরনাথ। সমরভূমির নানাস্থানে অনিবর্তী হস্তী, অখ ও রথসমূহ দৃষ্টিগোচর হইতে লাগিল ॥২২॥

তখন ক্ষত্রিয়েরা দৈবপ্রেরিড হইয়া গদা, ভরবারি, প্রাস ও নতপর্বে বাণদারা পরস্পর বধ করিতে ধাকিলেন ॥২৩॥

বাহুযুদ্ধনিপুণ অপর বীরেরা লোহপরিবতুল্য বাহুদ্বারা বহুপ্রকারে যুদ্ধে ব্যাপুত হইলেন ॥২৪॥

নরনাধ ৷ আপনার পক্ষের মল্লযোজারা পাগুবপক্ষের মল্লযোজাদের সহিত মিলিত হইরা মৃষ্টি, জানু ও করডলদ্বারা পরস্পর আঘাত করিতে লাগিলেন ॥২৫॥

রাজা। স্বয়ং ভূতলপতিত, পরকর্তৃক ভূতলে পাতিত এবং অস্থা বিবিধ-প্রকারে চেটিত মল্লযোদ্ধাদের ভিন্ন ভিন্ন স্থানে ভয়ন্তর যুদ্ধ হইতে লাগিল ॥২৬॥

⁽২৩) --- ফরিনাঃ কাল আগতে—বা নি। (২৬) --- ভত্ত ভত্ত জনেশ্বব ! —পি বা।

বিবথা বথিনশ্চাত্র নিদ্রিংশববধাবিণঃ।
অন্যোন্যমভ্যধাবন্ত পবস্পাববধৈষিণঃ॥২৭॥
ততো তুর্য্যোধনো বাজা কালিস্বৈর্কভির্ব তঃ।
পুবস্কৃত্য রণে ভীষ্মং পাশুবানভ্যবর্ত্ত ॥২৮॥
তথৈব পাশুবাঃ সর্বের্ব পবিবার্য্য রুকোদবম্।
ভীষ্মমভ্যদ্রবন্ ক্রুদ্ধান্ততো যুদ্ধমবর্ত্ত ॥২৯॥

ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈয়াসিক্যাং ভীল্মপর্ববি ভীল্মবধে পঞ্চমদিবদযুদ্ধে সকুলযুদ্ধে ঊনসপ্ততিতমোহধ্যায়ঃ॥০॥ *

--- %+ %---

সপ্ততিতমোইখ্যায়ঃ।

---:*:---

সঞ্জয় উবাচ।

দৃষ্ট্বা ভীত্মেণ সংসক্তান্ ভাত্নস্তাংশ্চ পার্থিবান্। সমভ্যধাবদ্গাঙ্গেয়মূছতান্ত্রো ধনঞ্জযঃ ॥১॥

ভারতকোমূদী

বিবথা ইডি। নিশ্মিংশববধাবিণ উত্তমানিধাবিণঃ ॥২৭॥
তত্ত ইডি। কালিক্সৈং কলিদদেশীবসৈত্যৈ। পুবস্কৃত্য অগ্রেসবীক্বতা ॥২৮॥
তথেডি। পবিবার্ধ্য পবিবেষ্ট্য। অভ্যদ্রবন্ অভ্যধাবন্ ॥২৯॥
ইতি মহামহোপাধ্যাম্ব-ভাবতাচার্ধ্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাদনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতামাং
মহাভাবতটীকাষাং ভাবতকৌমূদীদমাধ্যাবাং ভীম্মপর্কণি ভীম্মবধে উন্সপ্ততিতমোহধ্যায়ঃ ॥০॥

--:-:--

দৃষ্টে, তি। সংসক্তান্ যুদ্ধে মিলিতান্। গাঙ্গেষং তং ভীষম্॥১॥

র্থীরা র্ণবিহীন ও পরস্পর বধৈষী হইয়া বিশাল তরবারি ধারণ করিরা পরস্পরের অভিমুখে ধাবিত হইতে লাগিলেন ॥২৭॥

তাহার পর রাজা হুর্ব্যোধন বহুতর কলিঙ্গদৈক্তে পরিবেষ্টিত হইয়া ভীম্মকে অগ্রবর্ত্তী করিয়া পাগুবগণের দিকে ধাবিত হইলেন ॥২৮॥

সেইবাপ পাশুবেরা দকলেও ক্রুদ্ধ হইয়া ভীমকে পরিবেট্টন করিয়া ভীম্মের প্রতি ধার্বিত হইলেন। তাহার পর তাহাদের যুদ্ধারম্ভ হইল" ॥২১॥

⁽২৮) ··· কলিকৈৰ্বছভিৰ্ব তঃ — বা নি। (২৯) জুদ্ধা বণে বভসবাহনাঃ—পি বা।
* '···সপ্ততিতমোহধ্যায়ঃ'—বা ব বা নি।

পাঞ্চল্যন্থ নির্যোধ্য ধনুষো গাণ্ডিবস্থ চ।
ধরজঞ্চ দৃষ্ট্বা পার্থন্থ সর্ববান্ নো ভয়মাবিশৎ ॥২॥
সিংহলাঙ্গুলমাকাশে জলন্তমিব পর্ববতম্।
অসজ্জমানং রুক্ষেয়ু ধুমকেতুমিবোথিতম্ ॥৩॥
বহুবর্গং বিচিত্রঞ্চ দিব্যং বানবলক্ষণম্।
জপশ্যাম মহাবাজ ! ধ্বজং গাণ্ডীবধন্তনঃ ॥৪॥ (য়ুয়কম্)
বিত্যুতং মেঘমধ্যস্থাং ভ্রাজমানামিবান্তবে।
দদৃশুর্গাণ্ডিবং বোধা রুক্মপৃষ্ঠং মহামুধে ॥৫॥
আশুদ্রাম ভূশগোস্থা শক্রন্থেবাভিগর্জ্জতঃ।
স্থবোবং তলয়োঃ শব্দং নিম্নতন্তব বাহিনীম্ ॥৬॥

ভারতকোমুদ

পাঞ্চেতি। নির্বোধং শ্রুছেতি শেষঃ। নং জন্মান্, ভবং কর্ত্ত্ ॥২॥
সিংহেতি। সিংহলান্দ্,লং সিংহতুল্যলান্দ্,লযুক্তম্। বানবলক্ষণং কপিচিত্তম্ ॥৩—৪॥
বিচ্যুতমিতি। বোধা বোদ্ধাবঃ, কল্পপৃষ্ঠং স্বর্ণথচিতপৃষ্ঠম্, মহামুধে মহামুদ্ধে ॥৫॥
আঞ্জনমতি। শক্রম্ভ শক্রচালিতমেযক্ত। তলবোর্হন্তাবাপয়োঃ ॥১॥

সঞ্জয় বলিলেন—"এৰ্জ্ন ভাতাদিগকে এবং অক্সান্ত রাজগণকে ভীম্মের সহিত মিলিত দেখিয়া অন্ত উত্তোলন করিয়া ভীম্মের দিকে ধাবিত হইলেন ॥১॥

তথন ক্ষের পাঞ্জভাশভার ও অর্জুনের গান্তীবধরুর শব্দ শুনিয়া এবং অর্জুনের ধ্বন্ধ দেখিয়া আমাদের সকলেরই ভয় উপস্থিত হইল ৪২॥

মহারাজ! সিংহের লাস্কের ফার লাস্ক্র্যুক্ত, প্রজ্ঞান পর্বতের ফার উচ্চ, বৃক্ষে অসংলগ্ন, ধ্মকেতুর ফার উত্থিত, বছবর্ণ, বিচিত্র, অলোকিক ও বানরচিক্রনমন্থিত অজ্নের ধ্বজ্ঞাকে আমরা আকাশে দেখিতে লাগি-লাম ॥৩—৪॥

আর মাকাশে শোভমানা মেদমধ্যবর্ত্তিনী বিহ্নাতের স্থায় অর্জনের স্বর্ণথচিত গাণ্ডীবধমুখানাকে হই পক্ষের যোদ্ধারাই দেখিতে লাগিল ॥৫॥

এবং অর্জুন যখন আপনার দৈশু বিনাশ করিতে লাগিলেন, তখন মেঘ-গর্জনের ন্থায় দেই গাণ্ডীব্যমুর শব্দ এবং ভয়স্কর তলশব্দ আমরা শুনিতে পাকিলাম ॥৬॥

⁽⁸⁾ বছবর্ণঞ্চ চিত্রঞ্চ · পি বা।

চণ্ডবাতো যথা মেঘঃ সবিত্যুৎ স্তনয়িত্নু মান্।
দিশঃ সংপ্লাবয়ামাস শববর্ষিঃ সমন্ততঃ ॥৭॥
সমভ্যধাবদ্গাঙ্গেয়ং ভৈববাস্ত্রো ধনপ্লয়ঃ।
দিশং প্রাচীং প্রতীচঞ্চা ন জানীমোহস্ত্রমোহিতাঃ ॥৮॥
কান্দিগ্ ভূতাঃ প্রান্তপত্রা হতায়া হতচেতসঃ।
অন্যোন্তমহিসংশ্লিয় যোধাস্তে ভবতর্ষভ।॥৯॥
ভীন্নমোভালীয়ন্ত সহ সর্বৈস্তবাল্পকৈঃ।
তেষামার্তায়নমভূত্তীয়ঃ শান্তনবো বণে॥১০॥ (য়ৄয়কয়্)
সমূৎপতন্তি বিত্রন্তা বথেত্যা বথিনস্তথা।
সাদিনশ্চাশ্বপৃষ্ঠেভ্যো ভূমেশ্চাপি পদাতয়ঃ॥১১॥

ভারতকোমূদী

চণ্ডেতি। চণ্ডো বাতো যশ্মিন্ সঃ। স্তন্যিত্নুমান্ গৰ্জনবান্ ॥৭॥
সমিতি। গাদেষং ভীষম্, ভৈববাণি অস্ত্ৰাণি যক্ত সঃ ॥৮॥
কান্দিগিতি। কাং দিশং গচ্ছায় ইতি বিল্লান্তাঃ কান্দিগ্ভ্তাঃ, প্ৰান্তপজ্ঞাঃ পবিশ্ৰান্তবাহনাঃ। অভ্যনীযন্ত পশ্চাদ্গচ্ছন্। আর্দ্তাযনম্ আর্দ্তাবস্থাযাং শবণম্ ॥৯—১০॥
সমিতি। সমুৎপত্তি কিংবৃত্তমিতি দর্শনার্থং সমৃতিষ্ঠিত্তি শ্ব, পদাত্যস্থ্রপাদাভ্যাম্ ॥১১॥

প্রচণ্ডবাযুচালিভ, বিহ্যুদ্যুক্ত ও গর্জনকারী মেব যেমন জলদ্বারা সকল দিক্ প্লাবিত করে, দেইরূপ অর্জুন বাণবর্ষণদ্বারা সকল দিক্ প্লাবিত করিলেন ॥৭॥

ক্রমে ভীষণান্ত্রধারী অর্জন ভীগ্নের দিকে ধাবিত হইলেন। তথন আমরা অর্জনের অল্রে মোহিত ইইয়া কোন্টা পূর্বদিক্, কোনটা বা পশ্চিমদিক্ ভাহা বুঝিতে পারিলাম না ॥৮॥

ভরতশ্রেষ্ঠ। দেই সময়ে আপনার অনেক যোদ্ধা দিগ্লান্ত, অনেকের বাহন পরিপ্রান্ত, অনেকের অশ্ব নিহত এবং অনেকে হতচৈতক্ত হইল। তাই তাহারা পরতপর মিলিত হইরা আপনার সকল পুত্রের সহিত যাইরা ভীথের পিছনে লুকাইল। তথন শান্তরুনন্দন ভীথাই যুদ্ধে তাহাদের রক্ষক হইলেন॥৯—১০॥

(কি হইয়াছে ভাহা দেখিবার জন্স) ভীত রধীরা রথ হইতে, অশ্বারোহীরা অশ্বপূর্চ হইতে এবং পদাতিরা ভূতল হইতে উঠিয়া দাঁড়াইতে লাগিল ॥১১॥

⁽१)· দিশঃ সংপ্লাবয়ন্ সর্কাঃ—বা নি। (৮) অভ্যধাবত গালেষম্—পি বা। (১০) ভীন্মমেবাভিলীয়ন্তে—বা।

শ্রুজা গাণ্ডীবনির্ঘোষং বিন্দু জিতমিবাশনেঃ।
সর্বদৈন্তানি ভীতানি ব্যবালীযন্ত ভাবত!॥>২॥
ভাথ কাম্বোজজৈবদৈর্মইন্ডিঃ শীদ্রগামিভিঃ।
গোপানাং বহুসাহস্রৈর্বলৈর্গোপায়নৈর্বৃতঃ॥>৩॥
মদ্রমৌবীবগান্ধাবৈদ্রৈগর্ত্তশ্চ বিশাংপতে!।
সর্বকালিঙ্গমুখ্যৈশ্চ কলিঙ্গাধিপতির্বৃতঃ॥>৪॥
নানানরগণোঘৈশ্চ তঃশাসনপুবঃসবঃ।
জয়দ্রথশ্চ নৃপতিঃ সহিতঃ সর্ববাজভিঃ॥>৫॥
হয়াবোহবয়াশৈচব তব পুত্রেণ চোদিতাঃ।
চতুর্দেশ সহস্রাণি সৌবলং পর্য্যবাবয়ন্॥>৬॥
ততন্তে সহিতাঃ সর্বেব বিভক্তবথবাহনাঃ।
ভাজ্বনং সমবে জন্মু স্তাবকা ভবতর্ষভ!॥>৭॥

ভারতকৌমুদী

শ্রুজিতং পতনশব্দ। ব্যবালীযক্ত ভূমৌ লীনা অভবন্॥১২॥

অথেতি। কাম্বোজকৈ কাম্বোজদেশজাতিত:। গোপায়নৈন্দদাবৈণ্যা, বৃতন্তক্রাজ্য ॥১৩॥

মতেতি। কলিঙ্গাধিপতিমূ তকলিঙ্গবাজপুত্রঃ ॥১৪॥

নানেতি। তৃঃশাসনঃ পুবঃসবো যক্ত স তাদৃশোহভবদিতি শেষঃ ॥১৫॥

হয়েতি। হয়াবোহৰবা অধাবোহিতশ্ৰেষ্ঠাঃ। চকাবাৎ কাধোজবাঞ্চাদযশ্চ ॥১৬॥

তত ইতি। বিভক্তানি বথবাহনানি বৈল্পে। তাবকাল্বৎপক্ষীয়া যোদ্ধাবঃ ॥>٩॥

ভরতনন্দন। সমস্ত কৌরবদৈক্তই বজ্রনির্ঘোষের ক্যায় গাণ্ডীবনির্ঘোষ শুনিরা ভীত হইয়া লুকায়িত হইতে লাগিল ॥১২॥

তাহার পর কাম্বোজরাজ—কাম্বোজদেশীয় বিশালাকৃতি ও ক্রেডগামী অর্থে সমার্চ গোপায়ননামক বছদহস্র গোপদৈন্তে পরিবেষ্টিত হইলেন ॥১৩॥

নরনাধ। কলিঙ্গরাজ—মন্ত, দৌরীর, গান্ধার, ত্রিগর্ত ও কলিঙ্গদেশীয় প্রধান দৈয়গণে পরিবৃত হইলেন ॥১৪॥

আর রাজা জয়ত্রথ নানাবিধ পদাতিশৈতা ও সমস্ত রাজগণের সহিত মিলিড হইলেন এবং ফুঃশাদনকে অগ্রবর্ত্তী করিলেন॥১৫॥

ইহাদিগকে এবং প্রধান অশ্বারোহিগণকে ছর্য্যোধন প্রেরণ করিলেন। তথন এই চৌদ্দ হাজার যোদ্ধা যাইয়া শকুনিকে পরিবেষ্টন করিল ॥১৬॥

⁽১৩) ... वारेनर्ला शायरेन वृद्धः - ज्ञा नि ।

পাগুবাঃ সহিতাঃ সর্বের ধৃষ্টগুল্লপুবোগমাঃ।
তাবকান্ সমরে জলু ধর্লপুত্রেল চোদিতাঃ ॥১৮॥
রথিভির্বারণৈরশৈঃ পাদাতৈশ্চ সমীরিতম্।
ঘোরমায়োধনে জজ্ঞে মহাজ্রসদৃশং রজঃ॥১৯॥
তোমরপ্রাসনাবাচগজাশ্বরথযোধিনাম্।
বলেন মহতা ভীল্লঃ সমসজ্জৎ কিবীটিনা॥২০॥
আবন্তাঃ কাশিবাজেন ভীমসেনেন সৈন্ধবঃ।
জজাতশক্রর্মন্রোণাম্বভেল যশন্বিনা॥২০॥
সহপুত্রঃ সহামাত্যঃ শল্যেন সমস্জ্জত।
বিকর্ণঃ সহদেবেন চিত্রসেনঃ শিথপ্তিনা॥২২॥ (যুগ্মক)
মহস্তা তুর্য্যোধনং জগ্মুঃ শকুনিঞ্চ বিশাংপতে।।
জ্রপদশ্চেকিতানশ্চ সাত্যকিশ্চ মহাবথঃ॥২৩॥

ভারতকোমুদী

পাগুৰা ইতি। ধর্মপুত্রেণ যুধিষ্টিবেণ, চোদিতাঃ প্রণোদিতাঃ ॥১৮॥
বিথিভিরিতি। সমীবিতমুভোলিতম্। আযোধনে বণান্তনে, মহাত্রং মহামেঘঃ ॥১৯॥
তোমবেতি। বলেন দৈত্তেন সহ। সমসজ্জং মিলিতোহভবং ॥২০॥
আবস্ত্য ইতি। আব্যন্তঃ অবস্তিবাজো বিনাঃ। দৈদ্ধবঃ সিদ্ধুবাজো জযক্রথঃ। অজাতশক্রম্ ধিষ্টিবঃ, ঋবভেণ শ্রেষ্টেন। সমসজ্জত যুদ্ধে সম্মিলিতোহভবং ॥২১—২২॥

ভরতপ্রেষ্ঠ ৷ তাহার পর আপনার পক্ষের দেই যোদ্ধারা সকলে মিলিত হইরা রধ ও বাহনগুলিকে বিজ্ঞ করিয়া যুদ্ধে অর্জ্নকে আঘাত করিতে লাগিল ॥১৭॥

আবার যুধিষ্ঠিরের আদেশক্রমে পণ্ডেবেরা সকলেও মিলিত হইরা ধৃষ্টগ্রায়কে অগ্রবর্ত্তী করিয়া যুদ্ধে আপনার যোজ্গণকে প্রহার করিতে থাকিলেন ॥১৮॥

এই সময়ে রথী, পদাতি, হস্তী ও অধের চরণদংঘর্ষে দমরাঙ্গনে মহামেঘ্-তুল্য ভয়ন্তর ধূলিজাল উথিত হইল ॥১৯॥

ক্রমে ভোমর, প্রাস, নারাচ, হস্তী, অশ্ব ও রণযোধীদিগের বিশাল দৈক্তের সহিত যাইরা ভীম অর্জ্নের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥২০॥

পরে অবস্থিরাজ কাশীরাজের দহিত, জয়জ্বণ ভীমের সহিত, পুত্র ও অমাতাবর্গযুক্ত যুধিষ্ঠির যশস্বী মজরাজ শল্যের সহিত, বিকর্ণ সহদেবের সহিত এবং চিত্রদেন শিথগুরি সহিত যুক্তে মিলিভ হইলেন ॥২১—২২॥

⁽১৯)···বোরমায়োধনং চক্রে—বা নি। ভীম (১৯)-১২৪

দ্রোণেন সমসজ্জন্ত সপুত্রেণ মহাত্মনা।
ক্রপশ্চ ক্তবর্মা চ ধ্রউন্থানমভিদ্রতো ॥২৪॥ (যুগাকম্)
এবং প্রব্রাজিতাথানি ভ্রান্তনাগবথানি চ।
সৈন্থানি সমসজ্জন্ত প্রযুদ্ধানি সমন্ততঃ ॥২৫॥
নিবল্রে বিদ্যাতন্তীব্রা দিশশ্চ বজদা ব্রতাঃ।
প্রান্থবাদন্ মহোল্ফাশ্চ সনির্ঘাতা বিশাংপতে। ॥২৬॥
প্রান্থভূতো মহাবাতঃ পাংশুবর্ষং পপাত চ।
নভন্মন্তর্দধে সূর্যঃ সৈন্থেন রজদা ব্রতঃ ॥২৭॥
প্রমোহঃ সর্বভূতানামতীব সমপ্যত।
বিজ্ঞা চাভিভূতানামন্তজ্ঞালৈশ্চ তুগ্যতাম্ ॥২৮॥

ভারতকোমুদী

মংস্থা ইতি। মংস্থা মংস্থাদেশীয়া:। সপুত্রেণ অশ্বথামসহিতেন ॥২৩—২৪॥
এবমিতি। প্রবাজিতা: সঞ্চালিতা অশ্বা বৈন্তানি, লান্তা ইতন্ততশ্চলিতা নাগা হন্তিনো
বথাশ্চ বেষাং তানি, প্রকৃষ্টং বৃদ্ধং বেষাং তানি চ দৈক্যানি, সমন্ততো বৃদ্ধে সমসজ্জন্ত ॥২৫॥
নিরল্র ইতি। নিবলে নির্মেদে আকাশে। বাতাহতবাতপাতো নির্বাতঃ ॥২৬॥
প্রাত্বিতি। পাংগুবর্ষং ধ্লিবৃষ্টি:। নভসি গগনে। সৈক্যোন্তোলিতেন ॥২৭॥
প্রমোহ ইতি। তৃত্তাং তৃত্যানানাং ব্যথ্যমানানাম্ ॥২৮॥

মংস্তদেশীয় যোজারা ছর্যোধন ও শকুনির দিকে গমন করিল এবং জ্ঞপদ, চেকিডান ও মহারথ দাত্যকি—ইহারা মহাত্মা জোণ ও অধ্যামার দহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন। আর কুপাচার্য্য ও কৃতবর্মা ধৃষ্টগ্যুয়ের দিকে ধাবিত হইলেন।২৩—২৪॥

এইভাবে মহাযোজা দৈত্যেরা অশ্বগুলিকে চালাইরা দিরা এবং হস্তী ও রবগুলিকে প্রেরণ করিয়া সকল দিকেই যুদ্ধে প্রবৃত্ত হইল ॥২৫॥

নরনাথ! এই নময়ে মেঘবিহীন আকাশে তীব্র বিহ্যুৎ প্রকাশ পাইতে লাগিল, সকল দিক্ ধ্লিতে আবৃত হইল এবং নির্ঘাতের সহিত বিশাল উৱা সকল পড়িতে থাকিল ॥২৬॥

মহাবায় আবিভ্তি হইল, ধ্লিবৃষ্টি পড়িতে লাগিল এবং সুধ্য নৈক্যোকোলিত ধ্লিদালে আবৃত হইয়া আকাশে অন্তৰ্হিত হইলেন ॥২৭॥

⁽২৫) এবং প্রদ্ববিভাখানি---সমসজ্জ্ব বৃন্দানি তত্ত্ব তত্ত্ব সমস্তত: —পি,---সমসজ্জ্ব ব্নানি তত্র তত্ত্ব সমস্তত: —বা, এবং প্রব্রজিভাখানি---বা নি।

দপ্ততিতমোহধ্যায়ঃ।

বীরবাহুবিস্ফানাং দুসর্বাবরণভেদিনাম্।
সংঘাতঃ শরজালানাং তুমুলঃ সমপতত ॥২৯॥
প্রকাশং চক্রুবাকাশমুত্যতানি ভূজোত্তমৈঃ।
নক্ষত্রবিমলাভানি শস্ত্রাণি ভবতর্বভ!॥:०॥
আর্যভাণি বিচিত্রাণি রুক্মজালারতানি চ।
সংপেতুর্দিক্ষু সর্ববান্ত চর্ম্মাণি ভরতর্বভ!॥৩১॥
সূর্য্যবর্ণেশ্চ নিদ্রিংশৈঃ পাত্যমানানি সর্ববশঃ।
দিক্ষু সর্ববান্ত শরীরাণি শিবাংসি চ॥৩২॥
ভগ্নচক্রাক্ষনীড়াশ্চ নিপাতিতমহাধ্বজাঃ।
হতাশ্বাঃ পৃথিবীং জগ্মুন্তত্র তত্র মহাব্ধাঃ॥৩৯॥
পবিপেতুর্হয়াশ্চাত্র কেচিক্ছক্রকৃত্রবণাঃ।
বথান্ বিপবিকর্ষন্তে। হতেন রথযোধিষু ॥৩৪॥

ভারতকোমুদী

বীবেতি। বীববাছভিবিস্টানাং নিশ্চিপ্তানাম্। সংঘাতঃ সমৃহঃ ॥২৯॥
প্রকাশমিতি। নক্ষত্রাণামিব বিমলা আভা ষেবাং তানি ॥৩০॥
আর্বভাণীতি। প্রবভাণাং বুবাণামিমানীতি আর্বভাণি। ক্রক্সলাং স্বর্ণসমূহঃ ॥৩১॥
স্বর্গ্যেতি। নিস্তিংশৈবসিভিং, পাত্যমানানি ছিত্তা ছিত্ত্বে তি শেবং ॥৩২॥
ভগ্নেতি। অক্ষনীভৌ ববাব্যববিশেষৌ। পৃথিবীং ভৃত্তসমৃ, মহাবথা ষোদ্ধাবঃ ॥৩০॥

এবং ধূলিদালে সমাক্রান্ত ও প্রসমূহে নিপীড়িত তত্ততা স্কল প্রাণীরই শুরুতর মোহ উপস্থিত হইল ॥২৮॥

ত বীরবাছনিক্ষিপ্ত দর্বাবরণভেনী বাণদমূহ তুমুনভাবে পড়িতে লাগিল ॥২৯॥
ভরতশ্রেষ্ঠ। নক্ষত্রের ফায় নির্মিন দীপ্তিযুক্ত ও বারবাহুক্ত্র্ক উত্তোলিত ভরতশ্রেষ্ঠ। নক্ষত্রের ফায় নির্মিন দীপ্তিযুক্ত ও বারবাহুক্ত্র্ক উত্তোলিত

ভরতবংশশ্রেষ্ঠ ৷ স্বর্ণতারাসমন্বিত ব্যচম নিশ্মিত বিচিত্র চর্ম্-(ঢাল) সমূহ সকল দিকে পতিত হইতে থাকিল ॥৩১॥

সমরাঙ্গনের দকল দিকেই স্থা্রের স্থায় উজ্জ্বল তরবারিদ্বারা যোদ্ধাদের শরীর ও মস্তক দকল নিপাতিত করিতে দেখা গেল ॥২২॥

রবগুলির চক্র, অক্ষ ও নীড় ভগ্ন হইলে, বিশাল ধ্বজা পড়িয়া গেলে এবং অখগুলি নিহত হইলে, অগত্যা মহারথীরা দেই দেই স্থানে ভূতলেই অবস্থান করিতে লাগিলেন ॥৩৩॥

⁽২৯)···দংহ্রাদঃ—অভীব সমপভত্ত— পি বা।

শবাহতা ভিন্নদেখা বদ্ধযোক্ত্রা হয়োক্তমাঃ ।

যুগানি পর্য্যকর্যন্ত তত্র তত্র হি ভারত । ॥৩৫॥

অদৃশ্যন্ত সমৃতাশ্চ সাখাঃ সবথযোধিনঃ ।

একেন বলিনা বাজন্ ! বারণেন হতা রণে ॥৩৬॥

গন্ধহন্তিমদন্দ্রাবমান্ত্রায় বহবো রণে ।

সন্নিপাতে বলোঘানাং গজৈর্মমূদিরে গজাঃ ॥৩৭॥

দতোমরৈর্মহামাত্রৈনিপতদ্বিগতাম্বন্তিঃ ।

বভুবায়োধনং ছন্নং নাবাচাভিহতের্গক্তিঃ ॥৩৮॥

ভারতকৌমূদী

পরীতি। হয়া অধাঃ, শস্ত্রকৃতব্রণাঃ শস্ত্রাঘাতেনাতীবক্ষতাঃ ॥৩৪॥
শরেতি। বদানি যোজ্াণি মুখবজ্জবো যেষু তে। যুগানি বথদাকবিশেষান্ ॥৩৫॥
অদৃশ্রত্তেতি। বধা ইতি শেষঃ। বাবণেন হন্তিনা ॥৩৬॥
গদ্ধেতি। সন্নিপাতে সংঘর্ষে। মন্ত্র্দিবে মন্দিতাঃ ॥৩৭॥
সভোমবৈবিতি। মহামাত্রৈইন্ডিপকৈঃ, গতান্ত্রভির্ম্তিঃ। আয়োধনং রণাঙ্কনম্ ॥৩৮॥
ভারতভাবদীপঃ

দৃষ্টেতি ॥১—৬॥ গুনষিত্ব,গ্ৰিজ্জতম্ ॥৭ –৩৬॥ বীতমাদদিবে স্বদ্ৰভা নিৰ্বীৰ্য্যমণি গৰু জন্ম, মন্তব্যজনুক্ষ্যতি ভাবঃ। "বীতমুশাৱগজে" ইতি মেদিনী ॥৩৭—৪৪॥

ইতি শ্রীমহাভারতে ভীমপর্বাণি নৈলক্ষীয়ে ভারতভাবদীপে সপ্ততিভয়োহধ্যায়: ॥१०॥

র্থীরা নিহত এবং অন্ত্রন্ত্রা শরার ক্ষতবিক্ষত হইলে অশ্ব নকল রথগুলিকে কিছু দূর লইয়া গিয়া পড়িয়া যাইতে থাকিল ॥৩৪॥

ভরতনন্দন। বাবে আহত, বিদীর্ণদেহ ও বদ্ধমুখরজ্জু উত্তম অখগুলি ভিন্ন ভিন্ন স্থানে যুগকাঠগুলি আকর্ষণ করিয়া লইয়া বাইতে লাগিল ॥৩৫॥

রাজা! একটা বলবান্ হস্তীই—রণী, সার্থি ও অশ্বগণের সহিত বছতর বিবেক বিধ্বস্ত করিল, দেখা গেল ॥৩৬॥

সৈম্মগণের সংঘর্ষ হইডে লাগিলে, বিশাল হস্তী সকল পদ্ধহস্তীর মন্গন্ধ পাইরা যুদ্ধে বহুতর হস্তীকে মন্দিন করিডে লাগিল ॥৩৭॥

মৃত ও নিপতিত তোমরধারী হস্তিপকগণের দেহে এবং নারাচাহত হস্তি-গণের শরীরে সমরাঙ্গন আচ্চন্ন হইয়া গেল ॥৩৮॥

⁽৩৫) ··· তত্ত্ব তত্ত্ব স্ম ভাবত !—বা নি। (৩৬) ··· বাবণেন বিমন্দিভা:—রা নি। (৩৭) ··· বাতমাদদিরে গল্পা:—পি বা, ··· বীতমাদদিরে গল্পা:—রা। (৩৮) সাধারণমহামাত্ত্যৈ: পি, সভোরণমহামাত্ত্যে: ··· বা।

সন্নিপাতে বলোঘানাং প্রেষিতৈর্ববারণৈঃ।
নিপেতুর্ধি সংভগ্নাঃ সযোধাঃ সধ্বজ্ঞা গজাঃ ॥৩৯॥
নাগরাজোপমৈইস্তৈর্নাগৈরাক্ষিপ্য সংযুগে।
ব্যদৃশ্যন্ত মহারাজ। সংভগ্না রথকবরাঃ ॥৪০॥
বিশীর্ণরথসংঘাশ্চ কেশেম্বাক্ষিপ্য দন্তিভিঃ।
দ্রুমশাখা ইবাবিধ্য নিষ্পিফা রথিনো বলে ॥৪১॥
রথেষু চ রথান্ যুদ্ধে সংসক্তান্ বরবারণাঃ।
বিকর্ষস্তো দিশঃ সর্ববাঃ সংপেতুঃ সর্ববশ্বকাঃ ॥৪২॥
তেষাং তথা কর্ষতান্ত গজানাং রূপমাবভৌ।
সরঃম্ব নলিনীজালং বিষক্তমিব ক্র্যতাম্ ॥৪৩॥

ভারতকোমূদী

দরিপাত ইতি। প্রেষিতৈবারোহিভিঃ সঞ্চালিতিঃ, বববারণৈর্মহাহন্তিভিঃ ॥৩৯॥
নাগেতি। নাগবাজোপমৈর্ব হৎসর্পতুল্যৈঃ, হক্তঃ শুগুভিঃ কবণৈঃ, নাগৈহন্তিভিঃ কর্কৃতিঃ,
আক্ষিপ্য আক্ষয়। রথানাং কুবরা দাকবিশেষাঃ ॥৪০॥

বিশীর্ণেডি। বলে দন্তিভিঃ, বিশীর্ণা ভগ্না বথসংখা ষেষাং তে ভাদৃশা বধিনঃ, কেশেরু আন্ধিগ্য আন্তয়্য, ক্রমশাথা ইব, আবিধ্য পদতলে নিপাত্য নিপিষ্টাঃ ॥৪১॥

রথেমিতি। সংপেতুর্জগা;, সর্বান্ শব্দান্ গচ্ছস্তি অমুসবস্তীতি তে ॥৪২॥

সৈত্যগণের সংবর্ষ চলিতে লাগিলে, আরোহীরা বিশাল হস্তীগুলিকে চালাইরা দিতে লাগিল, তখন দেগুলি যাইরা যুদ্ধে অপর হস্তীগুলিকে দারুণ আঘাত করিতে থাকিল, তাহাতে দেগুলি আরোহিগণ ও ধাজদম্হের সহিত পডিড হইতে লাগিল ॥৩৯॥

মহারাজ। ক্রমে দেখা গেল—হস্তী দকল বৃহৎ দর্পভূলা **শুগুদারা আকর্বৰ** করিয়া রথকুবর (রথের কান্ঠবিশেষ) দকল ভগ্ন করিভেছে ॥৪০॥

অনেক হস্তী রণসমূহ ভগ্ন কগ্রিয়া রণিগণের কেশাক্র্বপূর্বক তাহাদিগকে বুক্ষশাখার স্থায় পদতলে ফেলিয়া নিম্পেষণ করিতে লাগিল ॥৪১॥

বিশাল হস্তী সকল রথসংলগ্ন অপর রথগুলিকে আকর্ষণ করতঃ সকল শব্দ অমুসারে সকল দিকে বিচরণ করিতে থাকিল ॥৪২॥

সেই হস্তীগুলি যথন সেইভাবে রণগুলিকে আকর্ষণ করিতে লাগিল, তখন সর্বোবরের পদ্মলভাসমূহ আকর্ষণকারী হস্তিসমূহের আয় সেগুলির রূপ প্রকাশ পাইতে লাগিল ॥৪৩॥

^{া (}৩৯)…চোদিতৈর্ববাবলৈ:—পি বা। (৪০)…সংভগ্নবধৃক্ববা:—পি।

. 53

এবং সংছাদিতং তত্র বভূবায়োধনং মহৎ।

সাদিভিশ্চ পদাতৈশ্চ সংবজৈশ্চ মহারথৈঃ ॥৪৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীম্মপর্ববি
ভীম্মবধে পঞ্চমদিবসমুদ্ধে সন্ধুলমুদ্ধে সপ্ততিত্তমোহধ্যায়ঃ ॥০॥ #

---:*:---

একসপ্ততিতমোহধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

শিখন্তী সহ মৎস্তেন বিরাটেন বিশাংপতে ! ।
ভীত্মমাশু মহেধাসমাসদাদ শুতুর্জ্জয়ম্ ॥>॥
দ্যোগং কৃপং বিকর্ণঞ্চ মহেধাসং মহাবলম্ ।
রাজ্জশ্চান্তান্ রণে শূরান্ বহুনাচ্ছ দ্বনপ্তময়ঃ ॥২॥
দৈশ্ধবঞ্চ মহেধাসং সামাত্যং সহ বন্ধভিঃ।
প্রাচ্যাংশ্চ দাক্ষিণাত্যাংশ্চ ভূমিপান্ ভূমিপর্যভ ! ॥৩॥ (য়ুগ্মকম্)

ভারতকোমুদী

তেষামিতি। তথা বধান্ কর্ষতাম্। নলিনীজালং পদ্মলতাসমূহম্, বিষক্তং শুণ্ডালগ্নম্ ॥৪৩॥

্ এবমিতি। আয়োধনং সমরাঙ্গনম্। লাদিভিরশ্বাবোহিভিঃ ॥৪৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসিদিদ্যান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং

মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাধ্যায়াং ভীশ্বপর্কণি ভীশ্ববধে লপ্ততিতমোহধ্যায়ঃ ॥•॥

हेथः नाधावनयूकम्कृ वित्नययूकमारु—निथखीित। मह्मानः महाधस्रक्तित्रम् ॥১॥ ব্যোগমিতি। আর্চ্ছ ৎ অপীড়ঙ্গং। দৈশ্বং নিশ্ধুরাজং জয়ত্রথম্ ॥২—৩॥

এইভাবে তথন সেই বিশাল সমরাঙ্গন—অশ্বারোহী, পদাভি ও ধ্বত্যুক্ত বিশাল রথসমূহে আচ্ছাদিত হইয়া গেল" ॥৪৪॥

সঞ্চয় বলিলেন—"নরনাথ। শিখণ্ডী মংস্তরাজ বিরাটের সহিত মিলিড হইরা সত্তর মহাধমুর্দ্ধর ও অভিহুজ্জয় ভীল্মের নিকট উপস্থিত হইলেন ॥১॥ রাজশ্রোষ্ঠ। মহাধমুর্দ্ধর ও মহাবল জোণ, কুপ, বিকর্ণ, অক্স বহুতর বীর

 ^{&#}x27;···একসপ্ততিভমোহধ্যাদ্য'--বা ব ছা নি ৷ (২)···নহেলাদান মহাবলান্ পি বা ৷

পুত্রঞ্চ তে মহেঘাসং ছুর্য্যোধনমমর্থণম্।
ছঃসহঞ্চৈব সমবে ভীমসেনোহভ্যবর্ত্ত ॥৪॥
সহদেবস্ত শকুনিমূলুকঞ্চ মহাবর্থম্।
পিতাপুত্রো মহেঘাসাবভ্যবর্ত্ত ছুর্জ্মো ॥৫॥
যুর্ঘিষ্ঠিবো মহারাজ ! গজানীকং মহারথঃ।
সমবর্ত্তত সংগ্রামে পুত্রেণ নিক্তত্তব ॥৬॥
মাদ্রীপুত্রস্ত নকুলঃ শ্বসংক্রন্দনো যুধি।
ত্রিগত্তানাং বলৈঃ সার্দ্ধং সমসজ্জত পাণ্ডবঃ॥৭॥
অভ্যবর্ত্তত ছুর্দ্ধবান্ সমরে শাল্তকেক্যান্।
সাত্যকিশ্চেকিতানশ্চ সোভদ্রশ্চ মহাবলঃ॥৮॥

ভারতকোমূদী

পুত্রমিতি। তুঃসহঞ্চৈব তে পুত্রমিতি সম্বন্ধ: ॥৪॥

দহেতি। পিতাপুত্রৌ শকুস্থালুকাবেব 💵

যুধীতি। গন্ধানীকমাদাষেতি শেষ:। নিক্বতঃ প্রতাবিতঃ ॥৬॥

মান্ত্রীতি। শ্বসংক্রননো বীবেক্রং, "সংক্রননো ভূশ্চাবনং" ইভায়বং ॥१॥

অভীতি। অভ্যবর্ত্তর এতে ত্রযোহভ্যধাবন্। সৌভব্র: অভিমন্থ্য: ॥৮॥

রাজা, মন্ত্রী ও বন্ধ্বর্গের সহিত জয়প্রথ এবং পূর্বে ও দক্ষিণদেশীয় অনেক রাজাকে যুদ্ধে এক অর্জুনই পীড়ন করিতে লাগিলেন ॥২—৩॥

মহাধন্ত্রির ও অসহিষ্ণু আপনার পুত্র ছর্ব্যোধন ও ছঃসহের দিকে ভীমসেন ধাবিত হইলেন ॥৪॥

মহারণ, মহাধনুর্দ্ধর ও ছর্জ্জর শকুনি এবং উলুক—এই ছই পিতা-পুত্তের দিকে সহদেব চলিলেন ॥৫॥

মহারাজ! আপনার পুত্রকর্তৃক প্রতারিত মহারথ বৃথিটির হন্তিনৈয় লইয়া
বৃদ্ধে প্রবৃত্ত হইলেন ॥৬॥

বীরশ্রেষ্ঠ মাজীপুত্ত নকুল ত্রিগর্তদেশীয় দৈহাগণের সহিত যুদ্ধে মিলিড হইলেন ॥৭॥

সাত্যকি, চেকিতান এবং মহাবল অভিমন্ত্য—ইহারা তিন জন যুদ্ধে শাল ও কেক্ষদেশীয় বীরগণের দিকে ধাবিত হইলেন ॥৮॥

⁽৭)…ত্রিগর্ত্তানাং বথোদাবৈঃ—পি বা। (৮)…ছ্র্র্বাঃ—বা,…নৌভদ্রশ্চ মহাবথঃ— ব্রুহ্মি।

ধ্বষ্টকেতুশ্চ সমরে রাক্ষসশ্চ ঘটোৎকচঃ।
পুত্রাণাং তে রথানীকং প্রভুদ্যযতুরাহবে ॥৯॥
দেনাপতিরমেয়াত্মা ধ্বফুলুন্মো মহাবথঃ।
দ্রোণেন সমবে রাজন্। সমিয়ায়োগ্রকর্মণা ॥>০॥
এবমেতে মহেয়াসান্তাবকাঃ পাগুবৈঃ সহ।
সমেত্য সমবে শ্রাঃ সম্প্রহারং প্রচক্রিরে ॥>>॥
মধ্যন্দিনগতে সূর্য্যে নভস্পাকুলতাং গতে।
কুরবঃ পাগুবেয়াশ্চ নিজন্ম রিতবেতবম্ ॥>২॥
ধ্বজিনো হেমচিত্রাঙ্গা বিচবন্তা রণাজিবে।
সপতাকা বথা বেজুর্বিয়াত্রপবিবারণাঃ ॥>০॥
সমেতানাঞ্চ সমবে জিগীয়ূণাং পবস্পারম্।
বভূব তুমুলঃ শবঃ সিংহানামিব গর্জ্জতাম্ ॥>৪॥

ভারতকোঁসুদী

ধুষ্টেতি। আহুয়ন্তে যোদ্ধারং অন্দিরিত্যাহবন্তাদৃশে সমরে ॥ ॥
সেনেতি। অমেষাত্মা অজ্ঞেষশক্তিং। সমিষায় সন্দিরিতো বন্ধুব ॥ ১ ০॥
এবমিতি। মহেদাসা মহাধন্পর্কবাং। সমেত্য মিলিতা। সম্প্রহারং যুদ্ধম্ ॥ ১ ১॥
মধ্যন্দিনেতি। নভসি আকাশে, আকুলতাং গতে অক্তৈরাচ্ছন্নতাং প্রাপ্তে ॥ ১ ২॥
ধ্বজিন ইতি। বৈষাদ্রাণি ব্যাদ্রচন্দ্রাণি পবিবাবণানি পবিত আবরণানি যেষাং তে ॥ ১ ৩॥

চেদিরাজ ধৃষ্টকেতু ও রাক্ষণ ঘটোংকচ—ইহারা ছই জন যুদ্ধে আপনার পুত্র-গণের রথী দৈক্তের প্রতি গমন করিলেন ॥১॥

রাজা। অজ্ঞেয়শক্তি ও মহারণ সেনাপতি ধৃষ্টগ্রায় যুদ্ধে ভয়হরকর্মা লোণের সহিত মিলিত হইলেন ॥১০॥

এই নির্মে আপনার পক্ষীয় এই মহাধন্ত্রির বীরগণ পাণ্ডবগণের সহিত মিলিত হইয়া সমরাঙ্গনে যুদ্ধ করিতে লাগিলেন ॥১১॥

পূর্ব্য মধ্যাক্তকালে উপস্থিত হইলে এবং আকাশ অস্ত্রশস্ত্রে আকৃল হইয়া উঠিলে, কুরুপক্ষীয় ও পাণ্ডৰপক্ষীয় বীবেরা পরস্পর নিহত করিতে ধাকিলেন ॥১২॥

ধ্বত্ব ও পতাকাযুক্ত, স্বৰ্ণবিচিত্ৰ এবং ব্যাল্লচৰ্ম্মে পরিবেষ্টিত রণ দকল
সমরাঙ্গনে বিচরণ করিতে গাকিয়া শোভা পাইতে লাগিল ॥১৩॥

⁽२) অত্যুদ্যাতাঃ, স্বহূর্জন্নঃ—বা নি। (১০) শ্বৃষ্টহ্যুমো মহাবলঃ—বা নি।

তত্ত্রাভূতমপশ্যাম সংপ্রহারং স্থলারুণম্।

যদক্বিন্ রণে শ্রাঃ স্প্রধাঃ কুরুভিঃ সহ ॥>৫॥

নৈব খং ন দিশো রাজন্! ন সূর্য্যং শক্রতাপন!।

বিদিশো বপ্যপশ্যাম শবৈমু ক্তিঃ সমন্ততঃ ॥>৬॥

শক্তীনাং বিমলাগ্রাণাং তোমবাণাং তথাস্থতাম্।

নিস্ত্রিংশানাঞ্চ পীতানাং নীলোৎপলনিভাঃ প্রভাঃ ॥>৭॥

কবচানাং বিচিত্রাণাং ভূষণানাং প্রভান্তথা।

থং দিশঃ প্রদিশশৈচব ভাসয়ামান্তবোজসা ॥>৮॥ (যুগ্মকম্)

বপুর্ভিশ্চ নরেন্দ্রাণং চন্দ্রসূর্য্যসমপ্রভিঃ।

বিররাজ তদা রাজন্। তত্ত্ব তত্ত্ব রণাঙ্গনম্॥>৯॥

ভারতকৌমুদী

সমিতি। সংযক্তানাং সমিলিতানাম্, জিগীযুণাং জেত্মিচ্ছ্নাম্ ॥১৪॥
তত্ত্তে । সপ্তহাবং যুদ্ধ। স্ক্ষণাভবংশীযাঃ ॥১৫॥
তদ্ভূত্ত্মেব সমর্থবতি—নেতি। থমাকাশম্। বিদিশো দিগন্তবালানি ॥১৬॥
শঙ্কীনামিতি। অভ্যতাম্ অভ্যমানানাং ক্ষিণ্যমাণানামিতি যাবং। নিজ্ঞিংশানামদীনাম্, পীতানাং প্রাকৃপীতবক্তানাম্। প্রদিশো বিদিশঃ, ওজদা তেজ্পা ॥১৭—১৮॥
ভাবতভাবদীপঃ

শিখণ্ডীতি ॥১—৬॥ শ্বসংক্রন্দনঃ শ্বাণাং বোদকঃ শ্বেন্দো বা ॥৭—১৭॥ ওজ্সা স্বপ্রভাবেণ ॥১৮—৩৫॥

ইতি শ্রীমহাভাবতে ভীম্বপর্মণি নৈলক্ষ্পীয়ে ভাবতভাবদীপে একসপ্ততিতমোহধ্যায়: 📭 ১ 🛭

ক্রেমে গর্জনকারী সিংহগণের স্থায় সমরে সম্মিলিত পরস্পর জিগীয়ু বীর-গণের তুমুল কোলাহল হইতে থাকিল ॥১৪॥

তথন বীর স্ঞায়গণ সমরাঙ্গনে কৌরবগণের সহিত যে অভূত ও স্থ্দারুণ যুদ্ধ করিতে লাগিলেন, তাহা আমরা দেখিতে থাকিলাম ॥১৫॥

শক্রতাপন রাজা! দকল দিকেই বাণসমূহ নিচ্চিপ্ত হইতে থাকায় স্থ্য, আকাশ, দিক্ ও বিদিক্—ইহার কিছুই আমরা দেখিতে পাইলাম না ॥১৬॥

বীরগণের নিক্ষিপ্ত নির্মালমূখ শক্তি ও তোমরের এবং পীতরক্ত তরবারির নীলোৎপলতুল্য প্রভা, আর কবচ ও বিচিত্র অলঙ্কারসমূহের জ্যোতি আপন আপন কিরণে আকাশ, দিক্ ও বিদিক্ আলোকিত করিতে লাগিল ॥১৭—১৮॥

⁽১৬) -- বিদিশো বাপি পশ্চামঃ—বা নি। ভীন্ন (১৯)-১২৫

রথিসিংহা নরব্যান্ত্রাঃ সমায়ান্তশ্চ সংযুগে।
বিরেজঃ সমরে রাজন্! এহা ইব নভন্তলে ॥২০॥
ভীন্মন্ত রথিনাং শ্রেষ্ঠো ভীমসেনং মহাবলম্।
অবাবরত সংক্রুদ্ধঃ সর্বসৈত্যস্ত পশ্যতঃ ॥২১॥
ততো ভীন্মবিনিম্মুক্তা রুক্মপুদ্ধাঃ শিলাশিতাঃ।
অভ্যন্ত্রন্ সমরে ভীমং তৈলধোতাঃ হুতেজনাঃ ॥২২॥
তত্য শক্তিং মহাবেগাং ভীমসেনো মহাবলঃ।
ক্রুদ্ধাশীবিষসক্ষাশাং প্রেষয়ামাস ভারত! ॥২০॥
তামাপতন্তীং সহসা রুক্মদণ্ডাং ত্ররাসদাম্।
চিচ্ছেদ সমরে ভীন্মঃ শবৈঃ স্মতপ্রবিভিঃ ॥২৪॥

ভারতকোঁমূদী

বপুভিবিতি। "অদনং প্রাদনে বানে কামিন্তামদ্পনা মতা" ইতি দন্ত্যান্তে বিশ্বঃ ॥১৯॥ বথেতি। বথদিংহা বধিশ্রেষ্ঠাঃ, নবব্যান্তা নবেদপি প্রধানাঃ ॥২০॥ ভীন্ম ইতি। পশ্রতঃ সর্ববৈদ্যন্ত পশ্রতঃ সর্ববং দৈল্যমনাদৃত্যেত্যর্থঃ ॥২১॥ তত ইতি। কর্মপুদ্ধাঃ স্বর্গধচিতপুদ্ধদেশাঃ। স্থতেজনা অত্যুজ্জলাঃ ॥২২॥ তশ্রেতি। তস্ত ভীন্মশ্রোপবি। আশীবিষন্তীক্ষবিবো বৃহৎসর্পঃ ॥২০॥ তামিতি। কর্মদণ্ডাং স্বর্গদণ্ডাম্। সরতপর্বভিঃ বক্রোপান্তদেশৈঃ ॥২৪॥

রাজা! চন্দ্র ও সূর্য্যের তুল্য উজ্জ্বল রাজগণের শরীরদ্বারা তথন নানাস্থানের সমরভূমি শোভা পাইতে থাকিল ॥১৯॥

রবিত্রেষ্ঠ প্রধান বীরেরা যুদ্ধে আসিতে পাকিয়া আকাশে গ্রহগণের স্থায় সমরাঙ্গনে বিরাজ করিতে লাগিলেন ॥২০॥

ক্রেমে রবিশ্রেষ্ঠ ভীম্ম অত্যন্ত ক্রুদ্ধ হইয়া দর্শনকারী সমস্ত সৈক্সকে অগ্রাহ্য করিয়া মহাবল ভীমদেনকে বারণ করিলেন ॥২১॥

পরে ভীগ্মনিক্ষিপ্ত স্বর্ণপুত্ম, শিলাশাণিত, তৈলপরিত্বত ও উজ্জল বাণসমূহ যাইয়া সমরাঙ্গনে ভীমদেনকে আহত করিতে থাকিল ॥২২॥

ভরতনন্দন! ডখন মহাবল ভীমদেন ভীগ্নের উপরে কুদ্ধর্হৎসর্পত্সা ও মহাবেগযুক্ত একটা শক্তি নিক্ষেপ করিলেন ॥২৩॥

স্বর্ণদণ্ড ও হর্দ্ধর্য সেই খক্তিটা আসিতে লাগিলে, ভীন্ম নতপর্ব্ব বহুতর বাণদারা সম্বর সেটাকে ছেদন করিয়া কেলিলেন ॥২৪॥

⁽২•) --- বথসংঘাঃ---বা নি।

ততোহপরেণ ভল্লেন পীতেন নিশিতেন চ।
কার্ম্মুকং ভীমসেনস্থ দিধা চিচ্ছেদ ভারত ! ॥২৫॥
অপাস্থ ভু ধনুশ্ছিন্নং ভীমসেনো মহাবলঃ।
শরৈবহুভিবানচ্ছ স্তীশ্বং শান্তনবং যুধি ॥২৬॥
সাত্যকিস্ত ততন্ত র্গং ভীশ্বমাসান্ত সংযুগে।
আকর্ণপ্রহিতৈন্তীক্ষৈনিশিতৈন্তিগ্মতেজসম্।
শরৈবহুভিরানচ্ছ ৎ পিতরং তে জনেশ্বব।॥২৭॥
ততঃ সন্ধ্যায় বৈ তীক্ষং শরং পরমদারুণম্।
বাফে গ্রন্থ বথান্তীশ্বঃ পাত্যামাস সাব্থিম্ ॥২৮॥
তত্যাশ্বাঃ প্রক্রতা বাজন্। নিহতে বথসাব্থো।
তেন তেনেব ধাবন্তি মনোমারুতবংহসঃ॥২৯॥
ততঃ সর্ববন্ত সৈন্তত্ত্ব পাগুবানাং মহাত্মনাম্॥৩০॥
হাহাকারশ্বন্ন সংজ্বজ্ঞে পাগুবানাং মহাত্মনাম্॥৩০॥

ভারতকোমূদী

তত ইতি। পীতেন স্বর্ণথচিতত্বাৎ পীতবর্ণেন। চিচ্ছেদ ভীম্ম ইত্যমূর্তিঃ ॥২৫॥
অপাশ্রেতি। অপাশ্র বিহায়। আনর্ছৎ অপীডষৎ ॥২৬॥
দাত্যকিরিতি। আকর্ণপ্রহিতৈঃ আকর্ণাকৃষ্টধর্মুনিম্পিথৈঃ। বট্পাদোহ্যং শ্লোকঃ ॥২৬॥
তত ইতি। বাহ্বের্যস্থা বৃহ্বিবংশীষ্ম্ম সাত্যকেঃ ॥২৮॥
তম্মেতি। তম্ম সাত্যকেঃ, প্রক্রতা বণাদ্দনাদ্শস্ত্তাঃ। বংহো বেগঃ ॥২৯॥

ভন্নতনন্দন। তাহার পর ভীম্ম অক্য একটা পীতবর্ণ সুতীক্ষ্ণ ভল্লদার। ভীমসেনের ধরুধানাকে তুই থণ্ডে ছেদন করিলেন ॥২৫॥

তথন মহাবল ভীমদেন দেই ছিন্ন ধনু ত্যাগ করিয়া (অক্ত ধনু লইয়া) ৰহুতর বাণদ্বারা যুদ্ধে শাস্তমূনন্দন ভীম্মকে পীড়ন করিলেন ॥২৬॥

নরনাধ! তাহার পর সাত্যকি সম্বর ভীমের সমা্থে আসিয়া আকর্ণাকৃষ্ট কাম্ম্কদারা নিক্ষিপ্ত শিলাশাণিত তীক্ষ্বত্তর বাণে তীক্ষতেজা ভীমকে তাড়ন করিলেন ॥২৭॥

তদনস্তর ভীম তীক্ষ ও অত্যস্তভীষণ একটা বাণ দন্ধান করিয়া সাত্যকির রধ হইতে সার্থিকে নিপাভিত করিলেন ॥২৮॥

রাজা! রথের সারধি নিহত হইলে, যন ও বাযুর ত্যায় বেগগামী সাত্যকির অশ্বগুলি সে স্থান হইতে অপস্থত হইরা ভিন্ন ভিন্ন পথে দৌভাইতে লাগিল ॥১৯॥

(२७) ... এম ক্লোকঃ পি বা ব বা নান্তি। (२१) ... তিগতে জুলৈঃ ... বা নি।

অভিদ্রবত গৃহীত হয়ান্ যচ্ছত ধাবত।
ইত্যাসীজুমূল: শব্দো যুযুধানরথং প্রতি ॥৩১॥
এতস্মিমেব কালে তু ভীম্মঃ শান্তনবন্তদা।
অবধীৎ পাগুবীং সেনামাস্থরীমিব রুত্রহা ॥৩২॥
তে বধ্যমানা ভীম্মেণ পাঞ্চালাঃ সোমকৈঃ সহ।
ম্বিরাং যুদ্ধে মতিং কৃষা ভীম্মমেবাভিত্নফ্রন্থঃ ॥৩৩॥
ধ্যইত্যামমুখাশ্চাপি পার্থাঃ শান্তনবং রণে।
অভ্যদ্রবন্ জিঘাংসন্তন্তব পুত্রন্থ বাহিনীম্ ॥৩৪॥
তথৈব তাবকা রাজন্! ভীম্মদ্রোণমুখাঃ পুরান্।
অভ্যধাবন্ত বেগেন ততো যুদ্ধমবর্ত্ত ॥৩৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীম্মপর্বাদ ভীম্মবধ্যে পঞ্চমদিবসযুদ্ধে একসপ্রতিতমোহধ্যায়ঃ ॥ ।॥ *

ভারতকোমুদী

তত ইতি। নিম্বনং কোলাহলং। হাহাকাবশ্চ সাত্যকেবিনাশাশল্পয়। ৪০০॥
অভীতি। গৃহীত সাত্যকিবখন্। যচ্ছত ধাবন্ত। মুর্ধানং সাত্যকিং ॥০১॥
এতিমিনিতি। আস্করীং সেনান্, বৃত্তহা ইক্স ইব ॥৩২॥
ত ইতি। অভিতৃক্তব্ং ক্রতমভিজগা, ॥০০॥
প্রটেতি। পার্থাং পাগুবাং। জিঘাংসক্তো হন্তমিচ্ছন্তঃ ॥৩৪॥

ভাহার পর উভর পক্ষের সমস্ত দৈন্তের মধ্যেই তুমূল কোলাহল হইতে লাগিল এবং মহাত্মা পাশুবদের মধ্যে হাহাকার উঠিল ॥৩০॥

'ক্রেড গমন কর, ধর, অশ্বগুলিকে ধারণ কর এবং ধাবিত হও' সাড্যা**কির রব্ধের** প্রতি এইরূপ তুমূল শব্দ হইডে লাগিল ॥৩১॥

পূর্বকালে ইন্দ্র বেমন অসুর্গেয় বধ করিতেন, সেইকাপ শাস্তমুনন্দন তীম এই সময়েই পাণ্ডবদৈয়া বধ করিতে লাগিলেন ॥৩২॥

জীম বধ করিতে লাগিলেও দেই পাঞ্চালের। সোমকগণের সহিত মিলিত হইমা যুদ্ধেই স্থির বুদ্ধি করিয়া ভীমের দিকেই ধাবিত হইল ॥৩৩॥

এবং পাণ্ডবেরাও যুদ্ধে আপনার পুত্রের দৈক্ত বিনাশ করিবার ইচ্ছার ধৃষ্টত্বায়কে অগ্রবর্তী করিয়া ভীগ্নের প্রতি ধাবিত হইলেন ॥৩৪॥

(৩১) অভ্যন্তবত—রা নি। (৩২) ন্যান্তন্থ পাগুৰীম্—বা নি। (৩৩ --- আর্থ্যাং যুদ্ধে মতিং কুছা—পি বা। (৩৪) - অভ্যধাবন্ জিগীযন্তঃ —রা নি। (৩৫) তথৈব কৌরবা রাজন্! ভীষ্মশ্রোণপুবোগমাং—রা নি। * '--- ছিলপ্পতিতমোহধ্যায়ং' বা ব রা নি।

দ্বিসপ্ততিতনোইধ্যায়ঃ।

-:*:--

সঞ্জয উবাচ।

বিরাটোহথ ত্রিভির্বাণৈভীষ্মাচ্ছ মহাবথম্ ।
বিব্যাধ তুরগাংশ্চাস্থ ত্রিভির্বাণৈর্মহারথঃ ॥>॥
তং প্রত্যবিধ্যদ্দশভির্ভীষ্মঃ শান্তনবঃ শবৈঃ ।
ক্লক্ষপুড়ের্মহেষাসঃ কৃতহন্তো মহাবলঃ ॥২॥
দ্রোণির্গান্তীবধন্মানং ভীমধন্মা মহারথঃ ।
অবিধ্যদিমুভিঃ ষড় ভিদ্ তৃহস্তঃ স্তনান্তরে ॥৩॥
কান্দ্র্ কং তম্ম চিচ্ছেদ ফাল্গনঃ পরবীরহা ।
অবিধ্যচ্ছ ভূশং তীক্ষ্ণৈঃ পত্রিভিঃ শত্রুকর্শনঃ ॥৪॥

ভারতকোমুদী

ডথেতি। তাৰকান্তংপক্ষীয়া যোদ্ধাবং। পবান্ পাঞ্চৰপক্ষীয়ান্ যোধান্ #৩৫॥ হতি মহামহোপাধ্যায়-ভাৰতাচাৰ্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্ৰীহরিদাসনিদ্ধান্তবাদীশভট্টাচাৰ্য্যবিবচিতায়াং মহাভাৰতটীকায়াং ভাৰতকৌম্দীসমাখ্যায়াং ভীক্ষপৰ্বণি ভীন্মবধে একসপ্ততিতমোহধ্যায়ঃ #০॥

বিরাট ইডি। আচ্ছ ৎ অপীডয়ৎ। অশু ভীমশু, ত্বগান্ বথাখান্ ॥১॥
ভমিতি। ক্ষমপুন্ধে: স্বর্গধচিতপ্রাক্তিঃ। কৃতহন্তঃ কৃতহন্তশিক্ষঃ ॥২॥
জৌণিবিভি। জৌণিবখখামা, গাণ্ডীবধ্বানমৰ্জ্কনম্। ন্তনান্তবে বক্ষমি ॥৩॥

বাজা! সেইরপই ভৌমত্রোণপ্রভৃতি আপনার পক্ষীয় যোদ্ধারা বেগে বিপক্ষগণের দিকে ধাবিত হইলেন। তাহার পর যুদ্ধারস্ত হইল" ॥৩৫॥

সপ্তর বলিলেন—"মহারাজ! তাহার পর মহারণ বিরাট তিনটা বাণ্দারা প্রথমে ভীমকে পীড়ন করিয়া পরে আবার তিনটা বাণ্দারা তাঁহার অধ্স্তলিকে বিদ্ধ করিলেন ॥১॥

তথন মহাধমুর্জর, শিক্ষিতহস্ত ও মহাবল শাস্তমূনন্দন ভীম্ম স্বর্ণপুদ্ধ দশটা বাণদারা বিরাটকে প্রতিবিদ্ধ করিলেন ॥২॥

্রুপ্রদিকে ভ্রম্কর্ধমূর্জর, মহারথ ও দৃঢ়হস্ত অশ্বত্থামা ছরটা বাণ্দারা অর্জুনের বৃদ্ধস্থল বিদ্ধ করিলেন ॥৩॥ সোহত্যৎ কামু কমাদায় বেগবৎ ক্রোধম্ছিতঃ ।
অম্যায়াণঃ পার্থেন কার্মু কচ্ছেদমাহবে ॥৫॥
অবিধ্যৎ ফাল্কনং রাজন্ ! নবত্যা নিশিতৈঃ শবৈঃ ।
বাহ্নদেবঞ্চ সপ্তত্যা বিব্যাধ পবমেষ্ভিঃ ॥৬॥ (যুগ্মকম্)
ততঃ ক্রোধাভিতাত্রাক্ষঃ কৃষ্ণেন সহ ফাল্কনঃ ।
দীর্ঘমুষ্ণঞ্চ নিশ্বস্থ চিন্তয়িত্বা পুনঃ পুনঃ ॥৭॥
ধনুঃ প্রপীড্য বামেন কবেণামিত্রকর্শনঃ ।
গাভীবধন্বা সংক্রুদ্ধঃ শিতান্ সমতপর্ববিণঃ ॥৮॥
জীবিতান্তকবান্ ঘোবান্ সমাদত্ত শিলীমূখান্ ।
তৈন্ত্র্ বিং সমবেহবিধ্যদক্রোণিং বলবতাং ববঃ ॥৯॥ (বিশেষকম্)
তস্থ তে কবচং ভিত্তা পপুঃ শোণিতমাহবে ।
ন বিব্যথে চ নির্ভিন্নো ড্রোণির্গান্ত্রীবধন্বনা ॥>০॥

ভারতকৌমূদী

কামু কমিতি। ফান্তনং অর্জুনং। পত্তিভির্বার্টণং, শত্রণাং কর্শনো জেতা মথা
স ইতি। অমৃগ্রমাণং অসহমানং। প্রমেমুভিক্তরম্বার্টণং ॥৫—৬॥
তত ইতি। কৃষ্ণদাহিত্যং ক্রোধাভিতাম্রাক্ষত্বে। প্রপীদ্য দৃদং বিশ্বস্তা। সমাদস্ত
অগ্নহাৎ, শিলীথমান্ বাণান্। ক্রোণিম্ অশ্বখামানম্॥৭—৯॥
তত্তেতি। ন বিব্যথে, বলবত্বেন সহিষ্ক্রাদিত্যাশন্নং ॥১০॥

পরে বিপক্ষবারহস্ত। ও শত্রুবিজয়ী অর্জ্ব্ন অশ্বত্থামার ব্যু ছেদন করিলেন এবং অতি তীক্ষ্ণ অনেক বাণদারা তাঁহাকে তাড়ন করিলেন ॥৪॥

রাজা! তথন অথখানা যুদ্ধে অর্জনকর্তৃক কাম্মুকচ্ছেদন সহা করিতে না পারিয়া ক্রোধে মূর্চ্ছিতপ্রায় হইয়া অহা একখানা দৃঢ় ধরু সইয়া নববইটা তীক্ষ-বাণ্যারা অর্জনকে এবং সত্তরটা উত্তম বাণ্যারা কৃষ্ণকে বিজ করিলেন ৪৫—৬॥

পরে বলিশ্রেষ্ঠ, গাণ্ডীবধনুর্জর ও শক্রবিজয়ী অর্জ্ন কৃষ্ণের সহিত কোধে আরক্তনয়ন হইয়া, দীর্ঘ ও উষ্ণ নিশ্বাস ত্যাগ করিয়া, বার বার ভাবিয়া, বাম-হস্তদারা দৃঢ়ভাবে ধনু ধারণ করিয়া তীক্ষ্ণ, নতপর্ব, বিপক্ষের জীবননাশক ও ভাষণ কতকগুলি বাণ লইলেন এবং সেগুলিদারা সহুরই অশ্বত্থামাকে বিজ করিলেন ॥৭—৯॥

⁽৫)…বেগবান ক্রোধম্ভিত:—বা নি। (৭) ততঃ ক্রোধাতিডাম্রাক্ষ:—রা নি,
—চিন্তরিতা মৃত্র্ভি:—পি বা। (৮)…সংপীত্য—কর্ষণ:—পি বা। (৯)…সমাধ্য নিনীমুখান্—পি বা। (১০)…ন বিব্যথে বিনিভিন্ন:—পি বা।

তথৈব চ শবান্ পার্থে প্রতিমুঞ্চনবিহবলঃ ।
তক্ষে স সমরে রাজন্ ! ত্রাভুমিচ্ছন্ মহাব্রতম্ ॥>>॥
তস্ম তৎ স্থমহৎ কর্ম শশংস্থঃ কুরুসন্তমাঃ ।
যৎ কৃষ্ণাভ্যাং সমেতাভ্যামভ্যাপতত সংযুগে ॥>২॥
স হি নিত্যমনীকের্যু যুধ্যতেহভ্যমান্থিতঃ ।
অন্ত্রগ্রামং সসংহাবং জ্রোণাৎ প্রাপ্য স্বত্র্র্লভ্ম্ ॥>০॥
মমাচার্য্যস্থতো হেম জ্রোণাভ্যাপি প্রিরঃ স্থতঃ ।
্রাহ্মণশ্চ বিশেষেণ মাননীয়ো ময়েতি চ ॥>৪॥
সমান্থায় মতিং বীবো বীভৎস্থঃ শক্রতাপনঃ ।
কুপাংশ্বিচক্রে বথজেঠো ভারদ্বাজন্থতং প্রতি ॥>৫॥

ভারতকৌমুদী

ডধেতি। পার্থে অর্জ্ক্নং প্রতি। আতৃং বক্ষিতৃম্, মহারতং বীবনিষমম্ ॥১১॥
ভক্তেতি। কৃষ্ণান্ড্যাং কৃষার্জ্ক্নান্ড্যাং নহ, সমেতান্ড্যাং মিলিডান্ড্যাম্ ॥১২॥
স ইতি। স স্রৌণিং, অনীকেয়ু বিপক্ষসৈন্তেয়ু মধ্যে। সসংহাবং সোপদংহাবম্ ॥১৩॥
অর্জ্ক্নালোচনামাহ —মমেতি। এবং অধ্যামা ॥১৪॥

সেই বাণগুলি বাইরা অখথামার কবচ ভেদ করিয়া তাঁহার রক্ত পান করিল; কিন্তু অখথামা অর্জুনকর্তৃক নেইরপ বিদীর্ণ হইয়াও যুদ্ধে ব্যথিত হইলেন না ॥১০॥

রাজা! বরং অর্থামা বীরের মহাবত রক্ষা করিবার ইচ্ছা করিরা, বিহ্বল না হইরা অর্জ্নের প্রতি দেইকপ বাণক্ষেপই করিতে থাকিয়া দমরাঙ্গনে অবস্থান ক্রিডে লাগিলেন ॥১১॥

তথন কোরবশ্রেষ্ঠেরা অধখামার দেই গুরুতর কার্ষ্যের প্রশংসা করিলেন। বেছেতু তিনি, সমিলিত কৃষ্ণ ও অর্জুনে রসহিত যুদ্ধে মিলিত হইয়া- ছিলেন ॥১২॥

অধখামা, পিতা জোপের নিকট হইতে প্রয়োগ ও উপদংহারের সহিত অতিত্র্লভ অস্ত্রদমূহ লাভ করিয়া নির্ভিয় হইয়া সর্ববাই বিপক্ষদৈপ্রমধ্যে থাকিয়া মুদ্ধ করিতে পারেন (ভাহাতেই তিনি তথন অজ্বনের সহিত্ত দেইভাবে যুদ্ধ করিতে পারিয়াছিলেন) ॥১৩॥

'ইনি আমার গুরুপুত্র, ভা'র পর গুরুদের জোপেরও প্রির্গতম পুত্র, বিশেষতঃ বাহ্মণ; স্থতরাং ইংগর দমান রক্ষা করা আমার উচিত' ॥১৪॥

⁽১১) मनान त्योगिः — ता नि। (১৪) मरेमय चार्চार्या एकः म्यापिक চ — ता नि

দ্রোণিং ত্যক্ত্বা ততো যুদ্ধে কোন্ডেয়ঃ শেতবাহনঃ।

যুর্ধে তাবকান্ নিম্নংস্ত্বমাণঃ পরাক্রমী ॥>৬॥

প্রর্য্যোধনস্ত দশভির্গার্দ্ধ্য শিলাশিতৈঃ।
ভীমসেনং মহেম্বাসং রুক্মপুদ্ধাঃ সমার্পয়ৎ ॥>৭॥
ভীমসেনস্ত সংক্রেদ্ধঃ পরাস্তকবণং দৃঢ়্ম্।

চিত্রং কাম্মুকমাদত্ত শরাংশ্চ নিশিতান্ দশ ॥>৮॥

আকর্ণপ্রহিতৈতিস্ত বেগবিদ্ধবিজ্ঞাগৈঃ।

অবিধ্যক্ত্রশ্বাতাঃ কুরুরাজং মহোরসি ॥>৯।

তত্য কাঞ্চনসূত্রস্থঃ শবৈঃ পরিব্রতো মণিঃ।

রবাজোরসি থে সূর্য্যো গ্রহৈবিব সমার্তঃ ॥২০॥

ভারতকোমুদী

সমিতি। সমাস্থাৰ অবলম্য। বীভংহ্বৰ্জ্নঃ ॥>৫॥
কৌণিমিতি। কৌণিমথখামানম্, ততঃ প্ৰ্বোক্তহেতোঃ, কৌছেয়োহৰ্জ্নঃ ॥>৬॥
দুৰ্য্যোধন ইতি। গাৰ্দ্ধ প্ৰতিঃ গৃঙ্গপক্ষ্কৈ শহৈঃ। সমাৰ্প্যদুপীড়াং ॥>৭॥
ভীমেতি। পরাস্থকবণং শত্রোঃ পঞ্চজনকম্। আদন্ত অগৃহাং ॥>৮॥
আকর্ণেতি। আকর্ণপ্রহিতিঃ আকর্ণারুইধ্মনিক্ষিপ্তঃ। মহোবদি বিশালবক্ষদি ॥>>॥
তত্যেতি। কাঞ্চনস্ত্রন্থঃ স্বর্ণস্ত্র্থাধিতঃ। উবদি বক্ষদি, ধে আকাশে ॥২০॥

মনে মনে এইকপ ভাবিয়া বীর, রণিশ্রেষ্ঠ ও শত্রু ভাপন অর্জুন অধ্যথামার প্রতি দয়া করিলেন ॥১৫॥

সেই কারণে পরাক্রমশালী থেতবাহন অর্জ্ব অর্থথামাকে পরিত্যাগ করিরা সঙ্গর আপনার পক্ষের অহ্য যোদ্ধাদিগকে বিনাশ করিতে থাকিয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥১৬॥

় ছর্ব্যোশন শিলাশাণিত গৃগ্রপক্ষযুক্ত ও স্বর্ণপুদ্ধ দশটা বাণবারা মহাধ্**দুর্দ্ব**ই ভীমদেনকে তাড়ন করিলেন॥১৭॥

তাহাতে ভামসেন অভ্যস্ত ক্রুর হইরা শক্তর মৃত্যুঙ্গনক, দৃঢ় ও বিচিত্র একথানা বন্ধ এবং দশটা স্থতীক্ষ বাণ গ্রহণ করিলেন ॥১৮॥

এবং তিনি অনাকুল থাকিয়া কর্ণপর্যান্তাকৃষ্ট দেই কামুক্রারা নিক্ষিপ্ত বেগবান্ দেই বাণদমূহে দহর হুর্যোধনের বিশাল বক্ষন্তল বিদ্ধা করিলেন ॥১৯॥

⁽১৮) ভীমদেন: হুসংকুদ্ধ:—রা নি। (১৯) আকর্ণপ্রহিতৈস্তাকৈ: —বা নি। (২০ তম্ম কাঞ্চনস্কুদ্ধ—পি বা, স্পর্বৈ: সংজ্ঞাদিজে। মণি:—নি।

পুত্রস্ত তব তেজস্বী ভীমদেনেন তাড়িতঃ।
নাম্মত যথা নাগস্তলশব্দং মদোৎকটঃ ॥২১॥
ততঃ শরৈর্মহারাজ! ক্রন্মপুঝ্রিঃ শিলাশিতৈঃ।
ভীমং বিব্যাধ সংক্রুদ্ধস্ত্রাসয়ানো বর্রাথনীম্ ॥২২॥
তৌ যুধ্যমানো সমরে ভূশমন্তোভাবিক্ষতো।
পুত্রো তে দেবসন্ধাশো ব্যরোচেতাং মহাবলো ॥২৩॥
চিত্রসেনং নরব্যাত্রং সোভদ্রঃ পরবীরহা।
অবিধ্যদ্দশভিবাণৈঃ পুরুমিত্রঞ্চ সপ্তভিঃ ॥২৪॥
সত্যব্রতঞ্চ সপ্তত্যা বিদ্ধা শক্রসমো যুধি।
নৃত্যন্ধিব রণে বীব আর্ত্তিং নঃ সমজীজনৎ ॥২৫॥

ভাবতকৌমূদী

পুত্র ইতি। নামুয়ত নাসহত, নাগো হন্তী, তলশবং করতলংগনিম্ ॥২১॥

ডভ ইতি। তাস্থানস্থাস্থ্যানঃ, বন্ধথিনীং পাগুৰ্সেনান্ ॥২২॥

তাবিতি। পুত্র: পুত্রস্থানীয়ো ভীমন্চ পুত্রো তুর্য্যোধনন্চ তৌ পুত্রো ॥২৩॥

চিত্রেভি। সৌভদ্রোহভিম্মাঃ, পরবীরহা বিপক্ষবীরহস্তা ॥২৪॥

সভ্যেতি। শক্রসমোহভিমন্থারেব। আর্ত্তিং মন:পীডাম্, নঃ অস্মাকম্ ॥২৫॥

তখন আকাশে গ্রহগণবেষ্টিত সূর্য্যেব স্থায় সেই বাণসমূহে পবিবেষ্টিত স্বৰ্ণসূত্রগ্রথিত মণিটী চুর্য্যোধনের বক্ষস্থলে শোভা পাইতে লাগিল ॥২০॥

মদমন্ত হস্তী যেমন কবতলধ্বনি সহু কবিতে পাবে না, সেইক্লপ আপনাব ভেজস্বী পুত্ৰ ছুৰ্য্যোধন জীমসেনেব ভাড়ন সহু কবিতে পাবিলেন না ॥২১॥

অতএব মহাবাজ। তিনি অত্যন্ত ক্রুদ্ধ হইষা পাণ্ডবদৈয়েব ভয উৎপাদন কবিতে থাকিয়া স্বর্ণপুদ্ধ ও শিলাশাণিত বহুতব বাণদ্বাবা ভীমসেনকে বিদ্ধ কবিলেন ॥২২॥

দেবতুল্যমূর্ত্তি ও মহাবল আপনাব পুত্রস্থানীয জীমসেন এবং পুত্র ছুর্য্যোধন— ইহাবা যুদ্ধ কবিতে থাকিয়া পবস্পব অত্যন্ত ক্ষতবিক্ষতদেহ হইয়া শোভা পাইতে লাগিলেন ॥২৩॥

আবাব বিপক্ষবীরহন্তা অভিমন্যু দশটা বাণদ্বাবা নবশ্রেষ্ঠ চিত্রসেনকে এবং সাতটা বাণদ্বাবা পুরুমিত্রকে বিদ্ধ কবিলেন ॥২৪॥

এবং ইন্দ্রেব ভূল্য বীব অভিমন্যু সমবাঙ্গনে যেন নৃত্য কবিতে থাকিয়া সম্ভবটা বাণদ্বাবা যুদ্ধে সত্যত্রতকে বিদ্ধ কবিয়া আমাদেব মনে গীড়া জন্মাইলেন ॥২৫॥

ভীশ্ব (১৯)-১২৬

তং প্রত্যবিধ্যদশভিশ্চিত্রসেনঃ শিলীমুখৈঃ।
সত্যব্রতশ্চ নবভিঃ পুরুমিত্রশ্চ সপ্তভিঃ ॥২৬॥
স বিদ্ধো বিক্ষরন্ রক্তং শক্রসংবারণং মহৎ।
চিচ্ছেদ চিত্রসেনস্থ চিত্রং কান্মু কমার্চ্জুনিঃ ॥২৭॥
ভিত্তা চাস্থ তন্ত্রাণং শরেণোরস্থতাড়রৎ।
ততন্তে তাবকা বীরা রাজপুত্রা মহারথাঃ ॥২৮॥
সমেত্য যুধি সংরক্ষা বিব্যধুর্নিশিতৈঃ শরৈঃ।
তাংশ্চ সর্বান্ শরৈস্তীক্ষৈর্জ্ঘান পরমান্ত্রবিৎ ॥২৯॥ (যুগ্মকম্)
তস্থ্য দৃষ্ট্বা ছু তৎ কর্ম্ম পরিবক্রঃ স্থতান্তব।
দহন্তং সমরে সৈন্থং বনে কক্ষং যথোল্থণম্ ॥৩০॥
অপেতশিশিরে কালে সমিদ্ধমিব পাবকম্।
অত্যরোচত সৌভদ্রস্থানি নাশ্যন্য ॥৩১॥ (যুগ্মকম্)

ভাবতকোমুদী

ভমিতি। শিলীম্থৈবাঁথা:। নবভি: সপ্তভিশ্চ শিলীম্থৈবিতি সম্বন্ধ: ॥২৬॥
স ইতি। শক্তন্ সংবারম্বভানেনতি শক্তসংবারণম্। আর্জ্নিরজিময়া: ॥২৭॥
ভিস্বেতি। তহুত্রাণং বর্মা, উরসি বক্ষসি। সমেত্য মিলিতা, সংরক্ষা: ক্র্দ্ধা: ॥২৮—২৯॥
ভস্তেতি। পরিবক্রমভিময়াং পরিবেষ্টিতবস্তঃ। কৃষ্ণং তৃণরাশিম্, উরণং প্রবলম্।
অপেতশিশিরে অতীতশীতে বসন্তে কালে, সমিদ্ধং প্রজ্লিতম্, পাবক্মগ্রিম্॥৩০—৩১॥

তখন চিত্রসেন দশটা, সভ্যব্রত নযটা এবং পুক্ষিত্র সাতটা বাণদ্বাবা অভিমন্যুকে প্রতিবিদ্ধ করিলেন ॥২৬॥

অন্তর্পননন্দন অভিমন্ম সেইভাবে বিদ্ধ হইযা দেহ হইতে বক্তনিঃসারণ কবিতে থাকিষা চিত্রসেনেব বিশাল ও বিচিত্র শক্রনিবারক ধনুখানাকে ছেদন কবিলেন ॥২৭॥

এবং তিনি একটা বাণদ্বাবা চিত্রসেনেব বর্দ্ম ভেদ কবিয়া বক্ষে তাড়ন কবিলেন।
তাহাব পর আপনাব পক্ষেব সেই বীব ও মহারথ বাজপুত্রেরা ক্রুদ্ধ ও সন্মিলিত হইযা
বহুতব বাণদ্বাবা অভিমন্যুকে বিদ্ধ কবিলেন। তখন উত্তম অস্ত্রজ্ঞ অভিমন্যু তীক্ষ্ম
বাণদ্বাবা তাঁহাদেব সকলকেই আঘাত কবিলেন॥২৮—২৯॥

পবে বসন্তকালে প্রজ্বলিভ অগ্নি বেমন বর্নে ভূণবাশি দক্ষ কবে, সেইবংগ অভিমন্মা যুদ্ধে আপনাব সৈশ্য দক্ষ কবিতে লাগিলেন এবং আপনাব সৈশ্য

⁽৩০) ... বনে কক্ষমিবানলম্ --- পি। (৩১) ... সৈক্সানি শাভায়ন্--- পি বা।

তত্তস্য চরিতং দৃষ্ট্বা পৌত্রস্তব বিশাংপতে ! ।
লক্ষাণোহভ্যপতভূর্ণং সাত্বতীপুত্রমাহবে ॥৩২॥
অভিমন্ত্যস্ত সংক্রুদ্ধো লক্ষাণং শুভলক্ষণম্ ।
বিব্যাধ নিশিতৈঃ ষড় ভিঃ সার্থিঞ্চ ত্রিভিঃ শরৈঃ ॥৩৩॥
তথৈব লক্ষাণো রাজন্ । সোভদ্রং নিশিতেঃ শরৈঃ ।
অবিধ্যত মহারাজ ! তদদ্ভুতমিবাভবৎ ॥৩৪॥
তস্থাশ্বাংশ্চতুরো হত্বা সার্থিঞ্চ মহারথঃ ।
অভ্যদ্রবত সোভদ্রো লক্ষাণং নিশিতেঃ শরৈঃ ॥৩৫॥
হতাথ্যে তু রথে তিষ্ঠল্ল ক্ষাণঃ পরবীরহা ।
শক্তিং চিক্ষেপ সংক্রুদ্ধঃ সোভদ্রস্থ রথং প্রতি ॥৩৬॥

ভাবতকোমুদী

তদিতি। শঙ্গণো কুর্ব্যোধনপুত্রঃ। সাস্বতী স্মৃতদ্রা ডম্ভাঃ পুত্রমভিমন্ত্রাম্ ॥৩২॥

অভীতি৷ শুভানি শুভস্চকানি শক্ষণানি করচবণয়োধ্ব জবজ্ঞাদিচিহ্নানি যস্ত তম্ ॥০০॥

তথেতি। তদত্তভমিবাভবৎ, মহাবীরস্থাভিমন্তোরপি পীভনাদিতাশ্বঃ ১০৪॥

তত্মেতি। চতুরশ্চতু:সংখ্যকান্। অভ্যন্তবত সমন্দ্রং ॥৩৫॥

ভারতভাবদীপঃ

বিরাট ইতি ॥১—৩১॥ সাত্তীপুত্রম্ অভিমন্ত্যম্ ॥৩২—৪৩॥ ইতি শ্রীমহাভারতে জীমপর্বাণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে হিনপ্ততিভয়োহধ্যারঃ ॥৭২॥

বিনাশ কবিতে থাকিষা তিনি বিশেষ শোভা পাইতে থাকিলেন। তখন আপনার পুত্রের। তাঁহাব সেই কার্য্য দেখিষা তাঁহাকে পরিবেফীন করিলেন॥৩০—৩১॥

নবনাথ ৷ অভিমন্মাৰ দেই কাৰ্য্য দেখিয়া আপনাৰ পোত্ৰ লক্ষ্মণ সত্বর যুদ্ধে অভিমন্মাৰ দিকে ধাৰিত হইলেন ॥৩২॥

তখন অত্যন্ত ক্ৰুদ্ধ অভিমন্য ছবটা তীক্ষ বাণদ্বাবা শুভলক্ষণ লক্ষ্মণকে এবং তিনটা তীক্ষ বাণদ্বারা তাঁহাৰ সার্যধিকে বিদ্ধ কবিলেন ॥৩৩॥

রাজা! লক্ষ্মণণ্ড সেইব্রপই বহুতব নিশিত শবদ্বাবা অভিসম্মুকে বিদ্ধ করিলেন। মহাবাজ। সে ব্যাপারটা যেন অদ্ভূত বলিয়া বোধ হুইল ॥৩৪॥

পবে মহাবথ অভিমন্মা বহুতর তীক্ষ বাণদ্বাবা লক্ষ্যণেব চাবিটা অশ্বকে ও সার্থিকে বধ কবিয়া লক্ষ্যণকেও পীড়ন কবিলেন ॥৩৫॥

⁽৩¢)···সারথিঞ্চ মহাবলঃ—রা নি।

তামাপতন্তীং সহসা ঘোররূপাং দুরাসদাম্।
অভিমন্ত্যঃ শরৈন্তীক্ষৈশ্চিচ্ছেদ ভুজগোপমাম্॥৩৭॥
ততঃ স্বরথমারোপ্য লক্ষণং গৌতমস্তদা।
অপোবাহ রথেনাজো সর্ববিদয়স্থ পশ্যতঃ॥৩৮॥
ততঃ সমাকুলে তন্মিন্ বর্তুমানে মহাভয়ে।
অভ্যদ্রবন্ জিঘাংসন্তঃ পরস্পারবধৈষিণঃ॥৩৯॥
তাবকাশ্চ মহেম্বাসাঃ পাওবাশ্চ মহারথাঃ।
জুহবতঃ সমরে প্রাণান্ নিজন্মুরিতরেত্রম্॥৪০॥
মুক্তকেশা বিকবচা বিরথাশ্ছিমকার্ম্মকাঃ।
বাহুভিঃ সমযুধ্যন্ত সঞ্জয়াঃ কুরুভিঃ সহ॥৪১॥

ভারতকোমুদী

হতেতি। পরবীবহা বিপক্ষবীরহস্তা। সৌভদ্রশাভিমফো: ॥০৬॥
তামিতি। আপতন্তীমাগচ্ছস্তীন্। ভুজগোপমাং বৃহৎসর্পতৃল্যান্ ॥০৭॥
তত ইতি। গৌতমঃ কুপ:। অপোবাহ অপনিনাম, আজৌ বৃদ্ধে ॥০৮॥
তত ইতি। তত্মিন্ যুদ্ধে। জিঘাংসস্তো বিষেষবস্তঃ ববৈধিব ইত্যভিধানাৎ ॥০৯॥
তাবকা ইতি। জুহ্বত আছতিবিষয়ান্ কুর্বন্তঃ, সমরে অনলকপে ॥৪০॥
মুজেতি। অত্ত কার্যুকপদং সর্বাস্তোপলক্ষণন্ ॥৪১॥

তখন বিপক্ষবীবহস্তা লক্ষাণ অত্যস্ত ক্রুদ্ধ হইযা সেই হতাশ্ব রথে থাকিযাই অভিমন্ত্যুব বথেব দিকে একটা শক্তি নিক্ষেপ কবিলেন ॥৩৬॥

সর্পেব তুল্য দীর্ঘ, ভযঙ্করাকৃতি ও তুর্দ্ধর্য সেই শক্তিটা আসিতে লাগিলে, অভিমন্যু অনেক তীক্ষ বাণদ্বাবা সেটাকে কাটিয়া ফেলিলেন ॥৩৭॥

তাহাব পর কৃপাচার্য্য লক্ষ্মণকে আপন বথে তুলিয়া লইয়া সমস্ত সৈন্ত্যেব সমক্ষে তথনই বথারোহণে অপস্থত হইলেন ॥১৮॥

তৎপবে সেই সঙ্কুল ভযঙ্কব যুদ্ধ চলিতে লাগিলে, পবস্পাৰবিদ্বেষী উভয় পক্ষেব সৈন্মেরা পরস্পাব বধৈষী হইয়া ধাবিত হইতে লাগিল ॥৩৯॥

আপনার পক্ষেব মহাধনুর্দ্ধবেরা এবং পাগুরপক্ষেব মহাবথেবা সমরানলে প্রাণ আহুতি দিতে থাকিয়া প্রস্পর সংহার কবিতে থাকিলেন ॥৪০॥

স্ফ্রবেবা মৃক্তকেশ, কবচবিহীন, বথশূন্য এবং অন্ত্রবহিত হইষা বাহুদ্বাবা<u>ই</u> কৌববগণেব সহিত যুদ্ধ কবিতে লাগিলেন ॥৪১॥

⁽৪॰)---জুহবন্তঃ দমবে--রা নি।

ততো ভীম্মো মহাবাহুঃ পাণ্ডবানাং মহাত্মনাম্।

সেনাং জঘান সংক্রুদ্ধো দিব্যৈরস্ত্রৈর্মহাবলঃ ॥৪২॥

হতেশ্ববৈর্গজৈন্তত্ত্ব নরৈবদৈশ্চ পাতিতৈঃ।

রথিভিঃ সাদিভিশ্চৈব সমাস্তীর্য্যত মেদিনী ॥৪৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীম্মপর্ববিশি
ভীম্মবধে পঞ্চমদিবসমুদ্ধে দ্বন্দ্বযুদ্ধে দ্বিসপ্ততিত্তমোহধ্যায়ঃ ॥০॥ #

ত্রিসপ্ততিতমো২ধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

অথ রাজন্ । মহাবাহুঃ সাত্যকির্যুদ্ধদুর্গ্ধদঃ। বিক্লম্ম চাপং সমরে ভারসাহযকুত্তমম্ ॥১॥ প্রামুঞ্চ পুশ্বসংযুক্তান্ শরানাশীবিষোপমান্। প্রগাঢ়ং লঘু চিত্রঞ্চ দর্শয়ন্ হস্তলাঘবম্ ॥২॥ (যুগ্মকম্)

ভাবভকৌমুদী

তত ইতি। দিব্যৈরলৌকিকৈঃ ব্রান্ধাদিতিঃ ॥ ৪২॥
ছতেতি। হতেখবৈর্হতরক্ষকৈঃ। সাদিভিরখারোহিভিঃ ॥ ৪০॥
ইতি মহামহোপাধ্যাদ্ধ-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাষাং মহাভারতটীকাদ্ধাং ভারতকৌমূদীসমাধ্যাষাং ভীত্মপর্ক্ষণি
ভীন্মবধে দ্বিসপ্ততিতমোহধ্যাদ্ধঃ ॥ । ॥

অথেতি। ভারং সাজিশবমাকর্ষণং সহত ইতি ভারসাহং কর্মণ্যণ, ন বিছতে উত্তমং যন্মান্তং। প্রগাদমতিদৃদন, লঘু জতম্, চিত্রমাশ্চর্যার্ঞ বথা স্থাত্তথা ॥১—২॥

তদনম্ভব মহাবাহু ও মহাবল ভীষ্ম অত্যন্ত ক্রুদ্ধ হইয়া অলোকিক অন্ত্রদ্বাবা মহাক্সা পাণ্ডবগণেব সৈশ্য সংহার কবিতে থাকিলেন ॥৪২॥

তখন রক্ষক নিহত হওযায নিপাতিত হত্তী, পদাতি, অশ্ব, রথী ও অশ্বাবোহীদারা সমবভূমি আহত হইযা গেল" ॥৪৩॥

^{* &#}x27; ত্রিসপ্ততিতমোহধ্যায়:'—বা ব বা নি। (১) তারসাধনমূত্রমন্—পি বা। (২) প্রকাশং লঘু—পি।

তস্থ বিক্ষিপতশ্চাপং শরানভাংশ্চ মুঞ্চঃ।
ভাদদানভা ভূয়শ্চ সন্দধানভা চাপরান্॥৩॥
ক্ষিপতশ্চ পরাংস্কভা রণে শত্রন্ বিনিম্নতঃ।
দদৃশে রূপমত্যর্থং মেঘন্ডেব প্রবর্ষতঃ॥৪॥ (য়ুয়কম্)
তমুদীর্য্যন্তমালোক্য রাজা ছুর্য্যোধনস্ততঃ।
রথানামর্তং তস্ত প্রেষয়ামাস ভারত!॥৫॥
তাংস্ত সর্বান্ মহেষাসান্ সাত্যকিঃ সত্যবিক্রমঃ।
জ্বান পরমেষাসো দিব্যেনাস্ত্রেণ বীর্য্যবান্॥৬॥
স কৃত্বা দারুণং কর্ম প্রসূহীতশরাসনঃ।
আসসাদ ততো বীরো ভূরিপ্রবসমাহবে॥৭॥

ভাবতকৌমুদী

তত্ত্বেতি। বিক্ষিপত আকর্ষতঃ। ন্বপং বীরসৌন্দর্য্য ॥৩—৪॥ তমিতি। উদীর্যান্তম্ উদীর্ণবিক্রমন্। তত্ত্ব সাত্যকের্নিবারণার ॥৫॥

তানিতি। ইয়ন বাণান অস্তম্ভি ক্ষিপজ্যেভিরিতি ইম্বাসা ধন্ংবি মহান্ত ইম্বাসা বেষাং তান্ মহাধন্নব্ধিরানিভার্থ:। এবং পরমেধাসোহিপি। দিব্যেনালোকিকেন ॥৬॥

স ইতি। দারুণং কর্ম দশসহস্রযোদ্ধবধরূপং ভযক্কবং কার্য্যম্ ॥৭॥

সঞ্জয বলিলেন—"বাজা! তাহার পব মহাবাহু ও যুদ্ধহুর্দ্ধর্য সাত্যকি, গুকতরাকর্ষণসহকাবী অত্যুৎকৃষ্ট ধন্ম আকর্ষণ করিয়া কবিয়া লঘুহস্ততা দেখাইতে থাকিয়া যুদ্ধে স্থান্চ, ক্রত ও বিচিত্রভাবে পুঙ্খযুক্ত বৃহৎসর্পত্রন্তা বাণ সকল নিক্ষেপ কবিতে লাগিলেন ॥১—২॥

তিনি যখন ধনু আকর্ষণ, বাণক্ষেপ, পুনবায় অশু বাণ গ্রহণ, অপব বাণ সন্ধান, তদ্তিন্ন বাণ ক্ষেপ এবং যুদ্ধে শত্রু সংহার করিতেছিলেন, তখন বাবিবর্ষণকাবী মেঘেব স্থায় তাঁহাব অত্যন্ত বীবশোভা সকলে দেখিতে লাগিল ॥৩—৪॥

ভবতনন্দন। তাহাব পব বাঙ্চা তুর্য্যোধন সাত্যকিব বিক্রম বৃদ্ধি পাইতে দেখিযা তাঁহাকে বাবণ করিবার জন্ম দশসহস্র বখী প্রেবণ কবিলেন ॥৫॥

তখন যথার্থবিক্রমশালী, মহাধনুর্দ্ধব ও বলবান্ সাত্যকি অলোকিক অন্ত্রদ্বাবা সেই সবল মহাধনুর্দ্ধবকে সংহাব করিলেন ॥৬॥

মহাবীব সাত্যকি সেই দাকণ কাৰ্য্য করিয়া ধনু ধারণপূর্ববক ভূরিশ্রবাব সম্মুখে উপস্থিত হইতে লাগিলেন ॥৭॥

⁽⁸⁾ ক্ষিপতশ্চ পরাংস্তূর্ণমৃ···পি, ক্ষিপতশ্চ শরাংস্ক্স—বা।

স হি সংদৃশ্য সেনাং তাং যুযুধানেন পাতিতাম্।
অভ্যধাবত সংক্রুদ্ধঃ কুরূণাং কীর্ত্তিবর্দ্ধনঃ ॥৮॥
ইন্দ্রায়ুধসবর্ণস্ত স বিক্ষার্য্য মহদ্ধকুঃ।
ব্যস্তজ্বজ্ঞসঙ্কাশান্ শরানাশীবিষোপমান্ ॥৯॥
সহস্রশো মহারাজ! দর্শরন্ পাণিলাঘবম্।
শরাংস্তান্ মৃত্যুসংস্পর্শান্ সাত্যকেস্ত পদাকুগাঃ ॥১০॥
ন বিষেত্তজা রাজন্। ত্রুদ্রুদ্রে সমস্ততঃ।
বিহায় সমরে রাজন্! সত্যকিং যুদ্ধতুর্মাদম্ ॥১৯॥ (বিশেষকম্)
তং দৃষ্ট্বী যুযুধানস্থ স্থতা দশ মহাবলাঃ।
মহারথাঃ সমাধ্যাতাশ্চিত্রবর্শ্মাযুধধকাঃ ॥১২॥
সমাসাত্য মহেষাসং ভূরিপ্রবসমাহবে।
উচুঃ সর্ধ্বে স্থসংরন্ধা যুপকেভুং মহারণে ॥১৩॥ (যুগ্মকম্)

ভাৰতকোমুদী

স ইতি। সভূরিশ্রবা:। যুষ্ধানেন সাত্যকিনা ॥॥

ইন্দ্রেতি। ইন্দ্রাযুগক্ত ইন্দ্রধক্তমঃ সর্বর্ণং সমানবর্ণম্, স ভ্রিপ্রবাঃ। যুজ্যোরিব সংস্পর্শো যেবাং তান্, পদাশ্রগা অন্তরা যোদ্ধারঃ। ছুদ্রুবুং পদারাঞ্চক্রিরে ॥৯—১১॥

তমিতি। তং ভূরিপ্রবসম্। যুপঃ কেতে ধ্বজে যন্ত তং ভূরিপ্রবসম্॥১২—১৩॥

তখন কুকবংশের কীর্ত্তিবৰ্দ্ধন ভূবিশ্রবাণ্ড সেই কৌববসৈগ্রগুলিকে সাত্যকিকর্তৃক নিপাতিত দেখিয়া অত্যস্ত ক্রুদ্ধ হইয়া সাত্যকিব প্রতি ধাবিত হইলেন ॥৮॥

